The Most Circulated Bengali Newspaper in North America | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত



# সাপ্তাহিক আজকাল



The Weekly Ajkal ◆ Vol.13, Issue 655 ◆ 02 April 2021 ◆ শুক্রবার ১৭ চৈত্র ১৪২৭ ◆ www.ajkalnewyork.com

টেনিস সেনসেশন সানিয়া মির্জার বায়োপিক : পৃষ্ঠা ২৭

সাহিত্য সাময়িকীতে গল্প, কবিতা, নিবন্ধ : পৃষ্ঠা ১৪-১৫

সমকালীন বিভিন্ন বিষয়ে লেখা ও কলাম : পৃষ্ঠা ৫-৯

আবারও ফিল্মফেয়ার অ্যাওয়ার্ডস পেলেন জয়া : পৃষ্ঠা ৪৪

# ২ ট্রিলিয়ন ডলারের নতুন প্যাকেজ

## কর্মসংস্থান ও অবকাঠামো উন্নয়নে বাইডেনের প্রস্তাব

**আজকাল রিপোর্ট**

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর আমেরিকায় সবচেয়ে বড় অবকাঠামো উন্নয়নের ঘোষণা দিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। যুক্তরাষ্ট্রের অর্থনীতিকে ঢেলে সাজাবার লক্ষ্যে বাইডেন গত বুধবার ২ ট্রিলিয়ন ডলারের এই প্যাকেজ প্রস্তাব পেশ করেছেন। দেশের কর্মসংস্থান ও অবকাঠামোগত উন্নয়নে প্রেসিডেন্টের এই উদ্যোগকে কয়েক জেনারেশনের মধ্যে সবচেয়ে তাৎপর্যপূর্ণ ও সুদূরপ্রসারী একটি অভ্যন্তরীণ বিনিয়োগ হিসেবে অভিহিত করা হচ্ছে। প্রেসিডেন্ট জো বাইডেন বলেছেন, ২ ট্রিলিয়ন ডলারের এই ফেডারেল কর্মসূচিতে অর্থনৈতিক চাঞ্চল্য ও ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি হবে বলে। জনগণকে সরাসরি সহযোগিতা দেওয়ার আরেকটি পরিকল্পনাও তিনি কয়েক সপ্তাহের মধ্যেই ঘোষণা করবেন বলেও জানিয়েছেন।

এদিকে, করোনার সংক্রমণ পুরোপুরি নিয়ন্ত্রণে না আসা পর্যন্ত আমেরিকার জনগণকে নিয়মিত নগদ অর্থ সহযোগিতা দেওয়ার আহ্বান জানিয়েছেন ২১ ↘ এরপর ১০ পৃষ্ঠায়



বুধবার পেনসিলভেনিয়ার পিটাসবার্গে বক্তব্য রাখেন প্রেসিডেন্ট জো বাইডেন *ছবি: এপির সৌজন্যে*

# নিউইয়র্কে টিকা পাবে ১৬ বছর বয়সীরাও

**আজকাল রিপোর্ট**

নিউইয়র্কে ষোল বছর বয়সীরাও এখন করোনার টিকা নিতে পারবেন। ইতোমধ্যে ৩০ মার্চ থেকে ত্রিশ বছরের বেশি বয়সীরা টিকা নিতে শুরু করেছেন। আগামী ৬ এপ্রিল থেকে ষোল বছর বয়সীরা করোনার টিকা গ্রহণ করতে পারবেন। তারা টিকার জন্য সময়সূচি নিতে পারবেন বলে নতুন নির্দেশনায় বলা হয়েছে। ২৯ মার্চ গভর্নর অ্যান্ড্রু ক্যুমো এ নির্দেশনা জারি করে বলেছেন, হোয়াইট হাউস ঘোষিত আগামী ১ মের ↘ এরপর ৩৪ পৃষ্ঠায়

## যুক্তরাষ্ট্র প্রবাসীদের হোম কোয়ারেন্টাইন বাধ্যতামূলক

# বাংলাদেশ ভ্রমণে নতুন নির্দেশনা

**আজকাল রিপোর্ট**

বাংলাদেশে করোনা সংক্রমণ বেড়ে যাওয়ায় প্রবাসীদের দেশে ভ্রমণের ক্ষেত্রে নতুন নির্দেশনা জারি করা হয়েছে। নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল সাদিয়া ফয়জুননেসা জানিয়েছেন, যুক্তরাষ্ট্রে অবস্থানকারী প্রবাসীরা দেশে গেলে বাধ্যতামূলক ১৪ দিনের হোম কোয়ারেন্টিন করতে হবে। নিউইয়র্ক কনস্যুলেট থেকে পাঠানো জরুরি বিজ্ঞপ্তিতে বলা হয়, যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশে ভ্রমণকারী প্রত্যেকের জন্য ৭২ ঘণ্টার





মধ্যে পূর্ব নির্ধারিত পিসিআর টেস্ট বাধ্যতামূলক। যাত্রীর ভ্যাক্সিন দেয়া থাকলেও একই নিয়ম প্রযোজ্য হবে। তবে কেউ যদি বাংলাদেশে যাওয়ার পূর্বে তৃতীয় কোনো দেশে ট্রানজিটের সময় বহি:র্গমন করেন তাহলে সেই ভ্রমণকারীর নেগেটিভ পিসিআর টেস্টের ফলাফল আর কার্যকর থাকবে না। তাকে আবার পিসিআর টেস্ট দিয়ে বিমানে উঠতে হবে। হবে। এছাড়া বাংলাদেশে পৌছার পর ভ্রমণকারীর প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষা হবে। এতে যদি কারো মধ্যে করোনার কোনো উপসর্গ না থাকে তাহলে তাকে ↘ এরপর ১০ পৃষ্ঠায়

# যুক্তরাষ্ট্রে আবারও করোনা সংক্রমণ বাড়ায় উৎকণ্ঠা

**আজকাল রিপোর্ট**

যুক্তরাষ্ট্রে আবারও করোনা ভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়ছে। এক সপ্তাহ ধরে সংক্রমণ বেড়ে যাওয়ার এই ঘটনায় স্বাস্থ্যসেবীদের মধ্যে নতুন করে উদ্বেগ-উৎকণ্ঠা দেখা দিয়েছে। যুক্তরাষ্ট্রের স্বাস্থ্যসেবীরা বলছেন, করোনার সংক্রমণ থেকে পুরোপুরি বেরিয়ে আসা এখনো সুদূরপরাহত। তাই তাঁরা জনগণকে সতর্ক থাকতে বলেছেন।

গত সাত দিনে যুক্তরাষ্ট্রে গড়ে ৭০ হাজার লোককে নতুন করে ↘ এরপর ৩৪ পৃষ্ঠায়

# হাসিনাসহ ৪০ বিশ্বনেতাকে বাইডেনের আমন্ত্রণ





**আজকাল রিপোর্ট**

জলবায়ু সংকট নিয়ে আলোচনার জন্য একটি ভার্চুয়াল সম্মেলনে অংশ নিতে ৪০ জন বিশ্ব নেতাকে আমন্ত্রণ জানিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। শুক্রবার হোয়াইট হাউজের এক বিবৃতিতে জানানো হয়েছে আমন্ত্রিতদের মধ্যে রয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন এবং চীনা প্রেসিডেন্ট শি জিনপিং। প্যারিস চুক্তিতে ↘ এরপর ৩৪ পৃষ্ঠায়

# ইমিগ্রেশনে ধোঁয়াশা কাটছে না

## যুক্তরাষ্ট্র প্রবেশে শিশুদের ভাড়া দিচ্ছে দালাল চক্র

**আজকাল রিপোর্ট**



সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের অভিবাসন ব্যবস্থায় যে আমূল পরিবর্তন এনেছিলেন তা কাটিয়ে উঠতে হিমশিম খেতে হচ্ছে অভিবাসী-বান্ধব জো বাইডেন প্রশাসনকে। প্রেসিডেন্ট বাইডেন ক্ষমতা গ্রহণের পর বিভিন্ন পদক্ষেপ নিলেও অনেক ক্ষেত্রে এখনও ধোঁয়াশা কাটছে না। তাই প্রেসিডেন্ট বাইডেনের অভিবাসন ইস্যু নিয়ে অধিকাংশ আমেরিকানই বিরক্ত। ইউএস-মেক্সিকো সীমান্তে প্রতিদিন হাজারো বিদেশির ভিড় এবং শিশুদের ↘ এরপর ৩৪ পৃষ্ঠায়

# বাংলাদেশ ব্যাংকে আবারও সাইবার হামলা



**ঢাকা অফিস**

বাংলাদেশ ব্যাংকে আবারও সাইবার হামলা চালিয়েছে আন্তর্জাতিক হ্যাকার গ্রুপ। সেই সাথে সাইবার হামলার শিকার হয়েছে দেশের দুই শতাধিক প্রতিষ্ঠান। এরমধ্যে সরকারি, বেসরকারি আর্থিক ও অন্যান্য প্রতিষ্ঠান রয়েছে। সাইবার হামলা তদন্তে গঠিত সরকারি সংস্থা বিডি সার্টের প্রতিবেদনে এ তথ্য উঠে ↘ এরপর ৩৪ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
‘মার্কস্ হোম কেয়ার’-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

ডিজিটাল ওয়ান দিচ্ছে সর্বোচ্চ রেট, 1 ডলার=85.10 টাকা
সবচেয়ে কমদামে এয়ার টিকিট কল করুন: ৭১৮-৩৯৬-৪৮৯০

Arafa Travel and Tours
Arafa Travels has provided Umrah services for 20 years,
● সর্বনিম্ন দামে এয়ার টিকেট যেকোন রুটে ● হজ ও ওমরা শেষে বাংলাদেশে যাওয়ার ব্যবস্থা ● ওমরাহ হজ এর সঠিক তথ্য জানতে যোগাযোগ করুন
MINISTRY OF HAJJ KINGDOM OF SAUDI ARABIA AUTHORIZED AGENT FOR HAJJ AND UMRAH
২০২১ সালের পবিত্র হজ এর বুকিং চলছে
70-50 Broadway, Jackson Heights, NY 11372. PH: 718 -777-8744

FORTUNE TAX SOLUTIONS INC.
Tax I Bookkeeping
Payroll I Immigration
AUTHORIZED IRS e-file PROVIDER
37-15, 73rd Street, Suite # 207A
Jackson Heights, NY 11372.
(Bangladesh Plaza, 2nd Floor)
Ph: (929) 302-5686
Email: fortunetaxinc1@gmail.com
NOTARY PUBLIC
Feroz Hossain
President & CEO
Honor's & Masters in Accounting (BD)
Cost & Management Accountants (ICMA) Part 3 (BD)
Your Success is Our Business, We Grow by Our Client Referral

AMBA JEWELERS
22K--24K Gold Jewellery, Diamond Jewellery, Kundan Jewellery
Your Satisfaction Our Guarantee
AMBA JEWELERS
37-13 74th Street Jackson Heights, NY 11372
Phone: 718-639-2300
www.ambajeweler.com, e-mail: info@ambajewelers.com

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $12.99
রেগুলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb (হোল)
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

ইউনাইটেড এস্টোরিয়া হালাল লাইভ পোলট্রি
একমাত্র অর্গানিক চিকেন সরবরাহকারী প্রতিষ্ঠান
আমেরিকার সর্বপ্রথম হালাল লাইভ পোলট্রি
১০টি কালার (রেড/গ্রে) চিকেন কিনলে ফ্রি ২টি কালার চিকেন অথবা ৪টি রেড হার্ড চিকেন
৬টি কালার (রেড/গ্রে) চিকেন কিনলে ফ্রি ১টি কালার চিকেন অথবা ২টি রেড হার্ড চিকেন
FREE DELIVERY
পরিষ্কার পরিচ্ছন্নতায় সবার শীর্ষে
জীবন্ত ছাগল ও ভেড়া বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান।
36-21 31st Street, Astoria, NY 11106
N W Train to 36 Ave station-এর ঠিক নীচে।
Ph: 718-729-1445, 917-396-4011, 718-433-2160
• We Accept EBT, Master Cards, Visa, Discover, Amex etc.
• Open 7 days a week.
• 10 AM - 8:00 PM
• We take order over phone

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
President & CEO

মেডিকেইড অনুমোদিত CDPAP-এর আওতায় আপনার পছন্দসই প্রিয়জনের মাধ্যমে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা গ্রহন করুন এবং উক্ত ব্যক্তিকে আকর্ষণীয় সাপ্তাহিক উপার্জনের সুযোগ করে দিন।

সার্টিফিকেটের প্রয়োজন নেই।
No Certificate Necessary.



CDPAP গ্রাহকদের জন্য সুখবর!!
Good News for CDPAP Clients!

আমরা CDPAP এর নূতন গ্রাহক এবং এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।
We Welcome Agency Transfers and New CDPAP Clients.

আমাদের সাথে CDPAP সার্ভিস অপরিবর্তিত থাকবে
With us CDPAP Services will continue uninterrupted.

MHC
Marks Home Care
মার্কস্ হোম কেয়ার
E-mail : info@markshhc.com | www.markshhc.com

FOLLOW US ON
@markshomecareofficial @markshomecareofficial
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

বিস্তারিত জানতে কল করুন 718-697-7717

★★★★ আমাদের নতুন অফিস : 1232 VIRGINIA AVE, BRONX, NY 10472 ★★★★

| Bronx | Bronx | Brooklyn | Brooklyn |
|---|---|---|---|
| 1514 Castle Hill Ave Bronx NY 10462 | 1232 Virginia Ave Bronx NY 10472 | 413 Bay Ridge Ave Brooklyn NY 11220 | 219 Church Ave Brooklyn NY 11218 |
| Brooklyn | Brooklyn | Queens | Queens |
| 1122 Coney Island Ave Suite 220 (2nd fl.) Brooklyn, NY 11230 | 1208 Liberty Ave Brooklyn NY 11208 | 40-04 Junction Blvd Corona NY 11368 | 1032 Beach 20th St. Far Rockway NY 11691 |
| Queens | Queens | Hicksville | Buffalo |
| 37-20 74th Street Jackson Heights NY 11372 | 148-37 Hillside Ave Jamaica NY 11435 | 217 Bethpage road Hicksville NY 11801 | 1049 Broadway St. Suite # 4 Buffalo, NY 14212 |

★ শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। ★

ডকুমেন্টারি
সংগীত
চলচ্চিত্র
সংবাদ
সংস্কৃতি
ব্যবসা বাণিজ্য
সংস্কৃতি
খেলাধুলা
রাজনীতি
চলচ্চিত্র
লাইফস্টাইল
নৃত্য
নাটক
ডকুমেন্টারি
সংবাদ
রাজনীতি
সংগীত
ব্যবসা বাণিজ্য

যা কিছু চাই, সব একই পর্দায়

খুব শীঘ্রই আসছে...

iB TV USA

বাংলা বিশ্বময়

www. ibtvusa.com

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic



আমরা ৭ দিনই খোলা
সকাল ৯টা থেকে রাত ৯টা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

## সম্পাদকীয়

# মোদির বিরুদ্ধে হেফাজতের আন্দোলনের রহস্য কি?

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে অতিথি হিসাবে আসা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে হেফাজতে ইসলামের আন্দেলন আমাদের অনেক প্রশ্নের মুখোমুখি করেছে। যেহেতু প্রবাস জীবনে দেশের মূল ধারা থেকে বিচ্ছিন্ন তাই নেপথ্যের অনেক তথ্য থেকে আমরা বঞ্চিত। ঘটনার অন্তরালের খবর অজানা থেকে যায়। সব সময় বোধগম্য হয়না কোথায় কি ঘটছে, কেন ঘটছে, কারাই বা ঘটাচ্ছে। বাস্তবিকই হেফাজতের এই আন্দোলন, যা কিনা তান্ডবে পরিণত হয়েছিল, তার ব্যাখ্যা কি? মোদির সফরের বিরোধিতায় কেন এই 'হুজুররা' রাস্তায় নামলেন? মাদ্রাসার বাচ্চাদের হাতে লাঠি তুলে দিয়ে তাদেরকে কেন পুলিশী গুলির মুখে এগিয়ে দিলেন? কেন তারা মোদি বিরেধিতার নামে মানুষের বাড়িঘর, বসতবাটিতে হামলা চালিয়ে ধ্বংসলীলায় লিপ্ত হলেন? সাংস্কৃতিক প্রতিষ্ঠান, বঙ্গবন্ধুর ম্যুরাল, ওস্তাদ আলাউদ্দিন খাঁর স্মৃতি সংরক্ষণাগার কেন তাদের হামলার লক্ষ্যবস্তুতে পরিণত হলো? এই প্রবাসে বসে এর ব্যাখ্যা খুঁজে চলেছি, এখনও জবাব পাইনি।

> খোদ ভারতীয় পর্যবেক্ষকরা বলছেন বাংলাদেশে মৌলবাদী মুসলমানদের মোদি বিরোধী এই আন্দোলন ভারতে বিশেষ করে পশ্চিমবঙ্গের নির্বাচনে তাকে হিন্দুত্ববাদী নেতা হিসাবে হিন্দু সম্প্রদায়ের কাছে দৃঢ় অবস্থান দিয়েছে। এটা নাকি একটা হিসাবের খেলা। সেই খেলাটাই কি খেললো হেফাজত? কিন্তু কার ইঙ্গিতে?

হেফাজতে ইসলাম তো কোন রাজনৈতিক দল নয়। একটি ধর্মীয় সংগঠন, এবং মৌলবাদী। তাদের সংগঠনের সাইনবোর্ডই বলে দেয়, ধর্মচর্চা তাদের কাজ, ধর্মীয় ইস্যু নিয়েই তাদের মুখ খোলার কথা। কিন্তু তারা এই সীমিত পরিসরে সীমাবদ্ধ থাকছে না। তারা নানা সুযোগে রাজনৈতিক অঙ্গনে পা বাড়াচ্ছে।

মোদির সফরের বিরেধিতা তো একটা রাজনৈতিক বিষয়। গুজরাটে মুসলিম হত্যাযজ্ঞের জন্য 'কসাই' হিসাবে নিন্দিত, ভারতে হিন্দুত্ববাদ প্রতিষ্ঠার অগ্রসৈনিক, সর্বোপরি মুসলিম প্রধান বাংলাদেশের প্রতি বৈরিভাবাপন্ন নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরের বিরেধিতা তো বাংলাদেশের মানুষ করতেই পারে। এই বিরোধিতা রাজনৈতিকভাবে হওয়াটাই বাঞ্ছনীয়। কিন্তু কোন রাজনৈতিক দলের কোন কর্মসূচি দেখা গেল না। প্রগতিশীল একটি মহল এবং ছাত্রদের একটি অংশ চেষ্টা করেছিল রাস্তায় নামতে। কিন্তু তারা দাঁড়াতে পারেনি। তাদেরকে মেরে রক্তাক্ত করে দেয়া হয়েছে। বিরোধী দল রাস্তায় নামতে পারে না।

কিন্তু হেফাজতে ইসলাম পেরেছে। কেমন করে পারল সেটাই প্রশ্ন। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে মোদিকে বাংলাদেশে আমন্ত্রণ জানাবার সরকারি সিদ্ধান্ত তো অনেক আগের। তখন হেফাজত এই সিদ্ধান্তের প্রতিবাদ করেছিল এমন কিছু আমাদের জানা নেই। বরঞ্চ যে তথ্য আমরা জানি তা হেফাজতের আজকের ভূমিকার সম্পূর্ণ বিপরীত। ২০১৫ সালে বাংলাদেশে মোদির প্রথম সফরের সময় হেফাজত তাকে স্বাগত জানিয়েছিল। শুধু স্বাগত জানিয়েই ক্ষান্ত থাকেনি, তার সাথে সাক্ষাৎ করে তাকে পুষ্পমাল্যে ভূষিত করেছিল, তার সাথে হাত মিলিয়ে তার পাশে বসে সহাস্য বদনে ছবি তুলেছিল। আজকের আন্দোলনের নেতা মামুনুল হক ও অন্য নেতাদের পাশাপাশি ঘনিষ্ঠ হয়ে বসা মোদির ছবি তখনকার সংবাদপত্রে ছাপা হয়েছিল। তাহলে আজ কেন মোদির বিরুদ্ধে তাদের ক্ষোভ? আজকের যে মোদি সেদিনও তো সেই মোদিই ছিলেন। তখনও তো তিনি 'গুজরাটের কসাই' নামেই কুখ্যাত ছিলেন। এ রহস্যের জবাব কি?

এটা তো সর্বজনবিদিত যে বর্তমান আওয়ামী লীগ সরকার হেফাজতের সাথে একটা সুসম্পর্ক বজায় রেখে চলছে। শাপলা চত্বরে হেফাজতের সেই বহুল আলোচিত সমাবেশ ব্যর্থ করে দেয়ার পর সরকার তাদের সাথে সমঝোতা প্রতিষ্ঠা করে। অভিযোগ আছে, হেফাজতকে খুশি করতেই মাদ্রাসা শিক্ষাকে বিশ্ববিদ্যালয়ের সমমানের মর্যাদা দেয়া হয়েছে, পাঠ্যপুস্তকে পরিবর্তন করা হয়েছে, মৌলবাদী ধারায় আরো পদক্ষেপ নেয়া হচ্ছে। হেফাজতও প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আনগত্য পকাশ করে তাকে সংবর্ধনা প্রদান করেছে এবং তাকে 'কওমি জননী' উপাধীতে ভূষিত করেছে। সরকারের সাথে এমন মধুর সম্পর্কের মধ্যে হেফাজতের হঠাৎ এই ভূমিকা কেন? খোদ ভারতীয় পর্যবেক্ষকরা বলছেন বাংলাদেশে মৌলবাদী মুসলমানদের মোদি বিরোধী এই আন্দোলন ভারতে বিশেষ করে পশ্চিমবঙ্গের নির্বাচনে তাকে হিন্দুত্ববাদী নেতা হিসাবে হিন্দু সম্প্রদায়ের কাছে দৃঢ় অবস্থান দিয়েছে। এটা নাকি একটা হিসাবের খেলা। সেই খেলাটাই কি খেললো হেফাজত? কিন্তু কার ইঙ্গিতে?

# মোদীর হিন্দুত্বের আড়ম্বর এবং মুক্তিযুদ্ধ নিয়ে মিথ্যাচার

### সুব্রত বিশ্বাস



বাংলাদেশ সফর করে গেলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী। তার এই সফর হয়ে উঠেছিল ঘটনাবহুল। বাংলাদেশ প্রতিষ্ঠার পঞ্চাশ বছর উদযাপনের সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ পালন অনুষ্ঠানে যোগ দিতে এসেছিলেন নরেন্দ্র মোদী। ভারত-বাংলাদেশ সম্পর্কের উন্নতির পক্ষে বক্তৃতাও দিয়েছেন তিনি। কোভিড পরিস্থিতির মধ্যে তাঁর প্রথম বিদেশ সফরের সঙ্গে পশ্চিমবঙ্গে ভোটের সম্পর্ক নিয়েও যথেষ্ট জোরালো আলোচনা হচ্ছে পর্যবেক্ষক মহলে্।

মোদীর বাংলাদেশে আসার দিন শুক্রবারেই হেফাজত-জামায়াত সহ বিভিন্ন দল মোদীর বিরুদ্ধে বিক্ষোভ দেখায়। তাদের মধ্যে রয়েছে প্রধানত মৌলবাদী মহল। আবার বামপন্থী, মুক্তমনা, প্রগতিশীল বিভিন্ন অংশও শামিল হয়েছে বিজেপি-মোদীর গণতন্ত্রবিরোধী ধর্মান্ধ রাজনীতির বিপক্ষে শ্লোগান নিয়ে। বিক্ষোভ এখনও অব্যাহত আছে। এখন পর্যন্ত সতেরজন বিক্ষোভকারীর মৃত্যু হয়েছে বলে পত্রপত্রিকার খবর।

ঢাকা বিমানবন্দরে মোদীকে লাল গালিচা স্বাগত জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পরে ১৯৭১-এ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের শহীদ স্মৃতিসৌধে শ্রদ্ধা জানাতে যান মোদী। সাভারে তাঁর ভাষণে মোদী বলেন, 'অন্যায়ের প্রতিরোধ করতে এবং ন্যায়ের পক্ষে সংগ্রামে নিহতদের প্রতি শ্রদ্ধা জানাচ্ছে ভারত।' পরে বিশেষ টুইটও করেন মোদী। তিনি লিখেছেন, 'জাতীয় স্মৃতিসৌধে বাংলাদেশের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করছি। তাঁদের সংগ্রাম ও ত্যাগ অনুপ্রেরণাদায়ক। তারা ন্যায়ের পালন এবং অন্যায়ের বিরুদ্ধে প্রতিরোধ করার জন্য জীবন উৎসর্গ করেছিলেন।'

> অধিকারহীন করে তাদের দাসত্বের বন্ধনে আনতে চাইছে। অথচ এবারের নির্বাচনে এই নাগরিকত্বের ভনিতা আর হিন্দু রাষ্ট্রের ছলনা দিয়ে সমাজের তথাকথিত পিছিয়ে পড়া অংশের মানুষকে বিভ্রান্ত করতে চাইছে বিজেপি-মোদী আর তৃণমুল-মমতা ব্যানার্জি

মোদীর বক্তব্যে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের প্রকৃত মর্ম কতটা স্বীকৃত হয়েছে সে প্রশ্ন রয়েছে। বরাবরের 'ন্যায়-অন্যায়' নিয়ে শ্রদ্ধা নিবেদনের বাইরে যাননি বিজেপি'র নেতা। ধর্মীয় ভিত্তিতে রাষ্ট্রের ধারণা যে জনতার গণতান্ত্রিক আকাঙ্ক্ষাকে তুষ্ট করতে পাওে না, তারই প্রমঠু পাকিস্তান ভেঙে বাংলাদেশের প্রতিষ্ঠা। এর মধ্যে মোদী নিজের কৃতিত্বও দাবি করেছেন। তাঁর নতুন দাবি, বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সমর্থনে তিনি এবং তাঁর সহযোগীরা সত্যাগ্রহ করেছিলেন। সেই সত্যাগ্রহের জন্যে তরুণ বয়সে জেলেও যেতে হয়েছিল তাঁকে! যদিও মোদীর এই দাবি নিয়ে তখনই প্রশ্ন উঠেছে। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে ভারতের জনগণের সমর্থন ছিল নিঃসন্দেহে। তবে দল হিসেবে প্রধানত ইন্দিরা গান্ধীর কংগ্রেস ও বামপন্থী দল ছিল বাংলাদেশের পাশে।

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে মোদীর মুখে মিসেস ইন্দিরা গান্ধীর প্রশংসা থাকলেও বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার সরকারের মুখে টুশব্দটি ছিল না। ইন্দিরা গান্ধীই শেখ হাসিনা ও শেখ রেহানাকে তুলে এনে আশ্রয় ও নিরাপত্তা দিয়েছিলেন। ইন্দিরা গান্ধীকে বাদ দিয়ে বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের ইতিহাস অসম্পূর্ণ। ইন্দিরা গান্ধী জীবিত নেই, সেক্ষেত্রে তাঁর পুত্রবধূ সোনিয়া গান্ধীকে আমন্ত্রণ জানিয়ে কৃতজ্ঞতা জানানোর প্রয়োজনীতা তারা বোধ করেননি।

স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রসঙ্গে মোদী বলেছেন, 'তাঁর জঘন্য হত্যাকান্ড এই অঞ্চলের মানুষকে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন থেকে বঞ্চিত করেছে। এই পারস্পরিক সাফল্যের লক্ষ্যে পৌছানোর আকাঙ্ক্ষাকে ফের জাগিয়ে তুলতে হবে।' ভারত এবং বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার আহ্বানও জানান তিনি। এক্ষেত্রে কুটনৈতিক মহল ও বিশেষজ্ঞদের মন্তব্য, এমন মনোভাব সজোরে ঘোষণা না করে মোদীর উপায়ও নেই। তাঁর নেতৃত্বে বিপুল সখ্যাগরিষ্ঠতা পেয়ে বিজেপি জোট ভারতের কেন্দ্রে আসীন হওয়ার পরের অধ্যায়টি বাংলাদেশ-ভারত দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে হতাশাজনক। প্রতিবেশী প্রায় প্রতিটি দেশের সঙ্গে কোনও না কোনওভাবে দ্বন্দ্বে জড়িয়েছে ভারত। অবশ্য এনআরসি এবং সিএএ'র পটভূমিতে অসন্তোষ গোপন রাখেনি বাংলাদেশ।

দু'দিনের সফরের প্রথম দিনে ১৪ দলীয় জোট, সংখ্যালঘু এবং মুক্তিযোদ্ধা প্রতিনিধিদেও সঙ্গে বৈঠক করেন মোদী। শনিবার বৈঠক করেন এরপর ১২ পৃষ্ঠায়

# মোদির সত্যাগ্রহের দাবি এবং নেপথ্য কথা

### আনিস আলমগীর

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দাবি করেছেন, ১৯৭১ সালে তিনি নিজে এবং আরও অনেকে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সমর্থনে সত্যাগ্রহ করেছিলেন, যেজন্য তাকে গ্রেফতারও হতে হয়েছিল। ঢাকায় বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর পূর্তি এবং বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী অনুষ্ঠানে দেয়া ভাষণে তিনি বলেন, 'আমার রাজনৈতিক জীবনেও বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের বিশেষ তাৎপর্য রয়েছে। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সমর্থনে আমি এবং সহকর্মীরা ভারতে সত্যাগ্রহ আন্দোলন করেছিলাম।' মোদি জানান, তখন তার বয়স ২০-২২ হবে।

ভারতীয় মিডিয়া, বিশেষ করে সোশ্যাল মিডিয়ায় মোদির এই দাবি নিয়ে তোলপাড় উঠেছে। নানা ব্যঙ্গ, মিম হচ্ছে। বাংলাদেশের মানুষের মনেও প্রশ্ন উঠেছে ভারত তো বাংলাদেশের মুক্তিযুদ্ধে সমর্থন-সহযোগিতা করেছে, তাহলে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকে সমর্থনের কারণে নরেন্দ্র মোদিকে জেলে যেতে হবে কেন? এর পেছনের উত্তর একটু জটিল। এখানে সত্য-অসত্য দুটোই মিশে আছে।

২৫ মার্চ ১৯৭১ রাতে অপারেশন সার্চলাইট দিয়ে পাকিস্তানি সেনাবাহিনী বাঙালিদের গণহত্যা শুরু করে আর ২৬ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করলে তৎকালীন ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ভারতীয় সংসদে এক রেজুলেশন পাস করান, যেখানে বলা হয় যে 'পূর্ববাংলার জনগণের প্রতি আন্তরিক সহানুভূতি ও সমর্থন প্রকাশ করেছে' (ভারত)।

মিসেস গান্ধী এর আগে ২৬ মার্চ, ১৯৭১ প্রধান বিরোধী নেতাদের সঙ্গে বৈঠক করেছিলেন যেখানে তিনি ভারত সরকারের সীমাবদ্ধতা নিয়ে আলোচনা করেন। তিনি বিরোধী নেতাদের বলেছিলেন যে, পূর্ব পাকিস্তানের ক্রমবর্ধমান পরিস্থিতির প্রতিক্রিয়ায় ভারত সরকার যে পদক্ষেপ নেবে সেখানে ভারতীয় জনগণকে এক রাখতে হবে। কারণ পাকিস্তানে গণতান্ত্রিক লড়াইকে সমর্থন করছে ভারত। দ্বিতীয়ত মাথায় রাখতে হবে, পাকিস্তান জাতিসংঘের সার্বভৌম সদস্য এবং ভারত কর্তৃক তাৎক্ষণিক ও প্রচন্ড ত্বরাপূর্ণ পদক্ষেপ গ্রহণ করলে এই ইস্যুতে ভারতের আন্তর্জাতিক সমর্থন পাওয়া সম্ভব হবে না।



এসব তথ্য ভারত সরকারের অনুমোদিত 'Official History of the 1971 War'-এ উল্লেখ আছে। কেন বাংলাদেশকে তাৎক্ষণিক স্বীকৃতি দেওয়া যায়নি সেটাসহ মুক্তিযুদ্ধে ভারতীয় রাজনীতি ও সরকারি কর্মকান্ডের পেছনের খবরের বিবরণ রয়েছে সে ইতিহাসে।

আওয়ামী লীগ নেতা তাজউদ্দীন আহমদ, ১৯৭১ সালের ৩ এপ্রিল প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সঙ্গে সাক্ষাৎ করেছিলেন। তাকে বৈঠকে সর্বাত্মক সহায়তার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। অন্যদের মধ্যে এই বৈঠকের মূল কাজটি করেছিলেন অশোক মিত্র (ভারতীয় প্রধানমন্ত্রীর তৎকালীন অর্থনৈতিক উপদেষ্টা, পরবর্তীকালে পশ্চিমবঙ্গে সিপিআইএম মন্ত্রী), অমর্ত্য সেন (তৎকালীন দিল্লি স্কুল অব ইকোনমিক্সের অধ্যাপক), পিএন হাকসার (ভারতীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব) এবং বাংলাদেশি অর্থনীতিবিদ আনিসুর রেহমান এবং রেহমান সোবহান।

এছাড়াও একাত্তরের এপ্রিলে তৎকালীন ভারতীয় সেনাপ্রধান জেনারেল 'স্যাম' মানেকশ (পরে ফিল্ড মার্শাল) প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে কথায় কথায় বলেছিলেন যে ভারতীয় সেনাবাহিনী তাৎক্ষণিকভাবে কোনো যুদ্ধে জড়াতে প্রস্তুত নয় এবং তাকে কয়েক মাস সময় দিতে হবে। ইন্দিরা নিজেও একইরকম দৃষ্টিভঙ্গি নিয়েছিলেন এবং তিনি সময় নিয়ে খেলতে চেয়েছেন। ইতোমধ্যে ১০ এপ্রিল পূর্ব পাকিস্তানের বৈদ্যনাথতলায় (বর্তমানে মুজিবনগর) 'বাংলাদেশের অস্থায়ী সরকার' ঘোষণা করা হয়। তার কিছুক্ষণ পরই প্রবাসী সরকারকে কলকাতায় স্থানান্তরিত করা হয়, যেখানে তারা থিয়েটার রোডের (বর্তমানে শেক্সপিয়ার সরণি) একটি ভবন থেকে সরকার পরিচালনা করেন। ভারত সরকার বাংলাদেশের অস্থায়ী সরকারকে 'আনুষ্ঠানিক স্বীকৃতি' দিতে বিলম্ব করেছিল যেহেতু পাকিস্তান তাকে 'act of war' হিসেবে বিবেচনা করবে। এ সময় যদি যুদ্ধ ঘোষণা হতো পাকিস্তানকে যুক্তরাষ্ট্র ও চীন সমর্থন দিত।

সেসব বিবেচনা করে ভারত সরকার বাংলাদেশের অস্থায়ী সরকারকে তখন আনুষ্ঠানিক স্বীকৃতি দেয়নি, তবে কলকাতা থেকে বাংলাদেশের অস্থায়ী সরকারকে তার সুরক্ষায় কাজ করার অনুমতি দেয়, মুক্তিবাহিনীসহ প্রায় ৬০ লাখ বাংলাদেশি শরণার্থীকে আশ্রয় দেয়, যারা অপারেশন সার্চলাইট শুরুর পরে ভারতের পশ্চিমবঙ্গে পালিয়ে যায়। সেই সঙ্গে ভারতীয় গোয়েন্দা সংস্থাগুলো, আধাসামরিক বাহিনী এবং অবশেষে ভারতীয় সেনাবাহিনী ১৯৭১ সালের মার্চ মাস থেকে শুরু করে বাংলাদেশ মুক্তি বাহিনীকে যুদ্ধে সহায়তা, ট্রেনিং, অস্ত্র সরবরাহ করে। অন্যদিকে ইন্দিরা গান্ধী বাংলাদেশের পক্ষে জনমত সৃষ্টির জন্য এবং ভারতের হস্তক্ষেপের সমর্থনে বিশ্ব ভ্রমণ করেছিলেন। এ প্রয়াসের প্রথম উল্লেখযোগ্য কূটনৈতিক সাফল্য ছিল ভারত-ইউএসএসআর সুরক্ষা চুক্তি, যা যুদ্ধে এগিয়ে আসতে ভারতকে শক্তি জুগিয়েছে। এটি ছিল যুদ্ধে ভারতের সাফল্যের একটি বড় গ্যারান্টি। মার্কিন যুক্তরাষ্ট্র এই অঞ্চলটিকে প্রথম দিকে যুদ্ধের এরপর ২৪ পৃষ্ঠায়

> তবে ভারতীয় ডকুমেন্ট বলছে, জনসংঘ যেমনটি চেয়েছিল, ডিসেম্বরের পরিবর্তে আগস্টের শেষ দিকে ভারত যুদ্ধে জড়িয়ে গেলে, ভারতের যুদ্ধ চালানোর দুর্বলতা ধরা পড়তো। পাকিস্তান পরাজিত হওয়ার পরিবর্তে যুদ্ধ আরও দীর্ঘায়িত হতো। সেই ক্ষেত্রে নরেন্দ্র মোদিকে এখন বাংলাদেশের স্বাধীনতার পক্ষের না বিপক্ষের লোক হিসেবে বিবেচনা করা হবে- সেটাও মুলতবি থাক


| | | | |
|---|---|---|---|
| Editor & Publisher | : Zakaria Masud | সম্পাদক ও প্রকাশক | : জাকারিয়া মাসুদ |
| Editor in Chief | : Manzur Ahmed | প্রধান সম্পাদক | : মনজুর আহমদ |
| Adviser Editor | : Golam Mortoza | উপদেষ্টা সম্পাদক | : গোলাম মোর্তোজা |
| Managing Editor | : Mila Hossain | ব্যবস্থাপনা সম্পাদক | : মিলা হোসেন |
| Commercial Chief | : Abubakar Siddique | বাণিজ্যিক প্রধান | : আবুবকর সিদ্দিকী |

**The Weekly Ajkal**
72-26 Roosevelt Ave.
Jackson Heights, NY 11372, USA.
Ph: 718-565-2100, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# পঞ্চাশ বছরের পথপরিক্রমায় বাংলাদেশ ও মুসলিম বিশ্ব

সবাই নিজেকে প্রতিষ্ঠিত করতে চায় বড় আকারে। সেই জায়গায় একটা বড় সমস্যা তৈরি হয়ে গেছে। মধ্যপ্রাচ্যে আজ যে অবস্থা বিরাজ করছে, সেটা সেই সমস্যার কারণেই হয়েছে বলা যায়। মধ্যপ্রাচ্যের দেশগুলোতে যতদিন এ সংস্কৃতি চলবে, ততদিন এর কোনো সমাধান হবে না। কারণ আরব দেশের রাজতন্ত্র খুবই কর্তৃত্বপরায়ণ রাজতন্ত্র। কর্তৃত্বপরায়ণ রাজতন্ত্র যতদিন আছে, ততদিন বড় আকারে মুসলিম বিশ্বে পরিবর্তন হবে বলে আমার মনে হয় না। এ জায়গায় যখন পরিবর্তন হবে, তখন হয়তো আমরা নতুনভাবে চিন্তাভাবনা করতে পারব

ড. ইমতিয়াজ আহমেদ



স্বাধীনতা লাভের পর বাংলাদেশের জন্য ওআইসির (ইসলামি সহযোগিতা সংস্থা) সঙ্গে সম্পর্ক স্থাপন করাটা ছিল একটা চ্যালেঞ্জ। কারণ স্বাধীনতা উত্তরকালে পাকিস্তানের সঙ্গে ঐতিহাসিকভাবেই ওআইসির একটা বড় সম্পর্ক ছিল। বরাবরই ওআইসির একাধিক সদস্য প্রশ্ন তুলত যে, বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম ছিল ভারতের কারসাজি এবং পূর্ব পাকিস্তানকে পশ্চিম পাকিস্তান থেকে জোরপূর্বক আলাদা করা হয়েছে... ইত্যাদি ইত্যাদি। এ ধরনের কথাবার্তা উত্থাপনের ফলে ওআইসির অনেক সদস্যরাষ্ট্র, বিশেষ করে আরব দেশের অনেক সদস্য বাংলাদেশের স্বাধীনতার পক্ষে অবস্থান নেওয়া থেকে বিরত থাকে।

এতে করে ওআইসির সদস্যপদ লাভ করা বাংলাদেশের জন্য চ্যালেঞ্জ হয়ে দাঁড়ায়। তবে বাংলাদেশের ওআইসির সদস্যপদ পাওয়া এবং এর সমর্থনটা সে সময় অনেক বেশি প্রয়োজন ছিল। কারণ ওই সমর্থন না থাকলে বাংলাদেশের জন্য জাতিসংঘের পূর্ণ সদস্যপদ পাওয়ার বিষয়টি কঠিন বাধার মুখে পড়ার আশঙ্কা ছিল। এটি ছিল বাংলাদেশের জন্য কঠিন এক বাস্তবতা। কারণ ওআইসির সদস্যপদ পাওয়ার ক্ষেত্রে মুসলিম বিশ্বের দেশগুলোর ভোটের একটা বিষয় ছিল। সেই সঙ্গে পাকিস্তানের সঙ্গে ওআইসির সম্পর্কের বিষয়টিও সামনে এসে যায়। কাজেই ওআইসির সদস্য হওয়ার ব্যাপারে বাংলাদেশ কঠিন এক পরীক্ষার মুখোমুখি হয়।

তবে এ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য বাংলাদেশকে খুব বেশি বেগ পেতে হয়নি। কারণ বাংলাদেশের বিশাল ধর্মপ্রাণ মুসলিম জনগোষ্ঠী ওআইসির সদস্য হওয়ার পথকে সুগম করে দেয়। ওই সময় মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ হিসাবে ইন্দোনেশিয়ার পরই ছিল বাংলাদেশের অবস্থান। বৃহত্তম মুসলিম দেশ হিসাবে ইন্দোনেশিয়া ছিল প্রথম কাতারে। এর পরই ছিল বাংলাদেশ। যদিও এখন পাকিস্তানের জনসংখ্যা অনেক বেড়ে গেছে, কারণ তাদের ফ্যামিলি প্ল্যানিং ওইভাবে কার্যকর হয়নি।

বাংলাদেশে মুসলমান জনসংখ্যার আধিক্য এবং এ দেশের মানুষের বড় অংশ ধর্মপ্রাণ হওয়ার বিষয়টি ওআইসিসহ অনেকেরই নজরে আসে। ফলে মিসরের প্রেসিডেন্ট আনোয়ার সাদাত, ফিলিস্তিনি নেতা ইয়াসির আরাফাত, আলজেরিয়ার প্রেসিডেন্ট হুয়ারি বুমেদিন- এরা মিলে বাংলাদেশকে ওআইসির সদস্য করার ব্যাপারে একটা উদ্যোগ নিলেন। তবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এ ব্যাপারে একটা বড় শর্ত ছিল।




যেহেতু ওআইসির শীর্ষ সম্মেলন (১৯৭৪ সালে) লাহোরে অনুষ্ঠিত হতে যাচ্ছে, তাই বঙ্গবন্ধু বললেন, 'আমি যেতে পারি যদি পাকিস্তান বাংলাদেশকে স্বীকৃতি দেয়। পকিস্তানের স্বীকৃতি ছাড়া আমি ওআইসিতে যাব না।' বঙ্গবন্ধুর এ দৃঢ়তায় একটা বড় পরিবর্তন ঘটল, পাকিস্তান বাংলাদেশকে স্বীকৃতি দিল। ওআইসির সদস্যরাও ঢাকায় এসে বঙ্গবন্ধুকে ওআইসি সম্মেলনে নিতে পারল। তিনি লাহোরে পা ফেলার আগেই পাকিস্তান বাংলাদেশকে স্বীকৃতি দিল।

এই স্বীকৃতির ফলে মুসলিম বিশ্বের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে একটা বড় পরিবর্তন এলো। অনেকেই বলে থাকেন, অন্য কোনো দেশের সঙ্গে কথাবার্তা না বলে বঙ্গবন্ধুর এভাবে সিদ্ধান্ত নেওয়াটা সমীচীন ছিল না। কাউকে তোয়াক্কা না করে বাংলাদেশ নিজেই এ সিদ্ধান্ত নিয়েছে, বিষয়টি অনেককেই অবাক করে। তবে যাই হোক না কেন, পাকিস্তানের স্বীকৃতি এবং ওআইসির সদস্যপদ লাভের বিষয়টি এ উপমহাদেশে একটা বড় পরিবর্তন নিয়ে আসে। কেননা বাংলাদেশকে পাকিস্তানের স্বীকৃতি দেওয়া একটা বড় বিষয় ছিল। এর ফলে বাংলাদেশের ওআইসির সদস্য হওয়ার ক্ষেত্রে আর কোনো বাধা থাকল না।

এটি বাংলাদেশের জন্য একটি সাফল্যের বার্তা বয়ে নিয়ে আসে। ওআইসির সদস্য হওয়ার পর বাংলাদেশের সঙ্গে মুসলিম বিশ্বের একটা ভালো সম্পর্ক তৈরি হয়। যার ফলে মুসলিম বিশ্বের বিভিন্ন দেশ থেকে বাংলাদেশ বিভিন্নভাবে সুবিধা লাভ করতে থাকে। যুদ্ধবিধ্বস্ত একটি দেশের জন্য এটা খুবই প্রয়োজন ছিল। প্রথম যে সুবিধা সেটা হলো মুসলিম দেশ হিসাবে জ্বালানি তেল ক্রয়ে ছাড় পাওয়া। দ্বিতীয়টি ছিল জনশক্তি রপ্তানি। ওআইসির সদস্যদের মধ্যে কয়েকটি দেশ বেশ গুরুত্বপূর্ণ এতে কোনো সন্দেহ নেই। সৌদি আরব তার মধ্যে অন্যতম। বিশ্বে জ্বালানি তেলের জোগানদাতা হিসাবে সৌদি আরবের একটি বিশাল ভূমিকা রয়েছে।

আমরা মুসলিম বিশ্বের দেশগুলো যখন তেল কিনি তখন তা একটা ছাড়কৃত দামে পাই, যেটা স্বল্পোন্নত দেশগুলোর অর্থনৈতিক সমৃদ্ধির জন্য খুবই গুরুত্বপূর্ণ। সে সময় যুদ্ধবিধ্বস্ত ভঙ্গুর অর্থনীতির বাংলাদেশ যদি চড়া দামে জ্বালানি তেল ক্রয় করত, তাহলে আন্তর্জাতিক বাজারে একটা বিরাট লোকসানের মুখে পড়তে হতো বাংলাদেশকে। মুসলিম দেশ হিসাবে ছাড়কৃত দামে তেল পাওয়ার বিষয়টি বাংলাদেশের অর্থনীতির চাকাকে সুগম করে দেয়। কেননা জ্বালানি তেলের সঙ্গে অনেক কিছুই সম্পর্কযুক্ত।

আমাদের বড় আরেকটি সুবিধা হলো মধ্যপ্রাচ্যের দেশগুলোতে জনশক্তি রপ্তানি। এটা যদিও কিছু সময় পরে শুরু হয়েছে, তবুও এ বিষয়টি বাংলাদেশকে উঠে দাঁড়াতে অনেকটা সাহায্য করেছে। কারণ বৈদেশিক রেমিট্যান্স একটি দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করে।

আশির দশকের শুরুতে যখন গ্লোবালাইজেশন চালু হলো, তখন বড় আকারে অভিবাসী শ্রমিকরা যেতে পারল মধ্যপ্রাচ্যে। এরই ধারাবাহিকতায় বিশ্বের বিভিন্ন দেশে আমাদের বিশাল জনশক্তি কাজ করে যাচ্ছে। করোনাকালীন এ মহাদুর্যোগের মধ্যেও বাংলাদেশ বেশ মোটা অঙ্কের রেমিট্যান্স অর্জন করেছে, এরপর ২৪ পৃষ্ঠায়

# সুবর্ণজয়ন্তীতে যে বাংলাদেশ উপহার দিলেন বঙ্গবন্ধু কন্যা

১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত বাংলাদেশের ৫০ বৎসর পূর্ণ হল, অর্থাৎ এ বছর আমাদের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলার মূলমন্ত্র ছিল গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্ম নিরপেক্ষতা ও বাঙ্গালী জাতীয়তাবাদ। গণতান্ত্রিক সমাজতান্ত্রিক অর্থনীতির দেশ হবে বাংলাদেশ। আর এই দেশে বিভিন্ন ধর্ম বর্ণের মানুষের বসবাস, মুক্তিযুদ্ধেও সকল শ্রেণী পেশার, ধর্মের বর্ণের মানুষের অংশগ্রহণ ছিল বলে একটি অসাম্প্রদায়িক চেতনার বাংলাদেশ গড়তে তিনি ৭২-এর সংবিধানে ধর্ম নিরপেক্ষতা সংযোজন করেই স্বাধীন বাংলাদেশের যাত্রা শুরু করেছিলেন। স্বাধীনতাকে যারা মেনে নিতে পারেনি, সেদিন যারা পাকিস্তানী চেতনার ধারক-বাহক ছিল আজ তারা বিএনপিতে রূপান্তরিত হয়ে ১৯৭৫ সালে জাতির পিতাকে নৃশংসভাবে খুন করে একটি সাম্প্রদায়িক জঙ্গী মৌলবাদী ভাবধারার বাংলাদেশ তৈরী করে আবার এদেশে বাংলাদেশ জিন্দাবাদ, বাংলাদেশী জাতীয়তাবাদ অসাম্প্রদায়িক ধর্ম নিরপেক্ষতার চেতনার বদলে ধর্মান্ধ এবং সাম্প্রদায়িক বাংলাদেশ প্রতিষ্ঠার পথে হাঁটতে শুরু করে স্বৈরাচারী জিয়াউর রহমানের নির্দেশনায়। সেই ১৯৭৫ সালের ১৫ই আগষ্টের পর থেকে বাংলাদেশ নামক রাষ্ট্রকে যারা দখল করে পুরাপুরি পাকিস্তানী ভাবধারার বাংলাদেশে পরিণত করেছিলেন জিয়া থেকে এরশাদ আবার এরশাদ থেকে খালেদা জিয়া পর্যন্ত, সেই জায়গা থেকে বাংলাদেশকে ৭২-এর সংবিধানের চেতনার জায়গায় ফিরিয়ে আনতে দীর্ঘ ২১ বৎসর নিরন্তর সংগ্রাম আর চ্যালেঞ্জ মোকাবেলা করে জনগণের আস্থা ও বিশ্বাসের জায়গা তৈরী করেছেন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা।

বাঙ্গালীর বিশ্বাস আর আস্থার সর্বশেষ ভরসাস্থল জননেত্রী শেখ হাসিনাকে ক্ষমতার হাল খুব শক্তভাবে ধরে রাখতে হয়েছে। অনেক ঘটনা-দূর্ঘটনা, কন্টকময়-পর্বতসম দূর্যোগ মোকাবেলা করে তাকে আজ খুব দৃঢ়চেতা, উজ্জীবিত, আকাশ ছোঁয়া স্বপ্ন দেখে আত্মপ্রত্যয়ী মনে হয়েছে। তাকে পিতার মত আত্মবিশ্বাসী মনে হয়েছে এবং তিনি বার বার বলেছেন এদেশ থেকে অবৈধ ক্ষমতা দখলদারী স্বৈর শাসকদের ক্ষমতা দখলের প্রক্রিয়াকে চিরদিনের জন্য বন্ধ করে দেবেন। অর্থাৎ পেছনের দরজা দিয়ে ক্ষমতা দখলের সব প্রক্রিয়া রুখে দেবেন। এদেশে গণতন্ত্র প্রতিষ্ঠা করবেন, মানুষকে লাইনে দাঁড়িয়ে ভোট দেয়ার পরিবেশ তৈরী করবেন এবং দারিদ্র্য দূর করে দারিদ্র্যের অভিশাপ থেকে এদেশের মানুষকে মুক্তি দিয়ে উন্নত সমৃদ্ধ প্রযুক্তি নির্ভর ডিজিটাল বাংলাদেশ উপহার দেবেন। ১৯৯৬ সাল ক্ষমতায় এসে তিনি দিন বদলের কথা বলেছেন, ২০০৮ সালে ক্ষমতার এসে ডিজিটাল বাংলাদেশের কথা বলেছেন, ২০১৮ সালে ক্ষমতায় এসে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনের স্বপ্ন দেখিয়েছিলেন এবং একই সাথে ২০২০ সালে জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপনেরও স্বপ্ন দেখিয়েছিলেন। একই সাথে তার ক্ষমতায় থাকার এক যুগ পূর্তিও পালন করার মত সুযোগটিও তার হাতে এসে ধরা দিয়েছে।

সামছুদ্দীন আজাদ



২০২০ এর মার্চ থেকে ২০২১ এর মার্চ পর্যন্ত সময়কাল বাংলাদেশসহ সারা বিশ্বে খুব দুঃসময় চলছে করোনা মহামারীর মরণঘাতী সংক্রমনের কারণে। পরিস্থিতির কিছুটা নিয়ন্ত্রণে থাকায় বাংলাদেশে মহাআনন্দের সাথে উদযাপন করছে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী। এরই মধ্যে সার্কভুক্ত দেশের সরকার প্রধান ও রাষ্ট্র প্রধানেরা বাংলাদেশে এসেছেন। সরকার প্রধান ও রাষ্ট্র প্রধান যারা আসতে পারেনি তারা বাংলাদেশের প্রধানমন্ত্রীকে ধন্যবাদ অভিনন্দন জানিয়ে সরাসরি টেলিফোনে বক্তব্য দিয়েছেন এবং তার নেতৃত্বে আজ বাংলাদেশের অর্থনৈতিক উন্নতির ভূয়সী প্রশংসা করেছেন। দেশের অর্থনৈতিক সমৃদ্ধি অবকাঠামোগত উন্নয়নসহ বিভিন্ন সেক্টওে দেশ যে উন্নতি সাধন করেছে সবই আওয়ামী লীগ সরকারের তথা প্রধানমন্ত্রী শেখ হাসিনার একান্ত আগ্রহ, সৎ-সাহস, দৃঢ়তা, আর কঠিন মনোবলের কারণে সম্ভব হয়েছে। তার বিরুদ্ধে চলছে বিরামহীন ষড়যন্ত্র, তাকে হত্যা প্রচেষ্টা, ক্ষমতা থেকে সরিয়ে দেয়ার চেষ্টা অথবা মিথ্যা দূর্নীতির অভিযোগ এনে তার ভাবমূর্তি নষ্ট করার অপচেষ্টা। তার সততা আর দেশপ্রেমের কাছে কোন অভিযোগই টেকেনি। ক্রমান্বয়ে সারা বিশ্বের কাছে তিনি হয়ে উঠেছেন নন্দিত নেতা, তার উন্নয়ন আর দারিদ্র বিমোচন প্রক্রিয়া এখন বিশ্বের কাছে মডেল। জিএইট ভুক্ত ধনী দেশের রাষ্ট্র ও সরকার প্রধানেরা তাকে দাওয়াত দিয়ে তার উন্নয়নের গল্প শোনেন।

১৯৯৬ সালে ক্ষমতায় আসার পর খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হওয়ার জন্য বাংলাদেশকে খাদ্য ও কৃষি সংস্থা (এফ এ ও) আন্তর্জাতিক সেরেন্স পুরস্কারে ভুষিত করে। জাতিসংঘ কর্তৃক ঘোষিত মিলোনিয়াম উন্নয়ন লক্ষ্যমাত্রা (এম ও জি) পূরণে সক্ষম হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীকে সাউথ এওয়ার্ডে ভূষিত করা হয়। ৬ বছরের কম বয়সী শিশুদের টিকাদান কর্মসূচীতে সফল হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীকে ভ্যাকসিন হিরো পদক দিয়ে সম্মানিত করা হয়। আজ ২০২১ সালে যে খবরটি বিস্মিত হওয়ার মতো সুসংবাদ তা হলো নিম্ন আয়ের দেশ অর্থাৎ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের তালিকায় বাংলাদেশের উঠে আসা। সংবাদটি জাতিসংঘের কাছ থেকে পাওয়া।

আজকের বাংলাদেশ বাঙালী জাতির একটি অহংকারের জায়গা। জাতির পিতার হাত ধরে তারই আহবানে সাড়া দিয়ে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে ৩০ এরপর ৩৬ পৃষ্ঠায়




পিতার আদর্শ বাস্তবায়নের শপথ নিয়ে রাজনীতির মাঠে নামেন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা। ধীরে ধীরে তিনি হয়ে উঠেছেন বাঙ্গালীর অবিসংবাদিত নেতা। সারা বিশ্বের মানুষের কাছে হয়ে উঠেছেন উন্নয়নের এক অন্যরকম মডেল। তার দ্রুত সিদ্ধান্ত গ্রহণ, বিশাল বিশাল মেগা প্রকল্প বাস্তবায়নের সৎসাহস দেখিয়ে এবং এসব প্রকল্পের বাস্তবায়ন ঘটিয়ে তিনি হয়ে উঠেছেন অপ্রতিরোধ্য। আজ তারই হাত ধরে তার প্রধানমন্ত্রীত্বে বাংলাদেশ উদযাপন করছে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী। তিনি যুগ যুগ জীবিত থাকবেন অনাগত কালের বাঙালীর হৃদয়ে

# আটকেপড়া পাকিস্তানি, আটকেপড়া ভারতীয়!

প্রভাষ আমিন

বাংলাদেশে বেশ কিছু আটকেপড়া পাকিস্তানি আছে। এই মুহূর্তে সংখ্যাটা কত ঠিক জানি না। তবে ঢাকার মিরপুর, মোহাম্মদপুর এবং সৈয়দপুরের বিভিন্ন ক্যাম্পেই মানবেতর জীবনযাপন করেন আটকেপড়া পাকিস্তানিদের বেশিরভাগ। তবে তাদের কেউ কেউ নানা পেশায় সফল হয়ে ক্যাম্প ছেড়ে স্বাধীন জীবনযাপন করছেন। তবে এই সংখ্যাটা অল্প। ক্যাম্পে আটকানো জীবনই বেশিরভাগের নিয়তি। এই আটকেপড়া পাকিস্তানিরা পৃথিবীর সবচেয়ে দুর্ভাগা জনগোষ্ঠীর একটি। ১৯৪৭ সালে দেশভাগের পর হিন্দুদের অনেকে তখনকার পাকিস্তান থেকে ভারতে চলে যান। আবার ভারত থেকে মুসলমানদের অনেকে তখনকার পাকিস্তানে চলে আসেন। কিন্তু তখন পাকিস্তান ছিল দুই ভাগে। বর্তমান বাংলাদেশ ছিল তখন পূর্ব পাকিস্তান। নৈকট্য বিবেচনায় ভারত থেকে আসা অনেকে পশ্চিম পাকিস্তানে গেছেন, অনেকে এসেছেন তখনকার পূর্ব পাকিস্তানে। আর পূর্ব পাকিস্তানে যারা এসেছিলেন, তাদের বেশিরভাগ ছিলেন বিহারে। তাই বাংলাদেশে তারা 'বিহারি' হিসেবেই পরিচিত। কিন্তু এই বিহারিরা বিপাকে পড়ে একাত্তর সালে। মুক্তিযুদ্ধের সময় তারা পাকিস্তানের পক্ষে অবস্থান নেয়। শুধু অবস্থান নিয়েই ক্ষান্ত থাকেনি। পাকিস্তানি হানাদার বাহিনীর সঙ্গে মিলে তারা নানান যুদ্ধাপরাধে জড়িয়ে পড়ে। তাদের বিরুদ্ধে হত্যা, ধর্ষণ, অগ্নিসংযোগ, লুটপাটের সুনির্দিষ্ট অভিযোগ আছে। এমনকি ১৬ ডিসেম্বর পাকিস্তানি সেনাবাহিনীর আত্মসমর্পণের পরও বিহারিরা অনেক এলাকায় নিজেদের আধিপত্য বজায় রাখার চেষ্টা করে। যদিও সফল হয়নি। এই দুর্ভাগা জনগোষ্ঠী নিজেদের মাতৃভূমিকে হেলায় ছেড়ে এসেছে। আর যে দেশকে নিজের দেশ ভেবে তারা এসেছিল সেই পাকিস্তানের দেখাই পায়নি তারা। স্বাধীনতার পর তারা আটকে যায় বাংলাদেশে। যে দেশের স্বাধীনতা ঠেকাতে তারা শেষ পর্যন্ত লড়াই করেছে, সেই দেশেই তাদের অনিচ্ছায় থাকতে হচ্ছে। আর পেয়ারের পাকিস্তান এখন তাদের স্বীকারই করছে না। একাত্তরের পর এ নিয়ে অনেক দেনদরবার হলেও শেষ পর্যন্ত আটকেপড়া পাকিস্তানিদের কোনও গতি হয়নি। একাত্তরের পরের জন্ম নেওয়া অনেকে এখন বাংলাদেশকেই তাদের দেশ মনে করে। তারা ভোটার তালিকায়ও অন্তর্ভুক্ত হয়েছে।

এ তো গেলো শারীরিকভাবে আটকেপড়া পাকিস্তানিদের কথা। তাদের বেশিরভাগ যেহেতু একটা নির্দিষ্ট এলাকায় থাকে, তাই তাদের সহজেই চেনা যায়। কিন্তু শারীরিকভাবে আটকেপড়াদের মতো মানসিকভাবে পাকিস্তানকে নিজের দেশ মনে করা অনেকেও এখন বাংলাদেশে আটকে পড়েছেন। তারা একাত্তর সালে স্বাধীনতার বিরুদ্ধে ছিলেন। শান্তি কমিটি, আল বদর, আল শামস নানান বাহিনী গড়ে তারা পাকিস্তানি হানাদারদের সহায়তা করেছে। স্বাধীনতার পর আটকেপড়া পাকিস্তানিদের মতো মানসিকভাবে পাকিস্তানকে নিজের দেশ মনে করা একটা গোষ্ঠীও বাংলাদেশে আটকা পড়ে। স্বাধীনতার ৫০ বছর পরও এই গোষ্ঠীটি বাংলাদেশকে নিজেদের দেশ মনে করতে পারেনি। বরং এই ৫০ বছরে তারা ঝাড়ে-বংশে বেড়েছে। শারীরিকভাবে আটকেপড়া পাকিস্তানিদের নতুন প্রজন্ম নিজেদের বাংলাদেশের নাগরিক মনে করলেও মানসিকভাবে আটকেপড়া পাকিস্তানিদের উত্তরসূরিরা এখনও পুরোপুরি বাংলাদেশি হতে পারেনি। একসময় তারা পাকিস্তানের পতাকা নিয়ে বাংলাদেশের স্টেডিয়ামে খেলা দেখতে যেতো। প্রবল সামাজিক প্রতিরোধের মুখে চক্ষুলজ্জার কারণে এখন আর অতটা বেশরম হতে পারেন না। কিন্তু তারা হৃদয়ে পাকিস্তানকেই ধারণ করে। পাকিস্তানকে নিয়ে কিছু বললেই তারা লাফিয়ে এসে নিজেদের হৃদয়কে খুলে দেন। গত সপ্তাহে এই কলামে 'খোদাকে ওয়াস্তে হামে বাংলাদেশ বানা দো' লেখায় ৫০ বছরে বাংলাদেশের এগিয়ে যাওয়া আর পাকিস্তানের ক্রমশ পিছিয়ে যাওয়া নিয়ে কিছু তথ্য ও পরিসংখ্যানভিত্তিক তুলনা ছিল। তাতেই সেই মানসিকভাবে আটকেপড়া পাকিস্তানিরা তাদের বিষাক্ত চেহারা নিয়ে বেরিয়ে আসে। লেখাটি ফেসবুকে শেয়ার করলে সেখানে মানসিকভাবে আটকেপড়া পাকিস্তানিরা তাদের সব ক্ষোভ-বিদ্বেষ আর পাকিস্তানের প্রতি দরদ নিয়ে ঝাঁপিয়ে পড়ে। বাংলাদেশের তুলনায় পাকিস্তান খারাপ, এটা বলাতেই তাদের যত ক্ষোভ। তারা ভারত কী কী খারাপ



করেছে, তার ফিরিস্তি তুলে ধরে। যেন পাকিস্তানকে খারাপ বলতে হলেই ভারতকেও খারাপ বলতে হবেই। তাদের যুক্তি হলো, পাকিস্তান যা করেছে, তা তো করেছে ৫০ বছর আগে; আর ভারত তো এখন প্রতিদিন বাংলাদেশের ক্ষতি করছে। তারা বারবার প্রমাণের চেষ্টা করছেন, বাংলাদেশের জন্য পাকিস্তানের চেয়েও ভারত কত বেশি ক্ষতিকর।

পাকিস্তান-ভারত দুটি আলাদা রাষ্ট্র। প্রতিটি রাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক আলাদা আলাদা। দ্বিপাক্ষিক সম্পর্কের মধ্যে পারস্পরিক স্বার্থটাও খুব গুরুত্বপূর্ণ। তাই বাংলাদেশ-পাকিস্তান এবং বাংলাদেশ-ভারত সম্পর্ককে এক পাল্লায় মাপার সুযোগ নেই। প্রত্যেকটি সম্পর্ককে আলাদাভাবেই বিবেচনা করতে হবে। একাত্তর সালে পাকিস্তানি হানাদার বাহিনী বাংলাদেশের ৩০ লাখ মানুষকে হত্যা করেছে। আর ভারতীয় বাহিনী বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের পাশে থেকে যুদ্ধ করে, জীবন দিয়ে বাংলাদেশের বিজয় ত্বরান্বিত করেছে। একাত্তরে ভারত অর্থ দিয়ে, অস্ত্র দিয়ে, কূটনৈতিক যুদ্ধে এবং সরাসরি যুদ্ধে অংশ নিয়েছে। বাংলাদেশের দুই কোটি শরণার্থীকে আশ্রয় দিয়েছে। অনেকে বলেন পাকিস্তান এরপর ২২ পৃষ্ঠায়



দু' চোখ ভরে দেখুন প্রিয় বাংলাদেশকে। শুধু পাকিস্তান বা ভারত নয়; বিশ্বের যেকোনও দেশের সঙ্গেই দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে আমাদের একমাত্র বিবেচনা হবে বাংলাদেশের স্বার্থ। ৫০ বছরে বাংলাদেশের অর্থনীতি এখন শক্ত ভিতের ওপর দাড়ানো। সক্ষমতায়, সামর্থ্যে, মর্যাদায় আমরা এখন আগুয়ান। বাংলাদেশ এখন উন্নয়নশীল দেশ। আমাদের সবার ভালোবাসায় উন্নয়নশীল থেকে উন্নত দেশের পথে হাঁটতে পারবে বাংলাদেশ। এই দেশকে কেউ 'দাবায়া' রাখতে পারেনি, পারবেও না

# গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি এখন সময়ের দাবি

ড. প্রণব কুমার পান্ডে

অন্যান্য বিষয়ের আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ের মতো ২৫ মার্চের গণহত্যার সর্বজনীন আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ের জন্য বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়কে আরও কৌশলী হয়ে অগ্রসর হতে হবে। আমরা আন্তরিকভাবে বিশ্বাস করি যে এই স্বীকৃতি কেবল শেখ হাসিনার সরকারের অধীনেই অর্জিত হতে পারে। স্বাধীনতা যুদ্ধে অবদান এবং বিভিন্ন আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ের প্রাণান্তকর প্রচেষ্টার জন্য বাংলাদেশের জনগণ আওয়ামী লীগ সরকারের কাছে কৃতজ্ঞ থাকবে, যেমনটি তারা রয়েছে বঙ্গবন্ধুর কাছে, বাংলাদেশ নামক রাষ্ট্রের স্বাধীনতা উপহার দেওয়ার জন্য



বাংলাদেশের ইতিহাসে মার্চের গুরুত্ব অপরিসীম। কারণ, একাত্তরের এই মাসে পূর্ব পাকিস্তানের রাজনৈতিক অস্থিরতা স্বাধীনতা যুদ্ধে পরিণত হয়েছিল। বঙ্গবন্ধু তাঁর ৭ মার্চের ভাষণের মাধ্যমে পশ্চিম পাকিস্তানের সামরিক স্বৈরশাসকের চক্রান্তের মুখে আমাদের স্বাধীনতার কূটনৈতিক ঘোষণা দিয়েছিলেন। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের পর পাকিস্তানি সেনাবাহিনীর একনায়ক ভীত হয়ে পড়েছিল। কারণ, এই ভাষণটির মাধ্যমে বঙ্গবন্ধু বাঙালিদের যুদ্ধে অংশগ্রহণের জন্য প্রস্তুত হওয়ার নির্দেশনা দিয়েছিলেন। বঙ্গবন্ধুর ভাষণের ব্যাপকতা যাচাই করার পরে পাকিস্তানের শাসক উপলব্ধি করেছিল যে তাঁর আন্দোলন দমন করা অসম্ভব।

বঙ্গবন্ধুর সঙ্গে আলোচনায় অংশ নেওয়ার নামে পাকিস্তানের সেনাবাহিনীর শাসকরা পূর্ব পাকিস্তানের রাজনৈতিক নেতাদের সঙ্গে একটি নোংরা রাজনৈতিক খেলা খেলে। মার্চের মাঝামাঝি সময়ে রাষ্ট্রপতি ইয়াহিয়া খান রাজনৈতিক সংকট সমাধানের পথ খোঁজার জন্য বঙ্গবন্ধুর সঙ্গে আলোচনা করলেও তিনি জানতেন এই আলোচনা থেকে কোনও সমাধান বের হবে না। পূর্ব পাকিস্তানে গণহত্যা চালানোর জন্য পশ্চিম পাকিস্তান থেকে অধিক সংখ্যক সেনাবাহিনী নিয়ে আসার জন্য কালক্ষেপণের অংশ হিসেবে তিনি মূলত আলোচনায় অংশগ্রহণ করেছিলেন। ১৯৭১ সালের ২৫ মার্চ ভয়াবহতম রাতে পাকিস্তানি সেনাবাহিনী 'অপারেশন সার্চলাইট'-এর নামে ঢাকায় পুলিশ, ছাত্র-শিক্ষকসহ হাজার হাজার ঘুমন্ত নিরীহ বাঙালিকে হত্যা করে। এই হত্যাযজ্ঞের অন্যতম প্রধান লক্ষ্য ছিল ২৬ মার্চ প্রধান প্রধান শহরগুলো দখল করে জাতীয়তাবাদী বিদ্রোহকে দমন করা। শিক্ষক, অ্যাকাডেমিক এবং সংস্কৃতিকর্মীদের হত্যা করে তারা বাঙালি জাতীয়তাবাদী আন্দোলন দমন করার অপচেষ্টায় লিপ্ত হয়েছিল। কারণ, তারা বুঝতে পেরেছিল এই শ্রেণির জনগণ পাকিস্তানি শাসকের বিরুদ্ধে অন্যান্য শ্রেণির জনগণকে প্রভাবিত করার শক্তি রাখতেন।

এই হত্যাযজ্ঞ সংগঠনের বর্বর নীতির অংশ হিসেবে তারা সব বিদেশি সাংবাদিককে দেশ ত্যাগ করতে বাধ্য করেছিল। সাংবাদিকদের দেশত্যাগে বাধ্য করার মাধ্যমে তারা এই গণহত্যার সংবাদ বিদেশি মিডিয়ার মাধ্যমে যাতে বিশ্ববাসী না জানতে পারে তা নিশ্চিত করার চেষ্টা করেছিল। এই কাল রাতে পাকিস্তানি হানাদারদের দ্বারা গণহত্যায় নিহতের প্রকৃত সংখ্যা নিশ্চিত করা কষ্টসাধ্য হলেও এ কথা স্পষ্ট করে বলা যায় যে কয়েক হাজার নিরীহ বাঙালি এই রাতে হত্যার শিকার হয়েছিলেন। পাকিস্তানি হানাদারদের শত চেষ্টার পরেও নিউইয়র্ক টাইমসসহ বিভিন্ন আন্তর্জাতিক গণমাধ্যম এই হত্যাযজ্ঞের সংবাদ পরিবেশন করে। নিউ ইয়র্ক টাইমস ১৯৭১ সালের ১ এপ্রিল তারিখে এক প্রবন্ধে উল্লেখ করে যে ২৫ মার্চ রাতে বাংলাদেশে প্রায় ৩৫ হাজার নিরীহ মানুষকে হত্যা করা হয়েছিল। অন্যদিকে, সিডনি মর্নিং হেরাল্ড তাদের ২৯ মার্চ ১৯৭১ সালের একটি প্রতিবেদনে উল্লেখ করে যে ২৫ মার্চ রাতে বাংলাদেশে ১০ হাজার থেকে ১ লক্ষ নিরীহ মানুষকে হত্যা করা হয়েছিল। তবে অনেকেই বিশ্বাস করতেন যে বিদেশি গণমাধ্যমে হত্যার যে সংখ্যা উল্লেখ করা হয়েছে প্রকৃত সংখ্যা তার চেয়ে কয়েকগুণ বেশি হবে। নিহতের সামগ্রিক সংখ্যা নিয়ে ঐতিহাসিক ও সরকারি বিভাগগুলোর মধ্যে মতবিরোধ থাকলেও প্রত্যেকেই একটি বিষয় স্বীকার করেছেন যে ১৯৭১ সালের ২৫ মার্চের অন্ধকার রাতে পাকিস্তানি সেনাবাহিনী বাংলাদেশের নিরীহ মানুষের ওপর গণহত্যা চালিয়েছিল। অনেক ঐতিহাসিক ঢাকার মার্চের বর্বরতাকে সোভিয়েতের পিওডাবলু, ইহুদি হলোকাস্ট এবং রোমানিয়ান গণহত্যার সঙ্গে তুলনা করেছেন।

যদিও ১৯৭১ সালের ২৫ মার্চ বাংলাদেশে গণহত্যা সংঘটিত হয়েছিল, আমরা আমাদের স্বাধীনতার ৫০ বছর পরেও গণহত্যা হিসেবে এই সহিংসতার আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করতে পারিনি। বাংলাদেশের পূর্ববর্তী অনেক সরকার এই দিনে শহীদদের শ্রদ্ধা পর্যন্ত জানায়নি। তারা আন্তর্জাতিক সম্প্রদায়ের নিকট থেকে গণহত্যার স্বীকৃতি অর্জনের পদক্ষেপ গ্রহণ করেনি।

শেষ পর্যন্ত, শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার ২৫ মার্চের কালো রাতের শহীদদের সম্মান জানাতে গণহত্যা দিবস হিসেবে পালন করার জন্য ২০১৭ সালের ১১ মার্চ তারিখে জাতীয় সংসদে একটি যৌথ রেজুলেশন গ্রহণ করে। তখন থেকে বাংলাদেশে দিবসটি অত্যন্ত সম্মানের সঙ্গে পালিত হয়ে আসছে। সেই রাতে বর্বরভাবে খুন করা শহীদদের সম্মান জানানোর প্রক্রিয়া শুরু করার জন্য আমাদের অবশ্যই আওয়ামী লীগ সরকারকে ধন্যবাদ জানাতে হবে।

আমাদের স্বাধীনতা যুদ্ধের ইতিহাসে ২৫ মার্চের এই ঘটনার প্রাসঙ্গিকতা উপেক্ষা করা যাবে না। পূর্ব পাকিস্তানের জনগণ বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের মাধ্যমে দেশের জন্য জীবন বাজি রাখতে উদ্বুদ্ধ হয়েছিল, বিপরীতে, ২৫ মার্চের সহিংসতার কারণে বেসামরিক নাগরিকরা পাকিস্তানি অত্যাচারীদের বিরুদ্ধে লড়াই করতে এবং তাদের বাংলাদেশ থেকে বিতাড়িত করতে প্রতিজ্ঞাবদ্ধ হয়েছিল।

গত ৫০ বছরে বাংলাদেশের এরপর ২৪ পৃষ্ঠায়



# পশ্চিমবঙ্গের নির্বাচনে কী হতে যাচ্ছে?



## নির্বাচন ২০২১

আবদুল গাফ্‌ফার চৌধুরী

বহুকাল আগে জীবনানন্দ দাশ লিখেছিলেন, 'কোথাও সান্ত্বনা নেই, পৃথিবীতে শান্তি নেই আজ।' কথাটি আজকের পৃথিবীর জন্য অধিক প্রযোজ্য। কোভিড-১৯ সারা পৃথিবীর শান্তি হরণ করেছে। প্রাণ হরণের কাজটি এখনো চলছে নিত্য।

বহুকাল আগে জীবনানন্দ দাশ লিখেছিলেন, 'কোথাও সান্ত্বনা নেই, পৃথিবীতে শান্তি নেই আজ।' কথাটি আজকের পৃথিবীর জন্য অধিক প্রযোজ্য। কোভিড-১৯ সারা পৃথিবীর শান্তি হরণ করেছে। প্রাণ হরণের কাজটি এখনো চলছে নিত্য।

এ বিশ্বত্রাস মহামারির মধ্যেও বাংলাদেশে চলছে রাজনৈতিক অশান্তি, অন্যদিকে প্রতিবেশী ভারতের পশ্চিমবঙ্গ ও অহম (আসাম রাজ্যে) চলছে গোলযোগপূর্ণ নির্বাচন। পশ্চিমবঙ্গে এ নির্বাচন শুরু হয়েছে গত শনিবার (২৭ মার্চ)। এই নির্বাচনী প্রচারণার উত্তেজনা এখন তুঙ্গে।

পশ্চিমবঙ্গে দীর্ঘদিন ক্ষমতায় আছে তৃণমূল কংগ্রেস। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রথম দফায় কংগ্রেসের সঙ্গে কোয়ালিশন করে নির্বাচনে জিতেছিল তৃণমূল এবং সরকার গঠন করেছিল। ভারতের প্রয়াত রাষ্ট্রপতি প্রণব মুখার্জি তখন দৌত্যগিরি করেছিলেন মমতার কংগ্রেস আর ইন্দিরা কংগ্রেসের মধ্যে। এ কোয়ালিশন বেশি দিন টেকেনি।

সিপিএম তথা বামজোটের চৌত্রিশ বছরের রাজত্ব উচ্ছেদ করে মমতা বন্দ্যোপাধ্যায় ভারতময় এমন প্রভাবশালী হয়ে উঠেছিলেন যে, এক সময় মনে হয়েছিল, দিল্লিতে নড়বড়ে কংগ্রেস রাজত্বের উচ্ছেদ ঘটার পর মমতা বন্দ্যোপাধ্যায়ই দিল্লির মসনদে বসবেন এবং 'দ্বিতীয় ইন্দিরা' হবেন।

সম্ভবত এ সম্ভাবনা দেখেই তৎকালীন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটন সব প্রথা ভেঙে অন্য দেশের একটি রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে সরাসরি কলকাতায় ছুটে এসেছিলেন। অবশ্য মমতা বন্দ্যোপাধ্যায় 'দ্বিতীয় ইন্দিরা গান্ধী' হতে পারেননি। ভারতে হঠাৎ 'মোদি ঝড়' দেখা দেওয়াতে সর্বভারতীয় রাজনীতিতে মমতার গুরুত্ব স্থায়ী হয়নি।

'মোদি ঝড়' শুধু দিল্লির সিংহাসন টলায়নি, ভারতে বহু রাজ্যে বিজেপিকে ক্ষমতায় বসিয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গে পারেনি। মমতার রাজত্বে বিজেপি বহুদিন একটা আঁচড় বসাতে পারেনি। পশ্চিমবঙ্গের রাজনীতিতে মমতা বন্দ্যোপাধ্যায় হয়ে দাঁড়িয়েছিলেন সুপ্রিমো। তার কোনো প্রতিদ্বন্দ্বী রাজ্যের রাজনীতিতে দাঁড়ায়নি। তৃণমূলের সামনে কংগ্রেস-কমিউনিস্ট-বিজেপি কোনো দল দাঁড়াতে পারেনি।



কেন্দ্রে ক্ষমতাসীন দল হয়েও পশ্চিমবঙ্গে বিজেপি মাথা তুলতে পারেনি। এখন বিজেপি ধীরে ধীরে মাথা তুলছে। ভারতের দ্বিতীয় সাধারণ নির্বাচনেও মোদি জিতেছেন। তারপর প্রধানমন্ত্রী মোদি এবং দলের সভাপতি অমিত শাহ দুজনে পশ্চিমবঙ্গ ও অন্যান্য বিরোধী রাজ্যের ওপর নজর দেন। ত্রিপুরা থেকেও বহুকালের দীর্ঘ সিপিএম শাসন গত রাজ্য নির্বাচনে উচ্ছেদ করা হয়।

পশ্চিমবঙ্গে বাম যুক্তফ্রন্ট শাসন পচতে শুরু করে তাদের মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর মৃত্যুর পর। তৃণমূল শাসনে পচন শুরু হয় তাদের এক মেয়াদের শাসনের পরই। তৃণমূল আদর্শে বিশ্বাসী কোনো দল নয়। কংগ্রেস ত্যাগী এবং কংগ্রেস থেকে বিতাড়িত কিছু নেতা এবং অন্যান্য দলের কাছ থেকেও ক্ষমতার প্রলোভন দেখিয়ে বের করে আনা নেতা ও কর্মী মিলিয়ে তৃণমূল গঠিত। দলের নেত্রী এবং বর্তমান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও রাজনীতিতে বহু ঘাটের জল খাওয়া নেত্রী।

তিনি কংগ্রেসে ছিলেন। তিনি অসাম্প্রদায়িক ও ধর্মনিরপেক্ষ রাজনীতির কথা বলেন।

আবার বাংলাদেশ থেকে '৭১-এর মুক্তিযুদ্ধ ও তার পরে পলাতক বিহারি মুসলমানরা, যারা পশ্চিমবঙ্গে গিয়ে স্থানীয় মুসলমানদের চেয়েও বেশি প্রতিষ্ঠা লাভ করেছেন, তাদের তোল্লা দেন। বামফ্রন্ট সরকার এটা করেছিল ভোটের রাজনীতির জন্য। মমতাও সেই একই উদ্দেশ্যে কাজটা করেছিলেন। তার প্রতিফলও তিনি পেয়েছিলেন পরবর্তীকালে।

প্রথম দফায় মমতা যখন নির্বাচনে জয়ী হয়ে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হন, তখন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাকে অভিনন্দন জানিয়েছিলেন। শেখ হাসিনা সম্ভবত আশা করেছিলেন, দিল্লির সঙ্গে ঢাকার বিভিন্ন বিরোধ-মীমাংসার ব্যাপারে নিকট প্রতিবেশী এবং একই ভাষাভাষী পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় হয়তো সহায়তা জোগাবেন। তার পূর্ববর্তী বাম মুখ্যমন্ত্রী জ্যোতি বসু শেখ হাসিনাকে কন্যার মতো স্নেহ করতেন এবং দিল্লির সঙ্গে গঙ্গার পানি নিয়ে চুক্তি করায় বাংলাদেশকে সাহায্য করেন। শেখ হাসিনার হয়তো আশা ছিল, তিস্তা নদীর সমস্যা মীমাংসায় মমতা বন্দ্যোপাধ্যায় অনুরূপভাবে ↘ এরপর ১২ পৃষ্ঠায়



> গত শনিবার থেকে যে নির্বাচন শুরু হয়েছে, তাতে তৃণমূল ও বিজেপির মধ্যে হাড্ডাহাড্ডি লড়াই চলবে বলে অনেকেরই ধারণা। যে দলই জিতুক, সামান্য মার্জিনে জয়ী হবে বলেও অনেকের ধারণা। অসাম্প্রদায়িক ও ধর্মনিরপেক্ষ দল বলে পরিচিত কংগ্রেস ও বামফ্রন্টের দলগুলো কি এই নির্বাচনে তলিয়ে যাবে? বিজেপি যদি এই নির্বাচনে জেতে, তাহলে ভারতে এই দুই আদর্শের শেষ ঠিকানাও আর থাকবে না। এক্ষেত্রে ভালো হোক, মন্দ হোক, তৃণমূলই পশ্চিমবঙ্গের অসাম্প্রদায়িক জনগণের শেষ ভরসা। কিন্তু তৃণমূল কি এবার এত বড় ধাক্কা সামলাতে পারবে?

# মিয়ানমারে জান্তা গোষ্ঠীর বিরুদ্ধে 'সামাজিক শাস্তি'

প্রফেসর ড. মোঃ ফখরুল ইসলাম

> পাশাপাশি বিতাড়িত রোহিঙ্গা মুসলমানদেরকে নিজ দেশে ফেরার বিষয়টি অর্ন্তভুক্ত করে সকল রোহিঙ্গা যুবকদেরকে এই আন্দোলনে শরীক করে নেবার উদারতা দেখাতে হবে। আন্দোলনকারীগণ ভাবছেন- একটি ব্যাপক 'সামাজিক শাস্তি' প্রক্রিয়া চালু না হলে জান্তাদের অপতৎপরতা সমূলে উৎপাটন করা সম্ভব হবে না। শুধু মিয়ানমারেই নয় বরং 'সামাজিক শাস্তি' প্রক্রিয়া চালু হবার মাধ্যমে অবৈধ সামরিক কায়দায় নিরীহ মানুষ হত্যাকারী ও তাদের দোসরদের উৎপাটিত করে বিশ্বব্যাপী নিপীড়িত জনগণের সার্বিক অধিকার ফিরে আনতে হবে তাবৎ মুক্তিকামী তরুণদেরকে

গত ১ ফেব্রুয়ারি ২০২১ ভোরবেলা মিয়ানমারে রক্তপাতহীন সামরিক অভ্যুত্থান ঘটান সেনাপ্রধান মিন অং হ্লেইং। কিন্তু তারপর থেকে দেশটিতে সামরিক বাহিনীর নির্মম নির্যাতন ও রক্তপাত ঘটানোর সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। অ্যাসিসট্যান্স অ্যাসোসিয়েশন ফর পলিটিক্যাল প্রিজনার্সের তথ্যমতে, মিয়ানমারে জান্তাবিরোধী বিক্ষোভে মার্চ ২৭ সকালে দেশটির সশস্ত্র বাহিনী দিবস পালন করার সময় ৯৩ জনকে গুলি করে হত্যা করা হয়। এনিয়ে এ পর্যন্ত দেশটিতে অন্তত ৪০৮ জন নিহত হয়েছেন।



রাজধানী ইয়াঙ্গুন ছেড়ে ভারতের মিজোরাম ও থাইল্যান্ড সীমান্ত দিয়ে হাজার হাজার সাধারণ মানুষ পালিয়ে জীবন রক্ষা করছেন। এরপরও গণতন্ত্রকামী মানুষ মৃত্যুভয় উপেক্ষা করে বুলেটের সামনে নিজেদেরকে সঁপে দিয়ে আন্দোলন চালিয়ে যাচ্ছেন।

কিছুদিন আগে নাগরিক অসহযোগ আন্দেলন-সিডিএম নামক সংগঠন 'সামাজিক শাস্তি' নামে নতুন এক আন্দোলনের ডাক দিয়েছেন। এই আন্দোলন বেশ সাড়া ফেলেছে।

'সামাজিক শাস্তি' নামক বিশেষ আন্দোলনের উদ্দেশ্য হলো- সামরিক জান্তাদের পরিবার ও সহযোগীদের সামাজিকভাবে বয়কট করা এবং নানা ধরনের শাস্তির মধ্যে গণ্য করার জন্য পাকড়াও করা। সামাজিকভাবে হেয় করা, ঘৃণা ও লজ্জা দেয়ার জন্য এই ডাক দেয়া হয়েছে।

সামরিক সদস্যদের আনুকূল্যে পরিচালিত প্রতিষ্ঠানগুলোতে জান্তাদের আত্মীয়-স্বজনরা চাকুরি করেন। স্বজনপ্রীতির মাধ্যমে নিয়োগকৃতরা অনেকে বড় বড় প্রতিষ্ঠানের মালিক বনে গেছেন। সেনা প্রধানের মেয়েও সিনেমার প্রযোজনা করছেন ও সিনেমাশিল্পকে নিয়ন্ত্রণ করছেন বলে জানা গেছে।

সিডিএম-এর সদস্যরা জান্তাদের সন্তানরা কোন দেশে পড়াশুনা করছে এবং কোন কোন প্রতিষ্ঠানের অবৈধ মালিক তা খুঁজে বের করে ফেসবুক. টুইটার, ইন্সট্রাগামে সারা পৃথিবীতে ছড়িয়ে দিচ্ছে সামাজিক শাস্তির অংশ হিসেবে। তবুও জান্তাদের কোন বিকার নেই। থামছে না গুলিতে মৃত্যু।



কয়েকদিন পূর্বে এক বাবাকে সৈন্যরা গুলি করে। গুলিটি তার কোলে থাকা সাত বছরের মেয়ের দেহে লেগে মেয়েটি মারা যায়। রাস্তায় চলতে বাজার ফেরত থাকা নিরীহ মানুষকে হামাগুড়ি দিয়ে চলতে বাধ্য করা হয়েছে। যেসকল চাকুরীজীবী সরকারের বিরোধিতা করে রাস্তায় নেছে তাদেরকে বাড়ি বাড়ি গিয়ে অনুসন্ধান করে খুঁজে বের করে গ্রেপ্তার করা হয়েছে। অনেকে প্রাণভয়ে চাকুরি ছেড়ে মিজোরাম ও থাইল্যান্ড সীমান্তের দিকে পালিয়ে জীবন রক্ষা করার চেষ্টা করছেন। জান্তারা রোহিঙ্গা মুসলিমদেরকে বাধ্য করেছিল বাংলাদেশ সীমান্তে ঠেলে দিয়ে। আর এখন জান্তাদের ভয়ে বৌদ্ধ ভিক্ষুসহ অন্য ধর্মের মানুষ ভিন দেশে পাড়ি জমাচ্ছে। পালাতে গিয়ে বড়দের সাথে বিশজন শিশুও মৃত্যুবরণ করছে।

এছাড়া বন্দী করা হয়েছে সুচি-র দলের মন্ত্রী, এমপি, প্রাদেশিক প্রতিমন্ত্রীকে। সাথে বিবিসি সাংবাদিক অং থুরাসহ চল্লিশজন সাংবাদিককে বন্দী করা হয়েছে। আন্তর্জাতিক চাপে বিবিসি সাংবাদিক অং থুরা কে মুক্তি দেয়া হলেও অন্যদেরকে জেলখানায় পুরে রাখা হয়েছে। মিয়ানমারে সামরিক নির্যাতন বিরোধিতা করে স্বৈরাচার প্রতিরোধে পিপলস্ আর্মি গঠিত হয়েছে। তারা আন্দোলনের পাশাপাশি জাতিসংঘ ও আন্তর্জাতিক মানবাধিকার সংগঠনগুলোর দিকে সাহায্যের জন্য তাকিয়ে আছে।

কিন্তু কেন এই অসভ্যতা? একটু গভীরে দৃষ্টি দিলে বোঝা যেতে পারে, সারা পৃথিবীতে স্মরণাতীত কাল থেকে চলে আসছে 'মাৎস্যন্যায়'। অর্থাৎ, 'জোর যার মুল্লুক তার'। গণতন্ত্রের নামে এই অপতৎপরতাকে লাগাম টানার ব্যবস্থা করা হলেও দেশে দেশে সামরিক গণতন্ত্রের নামে জনগণের উপর চালানো হয়েছে নিপীড়ন, নির্যাতন। এই অবস্থা দুটো দিক দিয়ে বিস্তার লাভ করে। প্রথমত চুরি করা ও চুরির প্রতিবাদে মানুষ যাতে রাস্তায় বের হতে না পারে সেজন্য তথ্য ও প্রশাসনিক প্রক্রিয়াকে কব্জা করে অন্যায় কাজে ব্যবহার করা। এই চুরি হচ্ছে- অর্থচুরি, জালিয়াতি, স্বজনপ্রীতি দুর্নীতি ইত্যাদির মাধ্যমে নিজেদের ও বংশবদদের উদর পুর্তির ব্যবস্থা করা। আর ডাকাতি হচ্ছে- গণতন্ত্রের লেবাসে সামরিক কায়দায় গণতন্ত্র নামটি ব্যবহার করে ভোট ডাকাতি, ব্যাংক ডাকতি, বিদেশে অর্থ পাচার করে পরিবারকে দিয়ে সেখানে ভোগ-বিলাসে মত্ত রাখা ও শক্তিশালী বিদেশী প্রভুদের তোয়াজ করে দেশের ক্ষমতাকে জিইয়ে রাখা। গণতন্ত্রহীন গরীব দেশগুলোর ক্ষেত্রে এটাই হচ্ছে দীর্ঘদিনের প্রচলিত অনুশীলন। তাই কোন দেশের মানুষ নিজেদের অধিকার হরিত হয়ে দীর্ঘদিন রাজনৈতিক ও সামাজিক সচেতনতা হারিয়ে ফেললে সেখানে পুনরায় জেঁকে বসে এই ধরণের মানবাধিকার হরণের হোলিখেলা। অং সান সুচির ক্ষমতা লাভের পূর্বে মিয়ানমার দীর্ঘদিন যাবত সামরিক শাসনের অধীনে থাকায় সেদেশের জনগণের কন্ঠরোধ করা ছিল। তারা জান্তাদের ভয়ে অন্যায়ের প্রতিবাদ করার ভাষা ভুলেই গিয়েছিল। সামরিক ছত্রছায়ায় সংখ্যাগুরু গোষ্ঠী সংখ্যালঘু ↘ এরপর ২০ পৃষ্ঠায়



# তরুণদের বিভ্রান্ত করবেন না প্লিজ

রেজানুর রহমান



ক্ষমা করবেন এই লেখাটির জন্য। তারুণ্য,আর দশ জনের মতো আমারও পছন্দের বিষয়। দেশের মহান স্বাধীনতা সংগ্রামে জীবন বাজি রেখে তরুণরাই সামনের কাতারে এগিয়ে ছিল। বর্তমান সময়ে খেলাধুলা, ব্যবসা-বাণিজ্য,সাংবাদিকতা এবং আইটি সেক্টরসহ নানা ক্ষেত্রে মূলত তরুণরাই নেতৃত্ব দিচ্ছে। কিন্তু তরুণদের কথা লিখতে গিয়ে ক্ষমা চাইছি কেন? কী এমন ঘটলো যে ক্ষমা চাইতে হবে?

মূল বিষয়ে যাওয়ার আগে একটা ছোট্ট ব্যাখ্যা প্রয়োজন। আমরা সামনে থেকে চোখের দেখা যা দেখি সেটাই কি আসল সত্য? খেলাধুলা, ব্যবসা-বাণিজ্য, সাংবাদিকতা, আইটি সেক্টরে আমাদের তরুণদের ঈর্ষণীয় সাফল্য রয়েছে। কিন্তু এটা হলো চোখের দেখা। সামনা-সামনি দেখা। তবে যা কিছু দেখতে পাই না তা মোটেই সুখের নয়। দেশের তরুণ প্রজন্মের একটা বড় অংশ একটু যেন বিভ্রান্ত, দিশাহীন। আমরা অনেকেই তা জানি। অনেকে আড্ডা, আলোচনায় সে কথা বলিও। কিন্তু কাজের কাজ কিছুই হয় না।

একটু খেয়াল করলেই দেখবেন, যেখানেই কোনও ঘটনা সেখানেই তরুণদের উপস্থিতি। পকেটমার ধরা পড়েছে। তাকে ধোলাই করতে হবে? কেউ একজন শুরু করলেই দেখবেন উৎসাহী তরুণের অভাব হয় না। বুঝে না বুঝে 'ধোলাই' শুরু হয়ে গেলো। হয়তো বিপদে পড়েছে কোনও মানুষ। সে ক্ষেত্রে তাকে বিপদ থেকে উদ্ধারের চেয়ে সেলফি তোলায় ব্যস্ত হয়ে ওঠে অনেকে। অথবা ফেসবুকে লাইভ টেলিকাস্ট শুরু করে দেয়। অথচ 'লাইভ' না করে সে যদি আশপাশের আরও কিছু মানুষের সহায়তা নিয়ে বিপদগ্রস্ত মানুষটির পাশে দাঁড়ায় তাহলে হয়তো অসহায় মানুষটি বেঁচে থাকার সাহস করতে পারে। রাস্তায় মিছিল নেমেছে। কোনও কিছু না বুঝেই মিছিলে নেমে যায় অনেক তরুণ। গাড়ি ভাঙে,পথচারীদের হুমকি দেয়। কেন সে এটা করে নিজেও জানে না। অথচ অতীতকালে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর ঝোঁকটাই বেশি ছিল তরুণদের মধ্যে। বিপদগ্রস্ত মানুষ পাশে কোনও তরুণকে দেখলে বুকে সাহস পেতো। তরুণদের মিছিল দেখলে সাহস করে এগিয়ে এসে বাহবা দিতো। এরপর ২২ পৃষ্ঠায়



# তোতাকাহিনি

ধ্রুব নীল



এক লোক খুব টেনশন নিয়ে দৌড়াচ্ছে। সামনে যাকে পাচ্ছে তাকে বলছে, ভাই আমার তোতাটা হারিয়ে গেছে! এক লোক বিরক্ত হয়ে বললো, ভাই! আমাকে বলছেন কেন? থানায় যান! রিপোর্ট করুন গিয়ে।

তোতা হারানো লোকটা মিনমিন করে বললো, 'না মানে, বলতে চাচ্ছিলাম, তোতা দিয়ে আমার কাজ নেই। তবে ওই তোতার কথায় কিন্তু ভুলেও কান দেবেন না!'

দেশের আকাশে আগে উড়তো শকুন, এখন উড়ছে তোতা। আওড়ে যাচ্ছে শেখানো বুলি। বলতেই থাকবে। থামতে বললে লাভ হবে না। বোঝালেও কাজ হবে না। তোতাকে ধরে খাঁচায় পুরে রাখুন, একই কথা বলে যাবে। কারণ, চিন্তাভাবনা করে কথা বলার জন্য তো উন্নত মগজ লাগে। তোতার সেটা তৈরি হয়নি। চিন্তার শক্তি সহনশীল করে, ধৈর্য ধরতে শেখায়, কখন কী করতে হবে সেটার অনেক বিকল্প পন্থা ভাবতে শেখায়। হুট করে মাথা গরম করতে শেখায় না। প্রচন্ড ঘৃণা থেকে একটা কিছু করে ফেলার তাগিদ দেয় না। তবে চিন্তাশীল হওয়া মানে যে কাউকে একেবারে ঘৃণা করা যাবে না তা নয়। ঘৃণা করাটা দোষের কিছু নয়। আমরা অনেকেই অনেক কিছু ঘৃণা করি। মাদার তেরেসাও হিটলারকে ঘৃণা করতেন। তিনি একবার এক সাংবাদিকের প্রশ্নের জবাবে উষ্মা নিয়ে বলেছিলেন, 'একসময় আমার হৃদয়েও একটা হিটলার বাস করতো'। কিন্তু সেই ঘৃণার প্রকাশে মাদারা তেরেসা কিন্তু একটা খেলনা গাড়িও ভাঙেননি। কারণ, এই ঘৃণাটা যতই প্রকাশ করতে যাবেন, দেখবেন ততই আপনার সহনশীলতা হারিয়ে যাচ্ছে, ততই আপনার ভেতর বাড়ছে 'সীমালঙ্ঘন'-এর প্রবণতা।

তোতা হারানো লোকটার কাছে যাই এবার। তোতাকে বুলি শিখিয়ে বিপদে পড়েছেন তিনি। তোতাটা যে তার স্কুলের ছাত্র, এটা সবাই জানে। তার শেখানো বুলিতে যে গলদ আছে সেটাও জানা কথা।

কিন্তু ওই লোকটা জানে না যে তোতাকে বুলি শেখানোর প্রক্রিয়াটাই ভুল। তোতাকে বুদ্ধিমান বানাতে চাইলে সবার আগে তাকে খাঁচামুক্ত করতে হবে। তাকে তার চোখ দিয়ে বিশ্বটাকে দেখতে দিতে হবে। প্রয়োজনে টেলিস্কোপ কিনে দিয়ে মহাবিশ্ব দেখতে দিতে হবে। তারপর বলতে হবে, 'এই দেখ বাছা, মহাবিশ্ব কত বিশাল। এটার কিন্তু সীমা-পরিসীমা নেই। এর তুলনায় আমাদের দুনিয়া অতি ক্ষুদ্র। তবে নিজেকে যতই ক্ষুদ্র মনে হোক, মহাবিশ্বের বিশালতার চেয়ে আমাদের জীবন কিন্তু অনেক বড়। আমরা কেন বড়? আমরা জানি আমাদের নাম মানুষ, একটা গ্যালাক্সি কিন্তু জানে না যে ওর নাম গ্যালাক্সি। সুতরাং জীবন একটা উপহার। হিংস্রতার চক্রে আটকে গিয়ে বেমক্কা মরে যাওয়ার জন্য এ জীবন নয় রে বোকা।'

তাই তোতা হারানো মানুষটাকে বলি, পাখিকে মারধর করে মুখস্থ বুলি আওড়াতে না শিখিয়ে সত্যিকারের কথা বলতে শেখান, এ ডাল ও এরপর ১২ পৃষ্ঠায়






**মেষ (২১ মার্চ-২০ এপ্রিল):** গৃহে বা কর্মস্থানে মাথা প্রচুর ঠান্ডা রেখে চলতে হবে, পরিস্থিতি বিরুদ্ধে যাওয়ার আশঙ্কা রয়েছে। আর্থিক টানা পোড়নের জন্য সংসারে অশান্তি হতে পারে। মা-বাবার সঙ্গে সুসম্পর্ক বজায় থাকবে। কাজের জন্য বিদেশে যাওয়ার সুযোগ আসতে পারে। সৃষ্টিশীল কোনও কাজের জন্য উন্নতির যোগ আসতে পারে। প্রেম প্রণয়ে জটিলতা নিয়ে বাড়িতে কোনও বিবাদ বাধতে পারে। লটারি বা ফাটকা প্রাপ্তি হতে পারে। শত্রুর ব্যাপারে কোনও সিদ্ধান্ত নেওয়ার আগে চিন্তা করুন। প্রিয়জনের শরীর খারাপ থাকার জন্য মন কষ্ট বাড়বে। কোনো দূর ভ্রমণের পরিকল্পনা বাণিল হয়ে যেতে পারেন।



**বৃষ (২১ এপ্রিল-২০ মে):** অর্থ উপার্জনের ভাগ্য ভাল ও আর্থিক উন্নতি থাকবে। সাংসারিক শান্তি বজায় থাকলেও রাতের দিকে অশুভ। অযথা কোনও ঝামেলায় জড়িয়ে পরতে পারেন। শরীরের কোনও অংশে আঘাত লাগার সম্ভাবনা রয়েছে। বাড়তি কোনও কথা বাড়িতে বিবাদ আনতে পারে। সন্তানের লেখাপড়া নিয়ে চিন্তা বাড়তে পারে। অভিনয় নিয়ে যারা কাজ করেন তাদের জন্য ভাল সময়। ব্যবসার দিকে ভাল কাজের সুযোগ আসতে পারে। টাকার ব্যাপারে বাড়িতে কোনও চিন্তা বাড়তে পারে। দাঁতের কোনও সমস্যা বৃদ্ধি পেতে পারে। কাজের জন্য বাইরে যাওয়ার সম্ভাবনা আছে।



**মিথুন (২১ মে-২০ জুন):** প্রেমের বিষয়ে খুব সতর্ক থাকতে হবে, প্রতারিত হওয়ার যোগ আছে। আপনার মনের কথা বলার জন্য সঠিক মানুষ পাবেন। গুরুজনদের পরামর্শ মেনে চলুন। ব্যবসায়িক প্রতিযোগিতা থাকলেও প্রতিষ্ঠা পাবেন। নতুন কোনও কাজের যোগাযোগ আসতে পারে। অনেক দিনের কোনও আশা পূর্ণ হতে পারে। গবেষণাতে সাফল্য লাভ করবেন। প্রেমের ব্যাপারে জটিলতা বাড়তে পারে। কোনো ইউনিয়ন বা চাকরি ক্ষেত্রে আন্দোলনে জড়াতে পারেন।



**কর্কট (২১ জুন-২০ জুলাই):** কর্মক্ষেত্রে দায়িত্ব পালন নিয়ে ঝামেলা বাধতে পারে। শরীরের কোনও সমস্যায় বহু অর্থ ব্যয় হতে পারে। ভ্রমণের পরিকল্পনায় বাধা আসতে পারে। শিক্ষামূলক কাজে যারা যুক্ত তাদের বিশেষ সহায়তা পাবার সম্ভবনা। নতুন ব্যবসার দিকে আগ্রহ বাড়তে পারে। সম্পত্তির ব্যাপারে প্রতিবেশীর সঙ্গে বিবাদ হতে পারে। দীর্ঘ দিনের কোনও আশা পূর্ণ হতে পারে। আগুন থেকে একটু সাবধঠু থাকুন। পারিবারিক জীবনে অশান্তি বাড়তে পারে। অর্থ আদান প্রদান নিয়ে বন্ধুর সঙ্গে ঝামেলা হতে পারে। চাকুরীর স্থানে সুনাম বাড়তে পারে।



**সিংহ (২১ জুলাই-২০ আগষ্ট):** ব্যয়ের দিকে একটু বেশি নজর দিতে হবে বা সংযত থাকতে হবে। শরীরে নানা প্রকার রোগের উপদ্রব বাড়তে পারে। চাকরিক্ষেত্রে কর্তৃপক্ষের মনমেজাজ সম্পর্কে দুর্ভাবনার আশঙ্কা। স্ত্রীর সঙ্গে মতবিরোধ কেটে যাবে। সন্তানের সুবুদ্ধি ঘটতে পারে। ব্যবসার দিকে কোনও নতুন কিছু হতে চলেছে। অর্থ ব্যাপারে চাপের কারণে সংসারে অশান্তি হতে পারে। গুরুজনের সঙ্গে আলোচনাতে বিপদ থেকে উদ্ধার পেতে পারেন। প্রতিবেশীর কারনে সামাজিক বদনাম আসতে পারে। গঠনমূলক কোনও কাজের জন্য উন্নতি আসতে পারে। দূরে ভ্রমণের আলোচনা ভেস্তে যেতে পারে।



**কন্যা (২১ আগষ্ট-২০ সেপ্টেম্বর):** কারোর বিরুদ্ধে কোনো কার্যাকলাপে যেতে নিরস্ত হবেন। কর্মক্ষেত্রে বিরোধী মনোভাব ত্যাগ করাই ভাল। মামলায় জড়িয়ে পড়ার একটা সম্ভাবনা আছে। ৬ তারিখে স্নেহভাজন কারও সঙ্গে ঝামেলা বাধতে পারে। প্রেমে নতুন মোড় ঘুড়তে পারে। বিদেশে থাকা বন্ধুর খবর আসতে পারে। বাড়িতে কোনও আত্মীয়র শত্রুতার জন্য স্বামী-স্ত্রীর বিবাদ অনেক দূর অবধি যেতে পারে। বাড়তি কথা বন্ধু মহলে বিবাদ ডাকতে পারে। পুলিশের কাজের দিকে উন্নতি হতে পারে।



**তুলা (২১ সেপ্টেম্বর-২০ অক্টোবর):** ব্যয়ের দিকে একটু বেশি নজর দিতে হবে বা সংযত থাকতে হবে। শরীরে নানা প্রকার রোগের উপদ্রব বাড়তে পারে। চাকরিক্ষেত্রে কর্তৃপক্ষের মনমেজাজ সম্পর্কে দুর্ভাবনার আশঙ্কা। স্ত্রীর সঙ্গে মতবিরোধ কেটে যাবে। সন্তানের সুবুদ্ধি ঘটতে পারে। ব্যবসার দিকে কোনও নতুন কিছু হতে চলেছে। অর্থ ব্যাপারে চাপের কারণে সংসারে অশান্তি হতে পারে। গুরুজনের সঙ্গে আলোচনাতে বিপদ থেকে উদ্ধার পেতে পারেন। প্রতিবেশীর কারনে সামাজিক বদনাম আসতে পারে। গঠনমূলক কোনও কাজের জন্য উন্নতি আসতে পারে। দূরে ভ্রমণের আলোচনা ভেস্তে যেতে পারে।



**বৃশ্চিক (২১ অক্টোবর-২০ নভেম্বর):** প্রতিবেশীর দ্বারা ব্যবসায় কোনও প্রকার উপকার পেতে পারেন। কারও প্ররোচনায় হঠাৎ পা দিয়ে দেবেন না। পরিবারের অশান্তি মিটে যাওয়ার সংকেত রয়েছে। অতিরিক্ত কথায় ঝামেলার সৃষ্টি হতে পারে। শারীরিক চাপের জন্য কাজের ক্ষতি হতে পারে। পড়াশুনার জন্য ভাল সুযোগ আসতে পারে। কোনও শত্রুর কারণে বাড়িতে অশান্তি বৃদ্ধি পেতে পারে। প্রিয়জনের বাজে ব্যবহারের জন্য মন কষ্ট থাকবে। মধ্যভাগে কোনও ব্যবসাদারের সঙ্গে অর্থ নিয়ে তর্ক হতে পারে। জমি ক্রয় বিক্রয় নিয়ে আইনের ব্যবস্থা নিতে হতে পারে।



**ধনু (২১ নভেম্বর-২০ ডিসেম্বর):** অর্থ উপার্জনের ভাগ্য ভাল ও আর্থিক উন্নতি থাকবে। সাংসারিক শান্তি বজায় থাকলেও রাতের দিকে অশুভ। অযথা কোনও ঝামেলায় জড়িয়ে পরতে পারেন। শরীরের কোনও অংশে আঘাত লাগার সম্ভাবনা রয়েছে। বাড়তি কোনও কথা বাড়িতে বিবাদ আনতে পারে। সন্তানের লেখাপড়া নিয়ে চিন্তা বাড়তে পারে। অভিনয় নিয়ে যারা কাজ করেন তাদের জন্য ভাল সময়। ব্যবসার দিকে ভাল কাজের সুযোগ আসতে পারে। টাকার ব্যাপারে বাড়িতে কোনও চিন্তা বাড়তে পারে। দাঁতের কোনও সমস্যা বৃদ্ধি পেতে পারে। কাজের জন্য বাইরে যাওয়ার সম্ভাবনা আছে।



**মকর (২১ ডিসেম্বর-২০ জানুয়ারী):** ধর্ম আলোচনায় আপনি এগিয়ে থাকবেন। কর্মজগতে জনপ্রিয়তা পেতে পারেন। দেহের কোনও অংশে খুব ব্যাথা সৃষ্টি হতে পারে। কিছু কেনা বেচার জন্য অর্থ খরচ হতে পারে। প্রচুর খাটুনি হতে পারে। কাজের দিকে খুব ভাল সময় আসছে। বাড়িতে কোনও অতিথির জন্য খরচ বাড়তে পারে। ধর্মীয় কাজের জন্য মনের আনন্দ বাড়বে। লোকের সঙ্গে একটু বুঝে কথা বলুন। পিতার সম্পত্তির ব্যাপারে আইনি ব্যবস্থা নিতে হবে। প্রেমের ব্যাপারে নিঃসঙ্গতা আসতে পারে। ঋত শোধ নিয়ে চিন্তা বাড়তে পারে। অধ্যাপকেরা কর্মক্ষেত্রে ও কোনোরূপ গ্রন্থাদি প্রণয়নে শুভ ফল পেতে পারেন।



**কুম্ভ (২১ জানুয়ারী-২০ ফেব্রুয়ারী):** প্রিয়জনদের সাথে মতবিরোধ হতে পারে। সঙ্গীত চর্চার দিকে নতুন রাস্তা খুলতে পারে। পরীক্ষার্থীদের জন্য শুভ বলা চলে। পরিশ্রমের ফল ভাল হবে। আত্মীয়-স্বজনদের আগমন ঘটাতে পারে। বাড়তি কাজের চাপের জন্য শরীরে ক্লান্তি ভাব থাকবে। হৃদরোগীরা শরীর সম্পর্কে সচেতন থাকবেন। একাধিক উপায়ে অর্থাগমের যোগ আছে। পরিবারের কোনও কাজের ব্যাপারে মা-বাবার বিবাদ হতে পারে। আত্মীর সঙ্গে কোথাও দূরে ভ্রমণের আলোচনা হতে পারে। কোনও মহিলার প্রতি দুর্বলতা বাড়তে পারে। গবেষণাতে উন্নতির সুযোগ আসতে পারে।



**মীন (২১ ফেব্রুয়ারী-২০ মার্চ):** কর্মের সন্ধান করতে হতে পারে। অল্প সঞ্চয় নিয়ে স্ত্রীর সঙ্গে অশান্তি হতে পারে। প্রতিবাদী মনোভাবে সমাজে সম্মান বৃদ্ধি হতে পারে। সন্তানদের সঙ্গে সম্পর্ক ভাল থাকবে। কারিগরী ব্যবসায় যুক্ত ব্যক্তিদের আয় বৃদ্ধির যোগ। স্ত্রী ও সন্তান নিয়ে ভ্রমণের আনন্দ বাড়তে পারে। ব্যবসার দিকে খুব ভাল যাবে না। টাকার ব্যাপারে একটু চাপ বাড়তে পারে। পারিবারিক চিন্তা বৃদ্ধি পেলেও আর্থিক দিক থেকে অসুবিধা হবে না। কর্মসূত্রে দূর ভ্রমণের সুযোগ মিলতে পারে।

## নামাজের সময় সূচি

Prayer Times For New York City — এপ্রিল : ২০২১

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ০২ | ৫:২০ | ৬:৩৭ | ১২:৫৯ | ৪:৩৫ | ৭:২২ | ৮:৩৯ |
| ০৩ | ৫:১৯ | ৬:৩৬ | ১২:৫৯ | ৪:৩৫ | ৭:২৩ | ৮:৪১ |
| ০৪ | ৫:১৭ | ৬:৩৪ | ১২:৫৯ | ৪:৩৬ | ৭:২৪ | ৮:৪২ |
| ০৫ | ৫:১৫ | ৬:৩৩ | ১২:৫৯ | ৪:৩৬ | ৭:২৫ | ৮:৪৩ |
| ০৬ | ৫:১৩ | ৬:৩১ | ১২:৫৮ | ৪:৩৭ | ৭:২৬ | ৮:৪৪ |
| ০৭ | ৫:১১ | ৬:২৯ | ১২:৫৮ | ৪:৩৭ | ৭:২৭ | ৮:৪৬ |
| ০৮ | ৫:০৯ | ৬:২৮ | ১২:৫৮ | ৪:৩৭ | ৭:২৮ | ৮:৪৭ |

source: salahtimes.com

## নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব
# হাবিব ও আলমগীর ভারপ্রাপ্ত সভাপতি ও সম্পাদক




**আজকাল রিপোর্ট**

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি ডা. ওয়াজেদ এ খান এবং সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসলাম ব্যক্তিগত জরুরী কাজে বাংলাদেশ গমন করেছেন। তাদের অনুপস্থিতিতে সংগঠনের সহ-সভাপতি হাবিব রহমান ভারপ্রাপ্ত সভাপতি ও যুগ্ম সম্পাদক আলমগীর সরকার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করবেন। প্রেসক্লাবের এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে। উল্লেখ্য, প্রেসক্লাবের সভাপতি ডা. ওয়াজেদ এ খান এবং সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসলাম ১২ মার্চ থেকে ১৫ এপ্রিল পর্যন্ত বাংলাদেশে অবস্থান করবেন। এই সময় হাবিব রহমান ও আলমগীর সরকারকে ভারপ্রাপ্ত সভাপতি ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের দায়িত্ব দেওয়া হয়েছে।

## ২ ট্রিলিয়ন ডলারের নতুন প্যাকেজ

*১ পৃষ্ঠার পর*

জন সিনেট সদস্য। প্রভাবশালী এসব সিনেটর প্রেসিডেন্ট বাইডেনকে আহ্বান জানিয়েছেন, তাঁর আগামী প্রণোদনা প্রস্তাবে যেন জনগণের জন্য এই সুবিধা অন্তর্ভুক্ত করা হয়।

প্রেসিডেন্ট জো বাইডেন ঘোষিত ২ ট্রিরিয়ন ডলারের প্রস্তাবনায় রয়েছে– পুরনো হয়ে আসা সব সড়ক ও সেতু মেরামত, পরিবহন প্রকল্পগুলির উন্নয়ন, স্কুল ও হাসপাতাল ভবন পুনর্নির্মাণ প্রভৃতি। যেসব কাজে প্রচুর কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। এ ছাড়াও পরিবহন ক্ষেত্রে বিদ্যুৎ চালিত যানবাহনের সুবিধা সম্প্রসারণ এবং সারা দেশের পানি সরবরাহ ব্যবস্থাকে ঢেলে সাজাবার প্রস্তাবও রয়েছে।

এই সব অবকাঠামোগত দিক ছাড়াও তার প্রস্তাবনায় রয়েছে কর্মসংস্থান সৃষ্টির উল্লেখযোগ্য কিছু লক্ষ্য। এর মধ্যে রয়েছে সারা দেশের জন্য একটি ক্লিন এনার্জি ওয়ার্কফোর্স গড়ে তোলা, ম্যানুফ্যাকচারিং কর্মতৎপরতার সম্প্রসারণ এবং বয়স্ক ও অক্ষমদের সেবাদানের জন্য কেয়ারগিভিং পেশাকে আরো ব্যাপক ভিত্তিক করা। এ প্রস্তাবনা প্রসঙ্গে প্রেসিডেন্ট বাইডেন বলেছেন, এগুলিকে আমরা বিনিয়োগ হিসাবে দেখতে চাই। বিষয়টিকে এভাবেই সবাইকে দেখতে বলছি।

বাইডেনের এই অর্থনৈতিক এজেন্ডা এখন কংগ্রেসে পাশ হতে হবে। কিন্তু সমান সমান সদস্য সংখ্যার সিনেটে রিপাবলিকানরা ইতোমধ্যেই এর বিরুদ্ধে অবস্থান নিতে শুরু করেছেন। এ সংক্রান্ত বিল পাশে সিনেটে রিপাবলিকানদের সমর্থন জরুরি।

হোয়াইট হাউস সূত্রে জানান হয়েছে, প্রেসিডেন্ট বাইডেনের এই পরিকল্পনায় চারটি মূল খাত রয়েছে। এগুলি হচ্ছে, পরিবহণ অবকাঠামো, এর জন্য বরাদ্দ ধরা হয়েছে ৬২১ বিলিয়ন ডলার। গৃহস্থ জীবনের মানোন্নয়ন, এর জন্য বরাদ্দের প্রস্তাব করা হয়েছে ৬৫০ বিলিয়ন ডলার। অক্ষম ও বয়স্ক মানুষদের সেবা দান কর্মসূচি সম্প্রসারণ, এর জন্য ধরা হয়েছে ৪০০ বিলিয়ন ডলার এবং রিসার্চ, ডেভেলপমেন্ট ও ম্যানুফ্যাকচারিং খাতের জন্য ৩০০ বিলিয়ন ডলার। এই ব্যয় সংকুলানের জন্য বাইডেন কর্পোরেট ট্যাক্সের হার ২৮ শতাংশ পর্যন্ত বৃদ্ধি করতে চান। কর্পোরেশনগুলি বরাবর এই হারেই ট্যাক্স দিয়ে আসছিল। কিন্তু প্রেসিডেন্ট ট্রাম্প ২০১৭ সালে এই হার হ্রাস করেন। বাইডেন মার্কিন বহুজাতিক কর্পোরেশনগুলিরও নিম্নতম ট্যাক্স বাড়িয়ে ২১ শতাংশ করতে চান।

অধিকাংশ ডেমোক্র্যাট এ প্রস্তাবনার পক্ষে থাকলেও কেউ কেউ এর বাস্তবায়ন নিয়ে দ্বিধা প্রকাশ করেছেন। প্যাকেজটির সমর্থনে ডেমোক্র্যাটদের কেউ কেউ এমন অভিমতও প্রকাশ করেছেন যে শতাব্দী প্রাচীন সব অবকাঠামোর উন্নয়নের জন্য প্রস্তাবিত অর্থের পরিমাণ পর্যাপ্ত নয়। কিছু উদারনৈতিক আইন প্রণেতা প্রেসিডেন্ট বাইডেনের এই প্যাকেজকে খুবই সীমিত বলে মন্তব্য করেছেন। প্রগ্রেসিভ ককাসের চেয়ারপারসন ওয়াশিংটন থেকে নির্বাচিত রিপ্রেজেন্টেটিভ প্রমীলা জয়পাল এক বিবৃতিতে প্রেসিডেন্টের প্রস্তাবনাকে স্বাগত জানিয়ে বলেছেন, এটি এই লক্ষ্যে প্রথম পদক্ষেপ মাত্র। তিনি বলেছেন, এক প্রজন্মে আমাদের হাতে এমন সুযোগ একবারই আসে, যখন আমরা ক্ষমতা হাতে পাই।

এদিকে প্রেসিডেন্ট বাইডেনের এই প্রস্তাবনার বিরুদ্ধে রিপাবলিকানরা জোট বাঁধতে শুরু করেছেন। তারা কর বৃদ্ধির বিরোধী। কর বৃদ্ধির প্রস্তাবটি উল্লেখ করে সিনেটের মাইনরিটি লীডার মিচ ম্যাককনেল একে 'ট্রোজান হর্স' বলে অভিহিত করেছেন। তিনি বলেছেন, এই ট্রোজান হর্সের ভেতরে রয়েছে সব ঋণ করে আনা এবং ব্যাপক হারে বৃদ্ধি করা ট্যাক্সের অর্থ। যে অর্থ আনা হবে আমাদের অর্থনীতির সব উৎপাদনশীল খাত থেকে। এই প্যাকেজ যদি ব্যাপক ট্যাক্স বৃদ্ধি এবং জাতীয় ঋণের ওপর নির্ভলশীল হয় তবে তিনি একে সমর্থন করবেন না বলে জানান।

তবে প্রেসিডেন্ট বাইডেন বাইপার্টিজান ভিত্তিতে প্যাকেজটি পাশ করানোর ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেছেন। তিনি এ বিষয়ে খোলাখুলি মতবিনিময়ের জন্য রিপাবলিকানদের হোয়াইট হাউসে আমন্ত্রণ জানাবার ইচ্ছা ব্যক্ত করেছেন এবং ইতোমধ্যেই তিনি মিচ ম্যাককনেলকে ফোন করে কথা বলেছেন।

## বাংলাদেশ ভ্রমণে নতুন নির্দেশনা




*১ পৃষ্ঠার পর*

ছেড়ে দেওয়া হবে কিন্তু এক্ষেত্রে ভ্রমণকারীকে অবশ্যই বাধ্যতামূলক ১৪ দিনের হোম কোয়ারেন্টিন করতে হবে। আর কারো যদি উপসর্গ থাকে তাহলে ৪ দিনের বাধ্যতামূলক প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে থাকতে হবে এবং পরবর্তী ১০ দিন তাকে হোম কোয়ারেন্টিন করতে হবে। এক্ষেত্রে সরকার নির্ধারিত স্থানে বা হোটেলে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনের ব্যয় ভ্রমণকারীকে বহন করতে হবে। বাংলাদেশ সরকারের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বাংলাদেশে গমনেচ্ছুদের জন্য গত ৩১ মার্চ এই নতুন সার্কুলার জারী করেছে যা বাংলাদেশের স্থানীয় সময় আজ ২ এপ্রিল দিবাগত রাত ১২টা এক মিনিট (অর্থাৎ ৩ এপ্রিল ২০২১) থেকে ১৮ এপ্রিল দিবাগত রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত বলবৎ থাকবে। এছাড়াও এ সময়ের মধ্যে যুক্তরাজ্য (ইউকে) ব্যতিত ইউরোপের প্রতিটি দেশ, আর্জেন্টিনা, বাহরাইন, ব্রাজিল, চিলি, জর্ডান, কুয়েত, লেবানন, পেরু, কাতার, দক্ষিণ আফ্রিকা, তুরস্ক, উরুগুয়ে থেকে কেউ বাংলাদেশ ভ্রমণ করতে পারবেন না। এসব দেশের জন্য বাংলাদেশ ভ্রমণে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

# মাহবুবুল হায়দার মোহনের মৃত্যুবার্ষিকী পালিত




**আজকাল রিপোর্ট**

মুক্তিযোদ্ধা, গণসঙ্গীত শিল্পী, ক্রান্তি শিল্পী গোষ্ঠীর সভাপতি ও সম্মিলিত সাংস্কৃতিক জোট নেতা মাহবুবুল হায়দার মোহনের নবম মৃত্যুবার্ষিকী পালিত হয়েছে ২৩ মার্চ। ভার্চুয়ালভাবে আয়োজিত এই অনুষ্ঠানের পরিকল্পনা ও উপস্থাপনায় ছিলেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব মিনহাজ আহমেদ। অনুষ্ঠানে যোগ দেন দেশের খ্যাতিমান সঙ্গীত ব্যক্তিত্ব রথীন্দ্রনাথ রয় ও শহীদ হাসান, প্রবীণ সাংবাদিক সৈয়দ মোহাম্মদ উল্লাহ, ঘাতক দালাল নির্মুল কমিটির নেতা ফাহিম রেজা নুর, সঙ্গীত শিল্পী শাহ মাহবুব ও ফেরদৌসি ইকরাম এবং প্রয়াত মোহনের ছোট ভাই সাংবাদিক আকবর হায়দার কিরন। 'মাহবুবুল হায়দার মোহন স্মরন সভা' অনলাইনে সরাসরি প্রচার করা হয়। আলোচনার শুরুতে মিনহাজ আহমেদের পরিচালনায় মাহবুবুল হায়দার মোহন ভিত্তিক নির্মিত ডকুমেন্টারি প্রদর্শিত হয়।

উল্লেখ্য, ২০১২ সালের ২৪ মার্চ মাহবুবুল হায়দার মোহন মৃত্যুবরণ করেন। তার মৃত্যুর সময় হাসপাতালে বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন আসাদুজ্জামান নুর, নাসির উদ্দিন ইউসুফ বাচ্চু, ফকির আলমগীর, গোলাম কুদ্দুস সহ আরও অনেকে। বীর মুক্তিযোদ্ধা মাহবুবুল হায়দার মোহনের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাংলাদেশের অধিকাংশ সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন তাঁর জন্য আন্তরিক শোক প্রকাশ করে। শহীদ মিনারে তাঁর জন্য বিশেষ শ্রদ্ধা জ্ঞাপন অনুষ্ঠানে অর্ধশতাধিক ফুলের তোড়া অর্পন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদে মাহবুবুল হায়দার মোহনের জানাজা অনুষ্ঠিত হয় এবং কুমিল্লার গ্রামে রাষ্ট্রীয় মর্যাদায় তাকে দাফন করা হয়।

## ট্রাম্পের বিরুদ্ধে দুই পুলিশের মামলা

*৬০ পৃষ্ঠার পর*

উপস্থাপনকৃত নথিকে উদ্ধৃত করে মার্কিন সংবাদমাধ্যম এনপিআর এ তথ্য জানিয়েছে।

এ বছরের ৬ জানুয়ারি কংগ্রেস ভবন ক্যাপিটল হিলে তান্ডব চালায় ডোনাল্ড ট্রাম্পের সমর্থকরা। যুক্তরাষ্ট্রের আইনপ্রণেতারা যখন নভেম্বরের নির্বাচনে জো বাইডেনের জয় আনুষ্ঠানিকভাবে অনুমোদন করার জন্য অধিবেশনে বসেছিলেন,বিদায়ী প্রেসিডেন্ট ট্রাম্পের শত শত সমর্থক তখন পার্লামেন্ট ভবন ইউএস ক্যাপিটলে ঢুকে পড়ে। পুলিশ ও বিক্ষোভকারীদের মধ্যে তুমুল সংঘর্ষ হয়। এ ঘটনায় প্রাণ হারিয়েছে এক পুলিশ সদস্যসহ অন্তত পাঁচজন। এবার ওই সহিংসতার ঘটনায় উসকানির অভিযোগে ওয়াশিংটনে ফেডারেল কোর্টে মামলা করেছেন পুলিশ কর্মকর্তা জেমস ব্লেসিংগেম এবং সিডনি হেমবি।

মামলার অভিযোগপত্রে ওই দুই কর্মকর্তা দাবি করেছেন, ৬ জানুয়ারির ঘটনার পর থেকে তারা শারীরিক ও মানসিকভাবে অসুস্থ হয়ে পড়েছেন। সহিংসতায় জড়িত ব্যক্তিরা ট্রাম্পের সমর্থক। সাবেক এ প্রেসিডেন্ট তাদেরকে এই ভ্রান্ত অভিযোগ বিশ্বাস করাতে সমর্থ হয়েছিলেন যে, নির্বাচনে জালিয়াতির কারণে হোয়াইট হাউস থেকে তিনি সরে যেতে বাধ্য হয়েছেন। মামলার বাদী এবং ক্যাপিটল পুলিশ ও মেট্রোপলিটন পুলিশ বিভাগের অন্য সদস্যরা সেদিন যে আঘাত পেয়েছেন তার জন্য ট্রাম্পকেই দায়ী করা হয়েছে অভিযোগপত্রে। অভিযোগের পক্ষে প্রমাণ হিসেবে ট্রাম্পের বিভিন্ন টুইটার পোস্ট ও যুক্তরাষ্ট্রের নির্বাচন ব্যবস্থাকে প্রশ্নবিদ্ধ করে তার দেওয়া বিভিন্ন বক্তব্যের কপি উপস্থাপন করা হয়েছে।

ট্রাম্পের বিচারের পাশাপাশি আর্থিক ক্ষতিপূরণও দাবি করেছেন ওই দুই পুলিশ কর্মকর্তা।

## কনস্যুলেট ও ইউএস-বাংলাদেশ চেম্বারের আয়োজন
# বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বাণিজ্য ও বিনিয়োগ সেমিনার




**আজকাল রিপোর্ট**

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে নিউইয়র্কের বাংলাদেশ কনস্যুলেট জেনারেল এবং ইউএস-বাংলাদেশ গ্লোবাল চেম্বার অব কমার্সের যৌথ উদ্যোগে 'বাংলাদেশ- যুক্তরাষ্ট্র বাণিজ্য ও বিনিয়োগ সুযোগ' শীর্ষক একটি ভার্চুয়াল সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশের কনসাল জেনারেল সাদিয়া ফয়জুননেসা এবং ইউএস-বাংলাদেশ গ্লোবাল চেম্বার অব কমার্সের চেয়ারম্যান আজিজ আহমদের যৌথ সভাপতিত্বে গত ৩০ মার্চ অনুষ্ঠিত এই সেমিনারে প্রায় শতাধিক মার্কিন ব্যবসায়ী ও বিনিয়োগকারী অংশগ্রহণ করেন। ভার্চুয়াল এ অনুষ্ঠানটি সঞ্চালনায় সহায়তা করেন বিশিষ্ট মার্কিন ব্যবসায়ী এবং নিউইয়র্ক টাইমস এর প্রাক্তন ম্যানেজিং ডিরেক্টর মার্ক জোলার। এ সেমিনারে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান মোঃ সিরাজুল ইসলাম, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চলসমূহ কর্তৃপক্ষের (বেজা) নির্বাহী চেয়ারম্যান পবন চৌধুরী, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশনের (বিজিএমইএ) প্রেসিডেন্ট রুবানা হক, ইউসেপ-বাংলাদেশ এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল করিম, মেট্রোপলিটান চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির (এমসিসিআই) প্রেসিডেন্ট ব্যারিষ্টার নিহাদ কবির এবং বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এর প্রেসিডেন্ট সৈয়দ আলমাস কবির প্যানেলিÓ হিসেবে বাংলাদেশ থেকে অংশগ্রহণ করেন। সেমিনারে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতের প্রতিনিধি হিসেবে মিনিস্টার এবং ডেপুটি চীফ অব মিশন ফেরদৌসি শাহরিয়ার অংশ নেন। সেমিনারে মার্কিন স্টেট ডিপার্টমেন্টের প্রতিনিধি জেনিফার লারসেন, বিশিষ্ট মার্কিন ব্যবসায়ী এবং রকফেলার ফাউন্ডেশনের প্রতিনিধি স্টিভ রকফেলার, স্ট্রাটেজিক এক্সিকিউটিভ সার্চ গ্রুপের চেয়ারম্যান ক্রিস ট্রব, ওপেনএক্সোর চেয়ারম্যান সেলিম ইসমাইল, ইউএস-চায়না পার্টনার্সের চেয়ারম্যান সাভিও চ্যান, পিএসইজি এনার্জি রিসোর্সেস এর প্রেসিডেন্ট শহিদ মালিক, সাসটেইনেবেলিটি এজ সলুশনস এর প্রতিষ্ঠাতা জেবিন কাদির, নিউইয়র্ক ও নিউজার্সি মাইনরিটি ডেভেলপমেন্ট সাপ্লাই কাউন্সিল এর প্রধান নির্বাহী টেরান্স ক্লার্ক, গ্লোবাল বিজনেস এন্ড ইকোনোমিক ডেভেলপমেন্ট এক্স এর ভেন্চার ক্যাটালিস্ট ডেভিড ট্রব, গ্লোবাল ট্রেড এন্ড টেকনোলজি সেন্টার এর চেয়ারম্যান মাইলস এম ম্যাথিউস প্রমুখ বক্তব্য রাখেন। বক্তারা বাংলাদেশের অভাবনীয় সাফল্যের কথা উল্লেখ করে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বাংলাদেশকে উষ্ণ অভিনন্দন জানান। বিডা'র নির্বাহী চেয়ারম্যান বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন এবং বিনিয়োগ বান্ধব পরিবেশের একটি চিত্র তুলে ধরে সম্ভাব্য মার্কিন বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগের আহবান জানান। তিনি চলতি বছর বাংলাদেশে অনুষ্ঠিতব্য বিডা'র বিনিয়োগ শীর্ষ সম্মেলনে যোগদানের জন্য সকলকে আমন্ত্রণ জানান। জাপানের সুমিটোমোর বাংলাদেশে বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের উদাহরণ টেনে বেজা'র নির্বাহী চেয়ারম্যান বাংলাদেশের মার্কিন বিনিয়োগকারীদের অনুরূপ বিনিয়োগের আহবান জানান। মার্কিন বিনিয়োগকারীদের জন্য কৃষি, আইসিটি ও অটোমোবাইল সেক্টরে বাংলাদেশে বিনিয়োগ লাভজনক উল্লেখ করে রাষ্ট্রদূতের প্রতিনিধি ফেরদৌসি শাহরিয়ার আগামী ৬-৮ এপ্রিল অনুষ্ঠিতব্য বাংলাদেশ-ইউএস বিজনেস কাউন্সিল এর সার্বিক সাফল্য কামনা করেন। বিজিএমইএ প্রেসিডেন্ট রুবানা হক বলেন বিশ্বের শীর্ষ ১০টি গ্রীন গার্মেন্টস ফ্যাক্টরির ৯টিই বাংলাদেশে অবস্থিত, তাই বাংলাদেশের তৈরী পোষাক "গ্রীন প্রাইস" এর দাবীদার। এমসিসিআই প্রেসিডেন্ট ব্যারিষ্টার নিহাদ কবির টেকসই, উদ্ভাবনী বাণিজ্য এবং বিনিয়োগের উপর গুরুত্বারোপ করে বাংলাদেশে যুক্তরাষ্ট্রের বিনিয়োগ বৃদ্ধির আহবান জানান। বেসিস এর প্রেসিডেন্ট সৈয়দ আলমাস কবির এ.আই. (আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স), রোবোটিকস সহ তথ্য-প্রযুক্তি ক্ষেত্রে বাংলাদেশে বিনিয়োগের ব্যাপক সম্ভাবনার চিত্র তুলে ধরেন। গুরুত্বপূর্ণ এ অনুষ্ঠানটি কনস্যুলেটের ফেসবুকে সরাসরি সম্প্রচারিত হয়।




# সুবর্ণজয়ন্তীর বর্ণিল উদযাপন যুক্তরাষ্ট্র জাতীয়তাবাদী যুবদলের

**আজকাল রিপোর্ট**

গত ২৬ মার্চ নিউইয়র্কের জ্যাকসন হাইটসে একটি বর্ণাঢ্য র‌্যালির আয়োজন করে যুক্তরাষ্ট্র যুবদল। র‌্যালিতে অংশগ্রহণকারী সকলকে পরিয়ে দেয়া হয় লাল সবুজের পতাকা। হাতে ছিলো বাংলাদেশের জাতীয় পতাকা। স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের বিশাল বিশাল ছবিসম্বলিত প্রতিকৃতি মিছিলে বহন করা হয়। র‌্যালিটি জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজা থেকে শুরু হয়ে জ্যাকসন হাইটসে বিভিন্ন স্ট্রিট প্রদক্ষিণ করে আবারো ডাইভারসিটি প্লাজায় এসে শেষ হয়। বিভিন্ন স্থান থেকে আগত নেতাকর্মীদের অংশগ্রহণ, আনন্দ উৎসব এবং স্বাধীনতার ঘোষক জিয়া লও লও লাল সালাম স্লোগানে স্লোগানে পুরো এলাকা মুখরিত হয়ে ওঠে।

র‌্যালিতে যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লু, সাবেক সিনিয়র সহ সভাপতি গিয়াস আহমেদ, সাবেক সহ সভাপতি মঞ্জুর আহমেদ চৌধুরী, যুক্তরাষ্ট্র বিএনপি নেতা বাসেত রহমান, এবাদ চৌধুরী, যুবদল নেতা এ জি এম জাহাঙ্গীর হাসাইন, জাসাস কেন্দ্রীয় কমিটির যুগ্ম সম্পাদক গোলাম ফারুক শাহীন, নিউইয়র্ক স্টেট বিএনপির সভাপতি মাওলানা অলিউল্লাহ আতিকুল্লাহ, সাধারণ সম্পাদক সাইদুর রহমান সাইদ, দেওয়ান কাওসার, মানবাধিকার নেত্রী নীরা রব্বানী, যুক্তরাষ্ট্র যুবদল নেতা আহবাব চৌধুরী, মোহাম্মদ আবুল কাশেম, আমানত হোসেন আমান, শামীম মাহমুদ, জাফর তালুকদার, জাহাঙ্গীর এম আলম, মীর মশিউর রহমান, আশরাফুজ্জামান, এবিএম সিদ্দিক, মো: মাইনুল হাসান মহিদ, জাহাঙ্গীর আলম জয়, হামিদুর রহমান, মো: আলী রাজা, নিউইয়র্ক স্টেট যুবদলের সভাপতি কাজী আমিনুল ইসলাম স্বপন, সাধারণ সম্পাদক রেজাউল আজাদ ভুইয়া, বিএম বাদশাহ, মো: আশরাফ, এমদাদ তরফদার, মো: মাইনুদ্দিন, মাসুদ রানা, সিদ্দিক পাটওয়ারী, সেলিম আহমেদ, ইকবাল খান, আহসান উল্লাহ মামুন, ইউসুফ আলী, মো: মাইনউদ্দিন, উত্তম বণিক, সাজেদুল ইসলাম অরিক, যুক্তরাষ্ট্র শ্রমিকদলের সভাপতি জাহাঙ্গীর আলম, সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম শাহীন, সাংগঠনিক সম্পাদক মো: আবুল কালাম, মুক্তিযোদ্ধা মীর মশিউর রহমান, যুক্তরাষ্ট্র শ্রমিক দলের সিনিয়র সহ সভাপতি মোস্তাক আহমেদ, জাতীয়তাবাদী ফোরামের সভাপতি নাসিম আহমেদ, সোহাগ আফসার, শাহবাজ আহমেদ, তানিম আহমেদ, ফরিদ খন্দকার, সাহেদ আহমেদ, মো: লিপন, রুবেল আহমদ, চৌধুরী মোমিত তানিম প্রমুখ সহ বিপুল সংখ্যক মানুষ উপস্থিত ছিলেন।

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

---

**সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.**

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

**বিনামূল্যে পরামর্শ**
**কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা**
**গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে**
**বিকলাঙ্গ শিশুর জন্য**
**ফেডারেল ডিজএবিলিটি**
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# মোদীর হিন্দুত্বের আড়ম্বর এবং মুক্তিযুদ্ধ নিয়ে মিথ্যাচার

৫ পৃষ্ঠার পর

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে। সেখানে পাঁচটি চুক্তি সমঝোতাপত্র চূড়ান্ত হয়েছে।

শনিবারই মোদী যান ওড়াকান্দিতে হরিচাঁদ ঠাকুরের আদি বাড়িতে। পশ্চিমবঙ্গের নির্বাচনে 'মতুয়া' সম্প্রদায়ের ভোটারদের কথা মাথায় রেখে ওড়াকান্দিতে যাওয়া ছিল তার সফরের অন্যতম প্রধান কর্মসূচী। ভারতের অন্যান্য দলিত সম্প্রদায়ের মতো মতুয়ারাও বিজেপি'র দৃষ্টিতে নিম্নবর্ণের। কিন্তু যেহেতু মতুয়াদেরও ভোট আছে, পশ্চিমবঙ্গের কয়েকটি এলাকায় তাদের ভোটের গুরুত্ব অনেক। তাই সেখানে গিয়ে নিম্নবর্ণ অস্পৃশ্য মতুয়াদের কালী মায়ের পায়ে পড়ে ষাষ্টাঙ্গে ভক্তি প্রকাশ করেছেন।

পশ্চিমবঙ্গে মতুয়াদের ভোট পেতে তৃণমুল-বিজেপি'র লড়াই বেশ আগে থেকেই। হিন্দু সাম্প্রদায়িকতার প্রতিযোগিতামূলক রাজনীতিতে মতুয়া, রাজবংশী, বাগদী, বাউড়ি, মাঝি ইত্যাদির উপর দু'দলেরই বাড়তি নজর। সেকারণে জলপাইগুড়ির জল্পেশ মন্দির, শিবশক্তি যজ্ঞ মন্দির, কোচবিহারের মদনমোহনতলা, লোকনাথ মন্দির, ওঙ্কারনাথ ঠাকুরে ইতিমধ্যে উভয় দল প্রতিযোগিতা করে বরাদ্ধ দিয়েছে। কিন্তু তাতেও প্রশ্ন থেকে যাচ্ছে। তফসিলি ছেলেমেয়েরা বলছে আমরা এসব বরাদ্দ চাইনা। চাই স্থায়ী কাজ ও চাকুরি। চাই উচ্চ শিক্ষা, প্রশিক্ষণ, সামাজিক সম্মান ও মর্যাদা। তৃণমুল এসবের কিছুই করেনি। তাই ভোটের মুখে মতুয়া দলকে খুশি করতে বিজেপি তৎপর হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বড়মা বীণাপাণি ঠাকুরের জন্মশতবর্ষে (!) গিয়ে ঘোষণা করেছিলেন চাঁদপাড়ায় ৮.৮ একর জমিতে হরিচাঁদ গুরুচাঁদের নামে বিশ্ববিদ্যালয় হবে। হয়তো হবে, কিন্তু এখনো হয়নি। আরো বলেছিলেন, এই এলাকাকে বিশ্ব তীর্থক্ষেত্র হিসেবে গড়ে তুলবো। বিজেপি বলছে নদীয়ার মায়াপুরকে বিশ্ব পর্যটন কেন্দ্র, এমনকি বিশ্ব রাজধানী করে গড়ে তুলবে। মানুষ ভোটের আগে এসব কথার প্রতিযোগিতা দেখছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেছিলেন পর্যটন বিভাগ ঠাকুরনগরের মতুয়া বাড়ির দুই প্রান্তে গড়ে তুলবে দুই প্রবেশদ্বার। আলোয় ঝলমল করবে গোটা এলাকা। মাথা উঁচু করে গর্বের সঙ্গে জীবন যাপন করবে মতুয়ারা। আলোও হয়নি, গেটও হয়নি। কিছুদিন আগে ঠাকুরনগরের কামনা পুকুরের মাটি ও জল কলসিতে করে স্থানীয় সাংসদ এলাকা প্রদক্ষিণ করেছিলেন যা অযোধ্যার রাম মন্দিরের ভিত্তিতে ঢালা হবে বলে। বিশ্ব হিন্দু পরিষদ, রাম মন্দিরের ট্রাস্টি দলিতের মাটি বলে তা গ্রহণ করেনি। মমতার তৃণমুল দল এর প্রতিবাদ করলেও মমতা সরকার এই প্রতারণার জন্য, মতুয়াদের অপমানের জন্য বিজেপি'র কাউকে গ্রেফতার করার সাহস দেখায়নি।

লোকসভা নির্বাচনে মতুয়া, রাজবংশী ও অন্যান্য তফসিলভুক্ত মানুষের মধ্যে সমর্থন বেড়েছিল বিজেপি'র। ধর্ম শিকে গুঁজে ধর্ম কাবাব খাইয়েছিল মানুষকে। হিন্দুত্ব ও নাগরিকত্ব দিয়ে ভরিয়ে দিয়েছিল তফসিলিদের মন। বিজেপির এই হিন্দত্বে তফসিলির রান্নাঘরে খাবারের গন্ধ ভেসে আসে না। হিন্দুত্বের উচ্চস্বরে বিজেপি যা চেপে রাখতে চায় তা হলো, ওরা কারা? যাদের ছাতার নিচে ওদেও আশ্রয়, আরএসএসের সেই মাথা মোহন ভাগবত বলেছেন, বর্ণবিভাজন হিন্দুত্বের অংশ। বর্ণবিভাজন ছাড়া হিন্দুত্ব অস্তিত্বহীন। বিজেপি সারাদেশে নিঃশব্দে এই বর্ণব্যবস্থাই বজায় রাখছে। বর্ণব্যবস্থার হৃদয় মনুসংহিতায় তফসিলিদের অবস্থা শুধু অধিকারহীন দাসত্বের শৃঙ্খলে। এই মনুসংহিতাকেই তথাকথিত 'হিন্দু রাষ্ট্রের' সংবিধান বানাতে চায় আরএসএস। তাহলে দাসত্বে শৃঙ্খলিত হতেই কি তফসিলিরা হিন্দু রাষ্ট্রের পাতা ফাঁদে পা দেবেন? হরিয়ানার শোনপথের দুই দলিত শিশুকে শুধু নিম্নবর্ণের কারণে পুড়িয়ে মারা হয়েছিল। সেই ঘটনাকে কেন্দ্রীয় মন্ত্রী ভি কে সিং তুলনা করেছিলেন কুকুরকে ঢিল ছোঁড়ার ঘটনার সঙ্গে। দলিতদের কুকুর বলা সেই উক্তিকে সমর্থন করেছিলেন নরেন্দ্র মোদী। সেই ভি কে সিং আজও বহাল তবিয়তে কেন্দ্রীয় মন্ত্রী। স্বামী তাঁর স্ত্রীর মৃতদেহ টেনে হিঁচড়ে নিয়ে যাচ্ছে, শ্মশানে তার জায়গা হচ্ছে না নিম্নবর্ণের কারণে। এ দৃশ্য প্রত্যক্ষ করেছে সমগ্র ভারতের মানুষ। কেন্দ্রের বিজেপি সরকার নির্বিকার থেকেছে। যে উত্তরপ্রদেশকে হিন্দুত্বের মডেল বানাতে চাচ্ছে যোগী প্রশাসন, সেখানে দলিত কেন বিয়ের শোভাযাত্রা করবে সে অপরাধে তার নাক কাটা হয়েছে। যোগীর রাজ্যে মেঝে পরিস্কার করছে তফসিলি ছাত্ররা-সেই ছবি ছাপানোর জন্য সাংবাদিককে জেলে পুরেছে সরকার। খোদ বিজেপি'র লোক বলেছে, শূদ্র হত্যা পূণ্য কাজ এবং পাঁচ শূদ্র হত্যায় পাওয়ার যায় অশ্বমেধ যজ্ঞের পূণ্য। বিজেপির কোন নেতাকে এর প্রতিবাদ করতে শোনা যায়নি।

এনআরসি এক আজব কল। বিজেপি আসামে বলছে এ দিয়ে উদ্বাস্তুদের তাড়ানো হবে। পশ্চিমবঙ্গে বলছে এ দিয়ে উদ্বাস্তুদের নাগরিকত্ব দেওয়া হবে। আসামের ভোটে নাগিরকত্ব সংশোধনী আইন নিয়ে কেনো কথা বলা হচ্ছে না। পশ্চিমবঙ্গে বলা হচ্ছে করোনার টিকার পরে এনআরসি হবেই। এ নিয়ে রাজবংশীদের বলা হচ্ছে এ দিয়ে ভাটিয়াদের মানে নমঃশূদ্রদের তাড়ানো হবে। আর নমঃশূদ্রদের বলা হচ্ছে, এ দিয়ে নাগরিকত্ব দেয়া হবে।

মমতা যে এ ব্যাপারে পিছিয়ে নেই, তাও পরিস্কার। বামেরা বাধা না দিলে এতদিনে ডিটেনশন ক্যাম্প রাজারহাট আর বনগাঁতে হয়েই যেত। বিজেপি নিঃশর্ত নাগরিকত্বের কথা বলছে না। এনআরসি'র নাম করে মুসলমানদের বেআইনী অনুপ্রবেশকারী আর হিন্দুদের শরণার্থী বানাতে চাইছে বিজেপি। অধিকারহীন  করে তাদের দাসত্বের বন্ধনে আনতে চাইছে। অথচ এবারের নির্বাচনে এই নাগরিকত্বের ভনিতা আর হিন্দু রাষ্ট্রের ছলনা দিয়ে সমাজের তথাকথিত পিছিয়ে পড়া অংশের মানুষকে বিভ্রান্ত করতে চাইছে বিজেপি-মোদী আর তৃণমুল-মমতা ব্যানার্জি।

**লেখক: কলামিস্ট, সাংস্কৃতিক সংগঠক, নিউইয়র্ক।**

# পশ্চিমবঙ্গের নির্বাচনে কী হতে যাচ্ছে?

৮ পৃষ্ঠার পর

বাংলাদেশকে সাহায্য করবেন।

বাংলাদেশে এবং পশ্চিমবঙ্গেও এ আশাবাদ জাগ্রত হওয়ার একটা বড় কারণ ছিল, রাজ্যের মুখ্যমন্ত্রী হওয়ার পরপরই শেখ হাসিনার অভিনন্দন লাভের জবাবে মমতা বন্দ্যোপাধ্যায় বাংলাদেশের প্রধানমন্ত্রীকে তার বড় দি' বলে সম্বোধন করেছিলেন এবং সব ব্যাপারে বাংলাদেশের সঙ্গে এক হয়ে কাজ করবেন বলে প্রতিশ্রুতি ব্যক্ত করেছিলেন।

কিন্তু কিছুদিনের মধ্যে তিনি ভোল পাল্টে ফেলেছিলেন। তখন দিল্লিতে ক্ষমতায় আসীন কংগ্রেসের প্রধানমন্ত্রী ড. মনমোহন সিং। তিনি তিস্তাসহ বাংলাদেশের সঙ্গে ভারতের যেসব সমস্যা আছে, তা সমাধানের জন্য ঢাকায় যান এবং তার সঙ্গে যাওয়ার জন্য বাংলাদেশের নিকট প্রতিবেশী অহম, ত্রিপুরা, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীদের আমন্ত্রণ জানিয়েছিলেন। সব মুখ্যমন্ত্রীই এসেছিলেন। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় আসতে অসম্মতি জানান।

তিনি স্পষ্ট ভাষায় জানান, তিস্তার পানি নিয়ে বাংলাদেশের পাওনা মেটাতে তিনি রাজি নন। তাতে পশ্চিমবঙ্গের স্বার্থের ক্ষতি হবে। ড. মনমোহন সিং অপদস্ত হয়ে দিল্লিতে ফিরে যান।

এরপর বিজেপি সরকারের প্রধানমন্ত্রী হয়ে আসেন নরেন্দ্র মোদি। তিনি বাংলাদেশের সঙ্গে সব বিরোধ মীমাংসার জন্য উদ্যোগ নিলেন। অনেক সমস্যার সমাধানও করলেন। কিন্তু তিস্তা সমস্যা সমাধানে আবারও বাগড়া দিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। তার গোয়ার্তুমির জন্য তিস্তা সমস্যা এখনো ঝুলে আছে। বাংলাদেশে বিরোধী দলগুলোর একমাত্র অভিযোগ হাসিনা সরকার তিস্তা সমস্যার সমাধান করতে পারেনি। মমতা বন্দ্যোপাধ্যায়ের ভোল পাল্টানোর আরেকটি নজির আছে। তিনি ক্ষমতায় এসেছিলেন অসাম্প্রদায়িক ও ধর্মনিরপেক্ষ নীতি অনুসরণের প্রতিশ্রুতি দিয়ে।



নির্বাচন ২০২১

কিছু দিনের মধ্যেই দেখা গেল তিনি মুর্শিদাবাদ ও বহরমপুর সীমান্তপথে বাংলাদেশ থেকে আগত জামায়াতিদের ভোটপত্র প্রদান দ্বারা তৃণমূলের পক্ষে ভোটবাক্স তৈরি করছেন। এটা তার আগের বামফ্রন্ট গভর্নমেন্টও করেছে। এ জামায়াতিরা সীমান্ত এলাকার বাউল সম্প্রদায়কে ইসলামবিরোধী আখ্যা দিয়ে অত্যাচার করে এবং স্কুলের বদলে মাদ্রাসা প্রতিষ্ঠা দ্বারা সীমান্ত এলাকা ভরে ফেলেছে। পশ্চিমবঙ্গের রাজ্য সরকার এ ব্যাপারে উদাসীন।

তার কারণ, এরা সরকারকে ক্ষমতায় রাখার শক্তিশালী ভোটবাক্স। অন্যদিকে পশ্চিমবঙ্গের রাজনীতিতে এখন স্থানীয় বাঙালি মুসলমানের চেয়ে বাংলাদেশ থেকে পাকিস্তান আমল থেকে পাওয়া বিহারি মুসলমানরা অনেক বেশি প্রতিষ্ঠিত। ধনেজনে, ব্যবসা-বাণিজ্যে তারা জাঁকিয়ে বসেছে এবং নিজেদের পরিচ্ছ দেয় বাঙালি।

আগের বামফ্রন্ট মন্ত্রিসভায় বাঙালি মুসলমান পরিচয়ে মন্ত্রিত্বের অধিকাংশ আসন তারা দখল করে রেখেছিল, এখন মমতার মন্ত্রিসভাতেও তাদেরই সংখ্যাধিক্য। এরা প্রচন্ডভাবে হাসিনা সরকারবিরোধী এবং মমতা সরকারকে বাংলাদেশের পক্ষে যে কোনো পদক্ষেপ গ্রহণে বাধা দেয়।

ভারতে রাজনৈতিক অবস্থার দ্রুত পরিবর্তনের ফলে মমতা বন্দ্যোপাধ্যায় তার অনেক সিদ্ধান্ত যে ভুল তা বুঝে অনেকটা শোধরাতে চাচ্ছেন। বাংলাদেশবিরোধী নীতিও ছাড়তে চাইছেন। কিন্তু নীতি পরিবর্তনে তিনি বড় দেরি করে ফেলেছেন। এটা পশ্চিমবঙ্গের অনেক রাজনৈতিক পর্যবেক্ষকের ধারণা।

রাজ্যে দীর্ঘদিন ধরে সিপিএম ও বামফ্রন্টকে ধ্বংস করতে গিয়ে মমতা সেক্যুলারিজমকেও ধ্বংস করার চেষ্টা করেছেন। সিপিএম ও কংগ্রেসের সেক্যুলার রাজনীতি প্রায় ধ্বংস হয়েছে। কিন্তু সেই শূন্যস্থান পূর্ণ করেছে সাম্প্রদায়িক বিজেপি। ত্রিপুরায় বাম শাসন উচ্ছেদ করার পর বিজেপি এখন পশ্চিমবঙ্গে মমতা বন্দ্যোপাধ্যায়কে চ্যালেঞ্জ জানানোর শক্তি অর্জন করেছে। মমতা বন্দ্যোপাধ্যায় এখন আবার পুরোনো অসাম্প্রদায়িক ও ধর্মনিরপেক্ষতার বুলি আঁকড়ে ধরেছেন। তাতে সুবিধা হবে বলে মনে হয় না। তিনি যে জামায়াতপন্থি ভোট এবং বিত্তশালী বিহারি মুসলমানদের সমর্থনের ওপর নির্ভর করেছেন, সেই সুবিধাবাদী ভোটার ও সমর্থকদের বড় অংশ এখন বিজেপির দিকে চলেছে।

মমতা বন্দ্যোপাধ্যায় সবচেয়ে বড় অসুবিধায় পড়েছেন নন্দীগ্রাম নিয়ে। এ সিঙ্গুর নন্দীগ্রামের কৃষক বিদ্রোহে সমর্থন জানিয়ে এবং সেই বিদ্রোহের মাথায় পা রেখে তিনি ক্ষমতায় এসেছেন। কৃষকদের স্বার্থহানি ঘটিয়ে সেখানে বৃহৎ শিল্পপতিদের কারখানা স্থাপনের সুবিধা দিতে গিয়ে, কৃষক হত্যা করে বামফ্রন্ট সরকারের পতন ঘটে।

আর ওই কৃষক আন্দোলনের মাথায় পা রেখে পশ্চিমবঙ্গের রাজনীতির সুপ্রিমো হয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের আবির্ভাব ঘটে। সেই নন্দীগ্রামে তৃণমূলের আগের অবস্থা নেই। তৃণমূল সরকারও কৃষকবিরোধী শিল্পপতিদের অনুগ্রহ দেখাতে গিয়ে বিপদে পড়েছে। নন্দীগ্রাম মমতার নিজের নির্বাচনী এলাকা। সেখানে নির্বাচনী প্রচার চালাতে গিয়ে তিনি প্রচন্ড মার খেয়ে হাসপাতালে ভর্তি হতে বাধ্য হয়েছিলেন। তার দল থেকে বহু জাঁদরেল নেতা বেরিয়ে গেছেন।

তিনি তাদের শূন্যস্থান পূর্ণ করেছেন টালিউড থেকে নতুন মুখ তারকাদের দলে টেনে। সব কিছু সত্ত্বেও মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গে এখনো ব্যক্তিগতভাবে অত্যন্ত জনপ্রিয়। কিন্তু তার দল তৃণমূল জনপ্রিয় নয়। দুর্নীতি, ক্ষমতার অপব্যবহারসহ বহু অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। অন্যদিকে পশ্চিমবঙ্গের বিজেপি নেতারা জনপ্রিয় নন। কিন্তু বিজেপি জনপ্রিয় হয়ে উঠেছে। গত শনিবার থেকে যে নির্বাচন শুরু হয়েছে, তাতে তৃণমূল ও বিজেপির মধ্যে হাড্ডাহাড্ডি লড়াই চলবে বলে অনেকেরই ধারণা।

যে দলই জিতুক, সামান্য মার্জিনে জয়ী হবে বলেও অনেকের ধারণা। অসাম্প্রদায়িক ও ধর্মনিরপেক্ষ দল বলে পরিচিত কংগ্রেস ও বামফ্রন্টের দলগুলো কি এই নির্বাচনে তলিয়ে যাবে? বিজেপি যদি এই নির্বাচনে জেতে, তাহলে ভারতে এই দুই আদর্শের শেষ ঠিকানাও আর থাকবে না। এক্ষেত্রে ভালো হোক, মন্দ হোক, তৃণমূলই পশ্চিমবঙ্গের অসাম্প্রদায়িক জনগণের শেষ ভরসা। কিন্তু তৃণমূল কি এবার এত বড় ধাক্কা সামলাতে পারবে?

**লেখক: সাংবাদিক ও কলামিস্ট, লন্ডন।**


LAW OFFICE OF ALBERT GHUNNEY

ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com

37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


## তোতাকাহিনি

৯ পৃষ্ঠার পর

ডালে উড়তে শেখান। কিচিরমিচির করতে দিন। মহাবিশ্বের বিশালতা থেকে শুরু করে কোয়ান্টাম এনট্যাঙ্গলমেন্টের মতো জটিল তত্ত্ব বোঝার সুযোগ করে দিন। তবেই দেখবেন, তার ভেতর ইতিবাচক একটা বিভ্রান্তির জন্ম হবে, আর সেই বিভ্রান্তি থেকেই শুরু হবে প্রকৃত শিক্ষা। তারপর হঠাৎ একদিন সে উপলব্ধি করতে পারবে যে ধর্ম মানে স্কুল বা মাদ্রাসার একটি পাঠ্যপুস্তক নয়।

**লেখক: সাংবাদিক।**


Wasi Choudhury & Associates LLC

SERVICES

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting: Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

Wasi Choudhury, EA

Admitted to practice before the IRS

সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

Member : naea NYSSEA IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্‌ক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।



37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377 • Tel: 718-205-3460, 718-440-6712 • Fax: 718-205-3475 • Email: wasichoudhury@yahoo.com


ELECT SOMA SYED
DEMOCRAT FOR QUEENS COUNTY CIVIL COURT JUDGE
President of the Queens Women's Bar Association
Proven Leadership
Effective Justice
VOTE
JUNE 22ND
FOLLOW US
@SOMAFORNY
SOMAFORNY.COM
PAID FOR BY SOMA FOR NEW YORK


giftgrabr
SEND GIFTS
TO YOUR LOVED ONES
IN BANGLADESH
Use Coupon FEB5 for $5 Off
Birthday
Anniversary
Wedding Ceremony
Pohela Boishakh
Eid-ul-Fitr
or any other surprises !
Visit
www.giftgrabr.com
Send Gifts On
Your scheduled time even at 11:59 PM
Same Day Delivery
+1 347 706 1532
facebook.com/giftgrabr

# গলির সেই বাড়িটা





## শফিউল আলম



গলিটাতে পা দিতেই কাঞ্চনের গা'টা ছমছম করে উঠলো। আলো অন্ধকারে ঘেরা রাস্তা। দুই দিকে ছোট ছোট পান বিড়ির দোকান। একটা খাওয়ার দোকানে পরাটা লুচি ভাজছে একটা ছেলে। ষণ্ডা মার্কা দুটো লোক দাড়িয়ে কি যেন বলাবলি করছে। কাঞ্চনের দিকে তাকাল, ফিসফিস করে কি যেন বলল ওরা। বেশ কিছু লোক একটা বাড়ির দরজা দিয়ে আসছে যাচ্ছে। যে বেরিয়েয়ে আসছে সে চারিদিকে ঘাড় ঘুরিয়ে দেখে নিচ্ছে। যে ঢুকছে সেও তাই করছে।
কাঞ্চন বুঝতে পেরেছে এই সেই বাড়ি।
দুই বার ঢোঁক গিলল ও, বুকের ভিতর খালি খালি লাগছে। পাশের দোকানের হাড় জিরজিরে লোকটা তাকিয়ে আছে ওর দিকে।
কাঞ্চন ডান হাতটা দিয়ে মুখটা মুছে নিলো। পকেটে হাত দিয়ে দেখল মানিব্যাগটা ঠিকমত আছে কিনা। টিভিতে দেখা সেই লোকটার কথা মনে করলো। সেও যখন প্রথমবার নিষিদ্ধ পল্লীতে এসেছিল, তারও বুক কেঁপেছিল। কাঞ্চন সাহস সঞ্চয় করার চেষ্টা করল।
ইদানীং ইনটারনেটের মাধ্যমে অনেক ওয়েবসাইটে যাওয়া যায় যেখানে আছে এডাল্ট মুভি। কাঞ্চন দেখেছে সেই মুভি। শরীরের ভিতর উত্তেজনার সৃষ্টি হয়েছিল। গুগুল করে জেনেছে কোথায় গেলে অভিজ্ঞতা সঞ্চয় করতে পারবে।
তারপর বুক ফুলিয়ে বন্ধুদের কাছে বলতে পারবে ওর অভিজ্ঞতার কথা। বলবে লোমহর্ষক কাহিনী।
এই ছোড়া এখানে দাড়িয়ে কি করছিস? বেটে, গলায় পুঁতির মালা, চোখ লাল, কপালে কাঁটা দাগ চেহারার লোকটা জামার কলার টা ধরে ধমকের সুরে বলল।
আমতা আমতা করে কাঞ্চন বুঝাতে চেষ্টা করল সে ভিতরে যাবে।
হা হা করে হেসে উঠল লোকটা।
ভিতরে যাবি? আয়, বলে হাত ধরে হেঁচকা টান দিয়ে ভিতরে নিয়ে এলো।
ও মামি, বলে চিৎকার করে ডাক দিল লোকটা, দেখ কাকে নিয়ে এসেছি। বলে আবারও প্রান খুলে হাসতে লাগলো।
আলো আঁধারের মাঝে দেখা দিলো বয়স্ক এক মহিলা।
এত চিৎকার করছিস কেন গরুর মত, বলেই কাঞ্চন কে দেখে বলে উঠল, ওমা এ ছোড়া এখানে কি করে?
বুঝতেই পারছ, স্বাদ নিতে এসেছে। কোন ঘরে দেবে বলও, ডাক দাও।
কাঞ্চন ঘামতে শুরু করেছে। ভাবল দৌড়িয়ে বের হয়ে যাবে কিনা। পা যেন অবশ হয়ে গেছে। দৌড়ানোর শক্তি নেই।
পকেটে মাল আছে তো? ভসভস করে মুখ দিয়ে পচা গন্ধ বের করে জিজ্ঞাসা করল ঐ কর্কশ চেহারার লোক টা।
কাঞ্চন পকেট থেকে টাকা গুলো বের করতেই মামি বলে ডাকা মহিলা ওর হাত থেকে ছোঁ মেরে নিয়ে নিলো।
যা, চম্পা কে ডাক দিয়ে বল, ওর সোয়ামি এসেছে। বলে সে ঘরে ঢুকে গেলো।
কাঞ্চন ভয়ে ভয়ে চারিদিকে তাকিয়ে দেখল, চার পাঁচটা মেয়ে, উগ্র সাজে সাজা, খিলখিল করে হাসছে। তার মধ্যে থেকে একটা মেয়ে বেরিয়ে এল।
এই আমার নাগর নাকি আজ রাতের। বলে হেলতে দুলতে এসে কাঞ্চনের হাতটা চেপে ধরল।
ওমা, এত ঠাণ্ডা বরফ। চলো, তোমাকে আমি গরম করব।
না,না আমি চলে যেতে চাই। কাঞ্চন কান্না কান্না স্বরে বলল।
তা তো হবে না বাছা, আমার রাতটা আমি মিছে যেতে দেব না। এসেছ এখানে মৌজ মারতে, চলে যাবো বললেই কি যাওয়া যাবে। বলে ওর হাত ধরে টেনে নিয়ে এলো দরজার সামনে। ধাক্কা দিয়ে খুলল দরজাটা।
এসো, আমাকে বেশি বিরক্ত করো না।
ভিতরে টেনে এনে ময়লা একটা বিছানাতে বসিয়ে দিয়ে দরজাটা বন্ধ করে দিলো।
কাঞ্চনের মনে হোল, আজ এখানেই সে শেষ। কেউ জানতে পারবে না ও কোথায়, ওর লাশটা হয়তো কোন রাস্তার ধারে ফেলে রেখে দেবে।
এই ছোড়া, ঝটপট কাপড় খুলে ফেলো। বলে সে তার নিজের শাড়ীটা এক টানে খুলে ফেলল।
কাঞ্চন তাকিয়ে রইল চম্পার দিকে।
চম্পা এগিয়ে এলো।
কাঞ্চন থরথর করে কাঁপছে।
চম্পা আরও কাছে এল। কাঞ্চনের মুখটা ওর হাতের মধ্যে নিল। তাকাল ওর চোখের দিকে।
বয়স কত? কঠিন স্বরে জানতে চাইল।
পনের। ভয়ে ভয়ে বলল কাঞ্চন।
বড় লোকের বখাটে ছেলে? বলে প্যান্টের উপর দিয়ে জোরে চাপ দিলো ওর পুরুষাঙ্গে।
রক্তাক্ত চোখে বলল, এই ছোট ইঁদুরটা নিয়ে এত বাড়াবাড়ি। বলে ঘরের কোনে পড়ে থাকা শাড়ীটা এক পেচে পরে নিল।
তাকাল কাঞ্চনের চোখের দিকে। দেখল ওর ভয়ার্ত চেহারাটা। পাশে পড়ে থাকা চেয়ারটা টেনে এনে বসলো ওর সামনে।
চম্পা এখন কাঞ্চনের মুখোমুখি। তারও বয়স ছিল পনের। বাবা নাম দিয়েছিল সখিনা। বাস করতো ছোট্ট একটা গ্রামে, নাম সুন্দরপুর। গ্রাম বলা চলে না, বলতে হবে ছোট শহর। এখানে অনেকের ছিল পাকা ইটের বাড়ি। ছিল স্কুল। ওদের বাড়ীটা ছিল মাটির। বাবা ছিল ফেরিওয়ালা। দোরে দোরে বিক্রি করে বেড়াতো বিভিন্ন জিনিষ। সন্ধ্যায় ক্লান্ত হয়ে ফিরত। মা গামছা টা এগিয়ে দিতো। অভাব ঢোকেনি এই বাড়ীতে।
পাশের বাড়ীর মেয়ে সুফিয়া ছিল ওর বান্ধবী। একই এরপর ২০ পৃষ্ঠায়

# এ সপ্তাহের কবিতা



## কাজী আতীক-এর দুটি কবিতা



### জন্ম শতবর্ষে জনক তোমাকে সালাম



অক্ষরের অপেক্ষা থাকে শব্দ হয়ে উঠার
শব্দেরাও নীরব প্রহর গুনে উচ্চারিত হবার
ঠিক যেমন অপেক্ষায় পথ চেয়ে থাকে
মলাটবদ্ধ বোধ- নিষিক্ত বিকল্প অনুভব,
গদ্য পদ্য কাহিনী কিংবা গল্প ও কবিতা,
অতঃপর যদি পেয়ে যায় মুগ্ধ ছোঁয়া কারো-
দুচোখে সাজিয়ে দেয় প্রেম পঙক্তির মমতা,

এলে- জয় করলে, ঘটনা এমন সহজ হয়না,
প্রতিটি পদক্ষেপে হতে হয় মুখোমুখি কঠিন পরীক্ষার
যেমন কঠিন বাস্তবতার সাথে কঠিন যুদ্ধবেলা,

সৃষ্টিশীল অনুকল্পও কখনো হার মেনে যায় বাস্তবতার কাছে,
তুমি মুজিব- সেই দুর্বার বাস্তবতা, মহামহিম কবি ও কবিতা
যে তোমার অপেক্ষা ছিলো অনিবার, এনেও দিলে অবশেষে
মাথার উপরে মুক্তো খোলা আকাশ এক মুক্তো স্বাধীন স্বদেশ,

তুমি মুজিব- স্বাধীনতা বাংলা বাঙ্গালীর সমার্থক এক নাম।
জন্ম শতবর্ষে জনক- তোমাকে অভিবাদন, তোমাকে সালাম।

**লেখক: কবি, নিউইয়র্ক।**

### জন্ম আমার চির অহংকার- জয় বাংলা উচ্চারণে

আকাশটা ভেঙ্গে যদি ঝাঁকে ঝাঁকে সব নক্ষত্র তারা
কিংবা গ্রহাণু উল্কা নিযুত নেমে আসে তীব্র বেগে
ফলে- যদিওবা ডুবে যায় পৃথিবীর সবগুলো দেশ সমুদ্র অতলে,
আমি নিশ্চিত- তবু এই বদ্বীপ বাংলা, স্বদেশ আমার
মাথা উঁচু করেই দাঁড়িয়ে থাকবে ঠায় সফেন ঢেউয়ের বুকে,
কেনোনা ফিনিক্স অবয়বে গড়া এই বাংলার মৃত্তিকা
বারবার প্রায় ধ্বংসাবস্থা থেকে সটান জেগে উঠা এক ভূখণ্ড মহান।

হ্যাঁ, অতীতে এমন হাজার বিপত্তি কাটিয়ে উঠেছে বাংলা
কুচক্রী বিভীষণ হানাদার দখলদারিত্ব থেকে মুক্তো করছে নিজেকে,
ঝঞ্ঝা তুফান মহামারী বন্যা বিঘ্ন বিপর্যয়েও- অটল অবিচল থেকে
প্রদীপ্ত আশার বাসর চয়নে প্রতিবন্ধকতা সব জয় করেছে নির্বিঘ্নে,

আজ সুবর্ণ বয়সে বাংলা আমার- পৃথিবীর স্পর্ধা, পৃথিবীর সম্মান
বাংলায় জন্মে, জন্ম আমার চির অহংকার- জয় বাংলা উচ্চারণে।

**লেখক: কবি, নিউইয়র্ক।**



## তুমি হয়ত আমার ছিলে না
## রিমি রুম্মান

সেই যে হাত ছেড়ে গেলে, ফিরলে না আর
অথচ দ্যাখো, কী অবুঝ প্রেমিকা আমি
চাতক পাখির মতন চেয়ে থেকেছি
তোমার ফিরে আসবার পথ চেয়ে।
উচ্চতর ডিগ্রি, বিদেশে বড় চাকুরির আকাঙ্ক্ষা ছিল তোমার
খুব খুশি হয়েছিলাম জেনে।
তোমার চলে যাবার দিনে সমস্ত দুপুর, বিকেল, রাত্রি
ছাদের রেলিঙে হেলান দিয়ে ঊর্ধ্বাকাশে তাকিয়ে ছিলাম
একাকি উড়ে বেড়ানো নিঃসঙ্গ চিলের মতো।
যতগুলো প্লেন উড়ে গ্যাছে
আমি কেবল ভেবেছি সেটিই তোমাকে বহনকারী
তুমি দেশের সীমানা ছেড়ে চলে যাচ্ছ
সেই হাহাকার আর শুন্যতায় অসাড় থেকেছি রাতভর
অঝোরে কল ছেড়ে কেঁদেছি
কলের জলের শব্দের সাথে বুকের পাঁজরভাঙা শব্দ মিলেমিশে একাকার হয়েছে
দিনের পর দিন ভূগোল ক্লাসে স্যার মানচিত্র পড়ালে
আমার তাতে বিন্দুমাত্র ভ্রূক্ষেপ ছিল না
আমি পৃথিবীর মানচিত্রে জাপান খুঁজেছি, সাইতাম ইউনিভার্সিটি খুঁজেছি
একটি বিন্দুর মাঝে তোমাকে খুঁজেছি
চিঠি পাঠালে কত শতবার যে পড়েছি তার ইয়াত্তা নেই
সেইসব অক্ষর আঁকড়ে এক জনম পার করে দেয়া যায়, জানো ?
স্যাঁতসেঁতে দেয়াল আঁকড়ে আমৃত্যু বেঁচে থাকা শ্যাওলার মতন
তারপর কী যে হল, এই মধ্য গগনে এসেও হিসাব মিলাতে পারি না।
জানোই তো অংকে আমি বরাবরই কাঁচা
কোনদিনই দুইয়ে দুইয়ে চার মেলাতে পারিনি
ব্যস্ততার অজুহাতে চিঠির দূরত্বের সাথে
মনের দূরত্বও তৈরি হয়ে গেল আমাদের
তবু দ্যাখো কী অবুঝ প্রেমিকা আমি
ফিরবে না জেনেও চাতক পাখির মতন
চেয়ে থেকেছি তোমার ফিরে আসবার পথ চেয়ে
অবশেষে জেনেছি, প্রেম শোকে কেউ মরে যায় না
শুধু বিচ্ছেদ বেদনাটুকু পোড়ায় সময়ে অসময়ে
তবে এটুকু নিশ্চিত জেনো,
পৃথিবীর কারোর প্রতি আমার কোনো অভিযোগ নেই
নেই অভিমান কিংবা অনুযোগ
তোমাকে একান্তই আমার ভেবেছিলাম
তুমি হয়তো কোনোদিনই আমার ছিলে না।

**লেখক: কবি, নিউইয়র্ক।**



# পদ্মা নদীর মাঝি ফ্রয়েডীয় আর মার্কসীয় দর্শনের মিশেল!



## এক নজরে সিনহা মনসুর

আমেরিকা প্রবাসী লেখক সিনহা মনসুর পেশায় চিকিৎসক, অঙ্গীকারে লেখক। 'চিলমারী থেকে নিউইয়র্ক' একজন আবু রায়হানের গল্প' তার সপ্তম বই। ২০১২ সালে বেরিয়েছে ভ্রমণ সংকলন 'সেই সব অদ্ভুত ভ্রমণ'। ২০১৩ সালে বেরিয়েছে 'হুমায়ূন: একজন হ্যামিলনের বাঁশিওয়ালা'। ২০১৪ সালে বেরিয়েছে দ্বীপ ও জনপদের গল্প'। ২০১৫ সালে বেরিয়েছে 'জীবনানন্দ : সময়ের নিঃসঙ্গ নাবিক'। ২০১৬ সালে বেরিয়েছে উপন্যাস 'জীবন এতো ছোট কেন'। ২০১৭ সালে বেরিয়েছে 'এক মুক্তিযোদ্ধার না বলা কথা'। পাঠকপ্রিয়তার কারণে প্রতিটি বইয়েরই একাধিক সংস্করণ হয়েছে।
'দ্বীপ ও জনপদ পল্প' বইটির সিনহা মনসুর পেয়েছেন বাংলাদেশ রাইটার্স ফাউন্ডেশন পুরস্কার। 'জীবনানন্দ : সময়ের নিঃসঙ্গ নাবিক' বইটির জন্য পেয়েছেন কলকাতা থেকে 'আন্তর্জাতিক রূপসী বাংলা সাহিত্য পুরস্কার'।
সিনহা আবুল মনসুর চিকিৎসা বিজ্ঞান নিয়েও লেখেন। ২০১১ সালে আমেরিকা থেকে প্রকাশিত হয়েছে চিকিৎসাবিজ্ঞানের বই 'Esscnlial Topic and Cases for Anesthesia Oral Boards'. ২০১৩ সালে বইটির দ্বিতীয় সংস্করণ বেরিয়েছে।
চিকিৎসা বিজ্ঞানে অবদানের জন্য ২০১১ তার নাম এসেছে 'Cambridge Who'-তে। ২০১১ থেকে ২০১৭ টানা ছ'বহর ধরে আছেন 'Leading Physician Of the World'-এর সম্মানিত তালিকায়। প্রবাসী হলেও বাংলাদেশের শিল্প ও সাহিত্য নিয়ে সিনহা মনসুর এর সীমাহীন আগ্রহ। তিনি এখনো বিশ্বাস করেন বাংলাদেশের অসীম সম্ভাবনায়!



সিনহা মনসুর

**এক.**

'এ নৌকাটি ধনঞ্জয়ের সম্পত্তি। জালটাও তারই। প্রতি রাত্রে যত মাছ ধরা হয় তার অর্ধেক ভাগ ধনঞ্জয়ের, বাকি অর্ধেক কুবের ও গণেশের। নৌকা এবং জালের মালিক বলিয়া ধনঞ্জয় পরিশ্রমও করে কম। আগাগোড়া সে শুধু নৌকার হাল ধরিয়া বসিয়া থাকে। কুবের ও গণেশ হাতল ধরিয়া জালটা জলে নামায় এবং তোলে, মাছগুলি সঞ্চয় করে। পদ্মার ঢেউয়ে নৌকা টলমল করিতে থাকে, আলোটা মিটমিট করিয়া জ্বলে, জোর বাতাসেও নৌকার চিরস্থায়ী গাঢ় আঁশটে গন্ধ উড়াইয়া লইয়া যাইতে পারে না। একহাত একখানি কাপড়কে নেংটির মতো কোমরে জড়াইয়া ক্রমাগত জলে ভিজিয়া, শীতল জলোবাতাসে শীত বোধ করিয়া, বিনিদ্র আরক্ত চোখে লণ্ঠনের মৃদু আলোয় নদীর অশান্ত জলরাশির দিকে চাহিয়া থাকিয়া, কুবের ও গণেশ সমস্ত রাত মাছ ধরে'!
ওরা পদ্মা নদীর মাঝি!
উপাখ্যানের প্রথম পাতার এই দৃশ্যটি হচ্ছে পুঁজিবাদের আদি পাঠ! 'পুঁজি আছে শ্রম কম, পুঁজি নেই শ্রম বেশি' এই হচ্ছে মূল মন্ত্র। মন্ত্রটিকে সাদা পাতায় কলমের আঁচড়ে অংকন করেছেন একজন মানিক বন্দ্যোপাধ্যায়!
উপাখ্যানের নাম 'পদ্মা নদীর মাঝি'। মাঝির নাম কুবের ও গনেশ ও ধনঞ্জয়। তবে ধনঞ্জয় মাঝি হলেও পুঁজির প্রতিনিধি! কারণ নৌকোটা ওর।
জেলে পাড়ার বেশির ভাগ মাঝিরই নৌকো নেই, জাল নেই! নৌকো ও জালের মালিকেরা তাদের নানা কৌশলে ঠকায়, শোষণ আর বঞ্চনাই যেন তাদের নিয়তি। অপর দিকে, প্রকৃতিও তাদের অনুকূলে নয়। বর্ষার জল ভাসিয়ে নেয় তাদের মাথা গোঁজার ঠাঁই। নড়বড়ে ঘরগুলো সামান্য ঝড়েই বিধ্বস্ত হয়। রোগ-শোক, জরা-মৃত্যু এখানকার জেলেদের নিত্যসঙ্গী। তাদের এ করুণ অবস্থা দেখে মনে হয়, তাদের প্রতি ঈশ্বরও যেন মুখ তুলে তাকান না। শুধু ধনীদের দিকেই তাঁর নজর। জেলে পাড়ায় ঈশ্বরের উপস্থিতি নিয়েও লেখক সন্দিহান! তাইতো আক্ষেপে তিনি বলেন: 'ঈশ্বর থাকেন ঐ গ্রামে, ভদ্র পল্লীতে– এখানে তাহাকে খুঁজিয়া পাওয়া যাইবে না'!





**দুই.**

এই উপাখ্যানে প্রধান চরিত্র কুবেরের। সংসারের অভাব-দারিদ্র্য ও দুঃখ-বেদনাদগ্ধ কুবের!
কুবের, পদ্মাতীরের অজগ্রাম কেতুপুরের বাসিন্দা। পদ্মা নদীর সে পাকা মাঝি! মাঝি ছাড়াও তার আরো পরিচয় আছে।
সে তার সংসারের অভিভাবক! চিরপঙ্গু মালার স্বামী!
স্নেহময়ী পিতা!
কুবের সহজ ও সরল!
জীবন-পুঁজির বাজারে অনেকেই তাকে ঠকায়। এই কুবের একসময় ঘটি ও টাকা চুরির অভিযোগে অভিযুক্ত হয়ে জেল খাটার ভয়ে হোসেন মিয়ার কাছে অসহায়ভাবে আত্মসমর্পণ করে!
মানিক বন্দ্যোপাধ্যায় তার লেখক জীবনের প্রথম ভাগে ফ্রয়েড দ্বারা প্রভাবিত ছিলেন। পরবর্তীকালে মার্কসীয় দর্শনে ব্যাপক দীক্ষা নিয়েছেন। 'পদ্মা নদীর মাঝি' তার চতুর্থ উপন্যাস। এর আগে লিখেছেন 'পুতুল নাচের ইতিকথা'! ওখানে তিনি মূলত: ফ্রয়েডীয়। মার্কসীয় হয়ে উঠতে পারেননি! কারণ উপন্যাসের পাত্র-পাত্রীদের পরিণতি নিয়তির হাতে ছেড়েছেন। ওখানে মানুষ পুতুল!
নিয়তিই সব!
'পদ্মা নদীর মাঝি' ফ্রয়েডীয় আর মার্কসীয় দর্শনের মিশেল! এখানের পাত্র-পাত্রীদের পরিণতি আছে। সেটা নিয়তি নির্ভর নয়!

**তিন.**

'পদ্মা নদীর মাঝি'র প্রথম অঙ্কে পুঁজিবাদের করাল থাবা থাকলেও দ্বিতীয় অঙ্কটি ফ্রয়েডীয়!
এখানে দৃশ্যপটে কপিলার আগমন। সে উপন্যাসের মূল নারী!
ব্যক্তি পরিচয়ে সে কুবেরের স্ত্রী মালার বোন। সাংসারিক পরিচয়ে সে অন্য এক জনের স্ত্রী। মালার মত সে পঙ্গু নয়। পুরুষের হৃদয়ে আদিম আবেদন সৃষ্টিকারী কপিলা কুবেরের সাথে উদাসীনভাবে প্রেমের অভিনয় করে!
কপিলার সাথে তার স্বামীর বনিবনা না হওয়ায় সে বাপের বাড়িতে চলে আসে। বন্যার সময় সে কিছুদিন থাকে কেতুপুরে কুবেরের বাড়িতে।
কপিলা চতুর, চপল ও উপস্থিত বুদ্ধিসম্পন্ন এক যুবতী। তার আচরণের মধ্যে কিছুটা আদিম ভাব লক্ষণীয়। যা সমাজের চোখে অনেকটাই নিন্দনীয়। কুবেরও তার স্ত্রী মালার বোন কপিলার প্রতি আদিম আকর্ষণ অনুভব করে। শুরু হয় উপাখ্যানে ফ্রয়েডীয় জটিলতা!
এখানে মানিক মাস্টার মাইনড!
অবৈধ প্রেম, বিচিত্র দাম্পত্য মানিকের উপন্যাসগুলির অন্যতম সূচক! এর মধ্য দিয়েই তিনি প্রবেশ করেন মানুষের অবচেতনে। উন্মোচন করেন জটিল মনস্তত্ব ও অন্তর্দ্বন্দ্বের স্বরূপকে!
'পুতুল নাচের ইতিকথা'য় শশী-কুসুমের অবৈধ প্রেমের উপাখ্যান ছিল। যা শিক্ষিত চিকিৎসক শশীর জীবন যাপনে জটিল দ্বন্দ্ব আনলেও মানিক তার সংহত সমাধান টেনেছেন বিচ্ছেদে! তীব্র অনুরাগ পরিণতি পায় পরিণত যুক্তিতে অথবা নিয়তির দুর্নিরীক্ষ শক্তিতে! অন্যদিকে, ফ্রয়েডীয় মানিক কপিলা-কুবেরের অবৈধ প্রেমকে পরিণতির দিকে এগিয়ে দিয়েছেন। কারণ তিনি জানেন এই কাহিনিতে তাঁর নায়ক নিচুতলার মানুষ, আদিম প্রবৃত্তি দমনে সংযমের শৃঙ্খলে সে আবদ্ধ নয়!
কুবের মাঝির জীবনে কপিলা পদ্মার মতোই চঞ্চল!
সে কোন বাধা মানে না।
সে যে কুবেরের অবারিত মুক্তির আশ্রয়!
তাইতো তাদের দুজনকে মানিক স্বাধীন ইচ্ছায় নিয়ে আসেন স্বপ্নের ময়না দ্বীপে!

**চার.**

ময়না দ্বীপ!
হোসেন মিয়ার স্বপ্ন। পদ্মানদীর মাঝি উপন্যাসের রহস্যময় অথচ গুরুত্বপূর্ণ চরিত্র হোসেন মিয়া। তার বাড়ি নোয়াখালী। লোকটি বহুদর্শী ও বহু অভিজ্ঞ! কেতুপুর এলাকায় প্রথমে তাকে দীনহীন ও কপর্দকশূন্য এক ব্যক্তি হিসেবে দেখা গিয়েছিল।
নোয়াখালী সন্দ্বীপ থেকে সুদূর পূর্ব-দক্ষিণে সমুদ্রের বুকে হোসেন মিয়া একটি দ্বীপের পত্তন নিয়েছিল। বিভিন্ন এলাকার দরিদ্র মানুষদের নিয়ে নানা উপকারের মধ্য দিয়ে সে সেই এলাকা থেকে লোকজন নিয়ে ময়নাদ্বীপে লোকবসতি গড়ে তুলেছিল।
ময়নাদ্বীপের বাসিন্দাদের নিয়ে হোসেন মিয়ার ভাবনা:
'জঙ্গল কাটিয়া যত জমি তারা চাষের উপযোগী করিতে পারিবে সব তাদের সম্পত্তি, খাজনা বা চাষের ফসল কিছুই হোসেন দাবি করিবে না। নিজেদের জীবিকা তাহারা যতদিন নিজেরাই অর্জন করিতে পারিবে না, জীবিকা পর্যন্ত যোগাইবে হোসেন'!
এই ময়না দ্বীপকে ঘিরেই হোসেন মিয়ার সব স্বপ্ন। সেখানে সে এমন একটা সমাজ গড়ে তুলতে চায়, যেখানে মনুষ্যত্ব ও মানবতাই হবে সে সমাজের প্রধান ভিত্তি।
আসলে এই ময়নাদ্বীপ হোসেন মিয়ার শোষণমুক্ত সমাজ ভাবনার প্রতিফলন। এখানে মানিক মার্কসীয়!

**পাঁচ.**

পদ্মা নদীর মাঝি'র মূল চরিত্র কুবের হলেও জীবন্ত চরিত্র হোসেন মিয়া। কাহিনীর মূল চালিকাশক্তি তিনি। কিন্তু হোসেন মিয়া পুঁজিবাদের প্রতিনিধি, সামন্ত প্রভু! কোন অবস্থাতেই মানিকের আদর্শে গড়া চরিত্র নয়! অথচ মানিক তাঁর ইচ্ছার প্রতিফলন ঘটালেন হোসেন মিয়ার মধ্য দিয়েই! সমস্যা তো ওখানেই!
আগত ভবিষ্যতে, মানিকের সাম্যবাদী চেতনা হোসেন মিয়ার প্রভুত্বে হোঁচট খেলে অবাক হব না।
তারপরেও ময়না দ্বীপ এক অনিশ্চিত যাত্রা! অপার সম্ভাবনাময়!












# জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে ‘জাতীয় গণহত্যা দিবস’ পালন

আজকাল রিপোর্ট

জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে ১৯৭১ সালে বাংলাদেশে সংঘটিত ইতিহাসের বর্বরোচিত, নিষ্ঠুর ও নিকৃষ্টতম গণহত্যার স্মরণে ২৫ মার্চ ‘জাতীয় গণহত্যা দিবস’ পালন করা হয়। করোনাজনিত কারণে স্বাস্থ্যবিধি অনুযায়ী সীমিত পরিসরে মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে আয়োজিত এই অনুষ্ঠানের শুরুতে গণহত্যার শিকার শহীদদের বিদেহী আত্মার স্মরণে এক মিনিট নিরবতা পালন এবং মোমবাতি প্রজ্জ্বলন করা হয়। শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয় অনুষ্ঠানটিতে। অতপর দিবসটি উপলক্ষে প্রদত্ত রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী পাঠ, প্রামাণ্য ভিডিও প্রদর্শন ও মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

আলোচনা অনুষ্ঠানে জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাবাব ফাতিমা বলেন, আমাদের গণহত্যা দিবসটিকে আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে যথাযথভাবে পরিচিত করার লক্ষ্যে আমরা প্রাথামিক কার্যক্রম শুরু করেছি। আমরা এ জন্য গণহত্যার শিকার দেশগুলোর সাথে মতবিনিময় অব্যাহত রেখেছি যা আমাদের এ লক্ষ্যে পরবর্তী পদক্ষেপ গ্রহণে সহায়তা করবে। সমমনা বন্ধু রাষ্ট্র, আমাদের মুক্তিযুদ্ধে সহায়তাকারী দেশ ও গণহত্যা কবলিত দেশসমূহকে নিয়ে জাতিসংঘে ও অন্যান্য বৈশ্বিক প্লাটফর্মে আমাদের গণহত্যার পক্ষে একযোগে কাজ করার পরিকল্পনা রয়েছে। আমরা একাত্তরের গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ে সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখতে বদ্ধপরিকর।

এর আগে স্থায়ী মিশনে গণহত্যার শিকার দেশগুলোর স্থায়ী প্রতিনিধি, গবেষক, থিঙ্ক ট্যাঙ্ক এবং যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের জেনোসাইড স্টাডিজ-এর শিক্ষক ও শিক্ষার্থীদের নিয়ে আলোচনা অনুষ্ঠান ও সেমিনারের আয়োজন করা হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হলে এ বিষয়ক কার্যক্রম আরও জোরদার করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন রাষ্ট্রদূত ফাতিমা।

তিনি গণহত্যার আন্তর্জাতিকীকরণের জন্য প্রবাসী বাংলাদেশীদের স্ব স্ব অবস্থান থেকে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, স্বাগতিক দেশের সরকারের নিকট প্রবাসী বাংলাদেশীগণ আমাদের গণহত্যার বিষয়টি তুলে ধরতে পারে এবং এ বিষয়ে জনসংযোগ বৃদ্ধি করতে পারে। মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী, জাতির পিতার জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশে সংঘটিত মর্মান্তিক গণহত্যার পঞ্চাশ বছর পূর্তির প্রাক্কালে এর আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ে সকলকে একতাবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি।











ভ্রমন জগতে স্বল্পমূল্যের টিকেটের এক বিশ্বস্ত নাম
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
NAFS TRAVEL
নাফ্স ট্রাভেল
LOWEST GUARANTEED
INTERNATIONAL & DOMESTIC
AIR TICKETS
Special Umrah Fare !
পৃথিবীর ১৫০টি সেরা এয়ারলাইন্স এর টিকেট সবচেয়ে কমমূল্যে আমরাই দিয়ে থাকি।
বর্তমান সময়ে আমরা এখন আপনাদের সেবায় নিয়োজিত।
অগ্রীম টিকেট কিনলে মূল্য সর্বদাই কম হয়।
আমরা আপনাদের সেবায় ২৪/৭ নিয়োজিত।
আপনাদের সেবায় নিয়োজিত
NAFS TRAVEL INC.
Sanu Sheak (Sana)
347-537-7657
73-09 37th Road, Jackson Heights, NY 11372
(INSIDE MOLLIKA ELECTRONICS)
e-Mail: nafstravel@gmail.com
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS
TURKISH AIRLINES
SAUDIA
ETIHAD AIRWAYS
EGYPTAIR
AIR FRANCE
DELTA


An Community News Networks Of New York
FM786.com
fm786
দেখুন
শুনুন
এবং পড়ুন
www.FM786.com
150-15 Hillside Ave
Jamaica Queens
New York 11432
Phone : +1 212-729-0610
* প্রাইম নিউজ
* কমিউনিটি অ্যাফেয়ার্স
* নিউইয়র্ক ডায়েরি
* বিশ্বগণমাধ্যম শিরোনাম
* প্রেসিডিন্সিয়াল ইলেকশন অ্যাওয়ার্ড
* আমার মুক্তিযুদ্ধ
* স্টুডিও নিউইয়র্ক
* আপনার জিজ্ঞাসা
* প্রবাস তারকা
* নাশিদ টাইমস
* স্বাস্থ্য সুরক্ষা
* তারুণ্যের বিজয় ভাবনা
* বিজয়ের গল্প
* হ্যালো প্যারিস
* গেট আউট এন্ড ভোট
* হ্যালো ইজিপ্ট
* বরকতময় রমজান
* খতমে কোরআন
* আজকের তারাবি
* দরসে হাদিস
* দ্যা স্মল কাইন্ডনেস
* ইয়ুথ টক
* জেনে নিন
* থট অব রমাদান
* কলিং টু পিস
* নূরের খেয়া
* রমাদান কুইজ
* হ্যালো মদিনা
* ইসলাম জানা অজানা
* জুমার খুতবা
* আমরা তোমাদের ভুলবোনা
* একাত্তরের দিনগুলি
* সুন্দর জীবনের জন্য হাদিস ও কুরআন
* কংক্রিটের কাব্য


কথা বলুন সুদীর্ঘ ২১ বছরের
অভিজ্ঞতা সম্পন্ন লোন অফিসারের সাথে
বাড়ী কেনার চিন্তা করছেন?
জেনে নিন:
লোন হবে কিনা?
কত টাকার প্রয়োজন হবে?
কি পরিমান লোন পাবেন?
কেমন রেট?
প্রতিমাসে মর্গেজ কত?
Reza Rashid
Senior Loan Officer
NMLS ID: 1192775
Cell: 917 288 2448
Email: rezarashid.ny@gmail.com
Low Rates • Low Closing Cost • Quick Closing • Pre-Approval Letter in Minutes
Residential / Commercial / Investment / Refinance / Cash Out
Conventional / FHA / VA Loans / Line of Credit
MEADOWBROOK
Financial Mortgage Bankers Corp.
1600 Stewart Ave, Suite 701, Westbury, NY 11590
Main Office: 800 959 8890 / 516 867 3020
www.mfmbankers.com


সাপ্তাহিক আজকাল
www.ajkalnewyork.com
ছাপা সংস্করণের পাশাপাশি অনলাইনেও এগিয়ে আমরা
নতুন ঠিকানা
ডিজিটাল ওয়ান-এর পাশে
৭২-৩০ রুজভেল্ট এভিনিউ, জ্যাকসন হাইটস্‌,
নিউইয়র্ক-১১৩৭২
(Corner of 73rd and Roosevelt Avenue)
আজকালের Classified Section এ বিজ্ঞাপন দিন লাভবান হোন
বাড়ি-অফিস ও দোকান ভাড়া, পাত্র-পাত্রি চাই, চিকিৎসা, হোম কেয়ার, চাকুরীর বিজ্ঞাপন, রেস্টুরেন্ট, আইনি সহায়তা, ক্রয়-বিক্রয়, দৃষ্টি আকর্ষণ, ড্রাইভিং, ট্যাক্স সার্ভিস, নিয়োগ বিজ্ঞপ্তি, রুমমেট চাই, বেসমেন্ট ভাড়া ইত্যাদি
খবর নিয়ে আপনার পাশে আমরা আছি ২৪ ঘণ্টা
www.ajkalnewyork.com



# হাসান মালীক

## এটর্নী এট ল্

**সতসতা, আন্তরিকতা, অভিজ্ঞতা**

দূর্ঘটনার মামলা, ব্যবসা-বাড়ির ক্লোজিং (লেনদেন)
তালাক ও পারিবারিক মামলা, ক্রিমিনাল ডিফেন্স, ইমিগ্রেশন এবং
যাবতীয় আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

**(212)859-3532, (718)433-9243**

72-08 Broadway, 2nd Floor, Jackson Heights, NY 11372



# গলির সেই বাড়িটা

১৪ পৃষ্ঠার পর

বয়সের। ওদের বাসায় বসে আড্ডা দিতো।
মাঝে মাঝে সুফিয়ার ভাই তোবারক ঐ ঘরের ভিতর এসে কিছু খোজার ভান করে খুজে বেড়াতো না জানা জিনিষ টা।
ওরা দুই বান্ধবী মিটমিট করে হাসত।
ঐ সুন্দর সংসার একদিন ভেঙ্গে গুড়িয়ে গেলো। সখিনার বাবা কাঠফাটা রৌদে হুমড়ি খেয়ে পড়ে গেলো রাস্তায়। ছড়িয়ে ছিটিয়ে গেলো তার জিনিষপত্র। আর উঠল না। কে যেনও সখিনার মা কে খবর দিলো। পড়ে থাকা সখিনার বাবা কে ধরে সে অনেক কাঁদলও। সখিনার চোখের পানি শুকিয়ে গেছে। ও কাঁদেনি। ও পাথরের মত দাড়িয়ে ছিল।
অভাব এসে টোকা দিল দরজায়। নুন আনতে পান্তা ফুরাল। অনেকে অনেক পরামর্শ দিলো। অবশেষে আবার বিয়ে করল সখিনার মা।
সম্বন্ধ টা এনেছিল পাশের বাড়ীর জমীরের মা। তার দুঃসম্পর্কের ভাই। বছর তিনেক হোল বৌ এর সাথে ছাড়াছাড়ি হয়ে গেছে। সেই ভাই এসেছিল জমীরের মার বাসায়। দেখেছিল সখিনার মা কে, দেখেছিল সখিনা কে।
সেই বলেছিল জমীরের মা কে।
-কি বলও বোন, বিয়ে বসবে ও?
জমীরের মা বলেছিল, জিজ্ঞাসা করে দেখি।
অভাব যখন আসে তখন সব দিক শুধু অন্ধকার মনে হয়।
মন না চাইলেও বিয়ে বসতে হয়েছিল সখিনার মা কে। প্রথম থেকেই পছন্দ হয়নি লোক টাকে সখিনার। গুন্ডা মার্কা চেহারা। কেমন যেনও ফ্যালফ্যাল করে চেয়ে থেকে।
অস্বস্তি লাগে সখিনার।
ভেবেছিল, মা যদি সুখে থাকে ওর কি আসে যায়। লোক টা বের হয়ে যায় সকালে ফেরে রাতে। কি করে জানতে ইচ্ছে করে নি সখিনার। লোকটার নাকি টাকা পয়সা আছে শুনেছে।
দুটো ঘর। একটা ঘর ছোট। একসাথে লাগানো না। মাঝে এক ফালি জায়গা। সেখানে কাঠ আর কিছু ইট জড়ো করা। রান্না ঘরটা উঠোন পেড়িয়ে। ছোট ঘরটাতে থাকে সখিনা।
সেই রাতে দরজার সিটকানি টা দিতে যেয়ে সখিনা দেখল, ওটা ভাঙ্গা। কি করবে ভেবে, দরজাটা ভেজিয়ে দিয়ে শুয়ে পড়লো। মাঝ রাতে ঘুমটা ভেঙ্গে গেলো। মনে হোল ওর বুকের উপর কি যেন ঘুরে বেড়াচ্ছে। চিৎকার করতে যাওয়ার আগেই একটা হাত ওর মুখটা চেপে ধরল। তাকিয়ে দেখল ঐ লোকটা। অন্য হাতে ছুরি।
একটা আওয়াজ করলে শেষ করে দেবো। তোকে আর তোর মাকে।
তারপর সখিনা আর কিছু জানেনা। শুধু জানে সেই রাতে ঐ পিশাচটা ওর সতীত্ব হরণ করেছিল। ঘরের এককোণে বসে কেঁদে ছিল অনেকক্ষণ।
সকালে পিশাচ টাকে কোথাও দেখতে পেলনা। মা কে বলতে যেয়ে মনে হলও মা ওর কথা শুনতে চাচ্ছে না। সারা টা দিন না খেয়ে কাঁটালো।
তারপর এক সন্ধ্যায় কয়েকটা কাপড় নিয়ে বেড়িয়ে পড়ল দৌলতপুর শহরের দিকে।
মা কে বলেছিল, মা এখানে আমার থাকা হোল না। ঐ পিশাচ টাকে পাড়লে তুমি জবাই করো। মা ওকে জড়িয়ে ধরে কাঁদতে কাঁদতে বলেছিল, আমাকে তুই মাফ করে দিস।
দৌলতপুরে ওর এক খালা থাকে। অনেকদিন আগে বাবার সাথে গিয়েছিল সেখানে। অনেক কে জিজ্ঞাসা করে বাড়ীটা খুজে পেলো। প্রথমে খালা চিনতে পারেনি , পরিচয় দিতেই মুখটা গম্ভীর করে বলল, এসো।
তা কতদিন থাকবে, বাছা। বলে তাকালও ওর দিকে।
সখিনা বুঝতে পারলো এখানকার পাঠ খুব বেশি দিনের নয়।
আমতা আমতা করে বলেছিল, কোথাও একটা চাকরি পাই কিনা খুজে দেখবো। তারপরড়
কথা শেষ হওয়ার আগেই খালা বেশ কর্কশ স্বরে বলেছিল, মাস খানেকের মধ্যে যদি কিছু পাও তো ভাল, তার বেশি তোমাকে আমি রাখতে পারবো না বলে দিলাম।
সখিনা বুঝতে পারল তার পৃথিবী ছোট হয়ে আসছে। বার বার একটা কথাই মনে হচ্ছে, আত্মহত্যা। আত্মহত্যা করা ছাড়া তার আর কোন পথ নেই।
প্রতিদিন সকালে উঠে বেরিয়ে পড়ে। এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত জিজ্ঞাসা করতে থাকে প্রতিটা দোকানে, প্রতিটা কল কারখানায়। চাকরি আছে কি?
কেউ আশ্বাস দেয়, কেউ সরাসরি না করে দেয়।
এমনি একদিন হাঁটছিল সে। পিছন থেকে একজন দ্রুত পায়ে এসে ওর কাঁধে আস্তে করে হাত রাখল।
চমকিয়ে পিছন ফিরে তাকাল। চিনতে পারলো না লোকটাকে।
কিছু বলতে যাওয়ার আগেই, খুব নরম স্বরে বলল, দুঃখিত। মাফ করে দেবেন। আপনাকে আমি গতকাল বশীরের দোকানে দেখেছিলাম। চাকরি খুজতে এসেছিলেন। আমার নাম খোকন, থাকি মাঠ পাড়ায়। যদি কিছু মনে না করেন তবে বলি,
এখান থেকে পঁচিশ মাইল দুরে জেলা শহর। ওখানে একটা চাকরির ব্যবস্থা করে দিতে পারি।
সখিনা যেনও পায়ের নিচে মাটি দেখতে পেলো। ভাবল, পৃথিবীর সবাই খারাপ নয়। এখনো কিছু লোক আছে যারা সাহায্যের হাত বাড়িয়ে দেয়।
কি কাজ? উৎসাহ নিয়ে জিজ্ঞাসা করলো সখিনা।
আমার এক মামি থাকে ওখানে, তাকে দেখাশুনা করতে হবে। প্রতিদানে অনেক টাকা দেবে। বলে হাসল সে।
এ যেনও হাতে চাঁদ পাওয়া। রাজি হয়ে গেলো সখিনা।
কবে যেতে হবে?
কালই রওয়ানা দেবো। বিকালে। ঐ বাস স্ট্যান্ডে এসে দাঁড়াবেন।
যেই কথা সেই কাজ। পরদিন রওয়ানা হয়ে গেলো দুজনে। পথের খাওয়া দাওয়ার পয়সা খোকন দিলো। অনেক গল্প করলো দুজনে।
পৌছাতে পৌছাতে সন্ধ্যা হয়ে গেলো। রিক্সা নিয়ে এলো এক গলির মাঝে। সখিনা তাকালও চারিদিক। কিছু কিছু লোক হাঁটছে। পানের পিক ফেলছে। সখিনার ভয় ভয় করছে।
রিক্সা দাঁড়ালো। ওরা নেমে এলো। খোকন মিটিয়ে দিলো ভাড়া।
দরজা খোলা।
ও মামি, বলে ডাক দিলো খোকন।
দুই তিনটা মেয়ে একটু দুরে দাড়িয়ে। ওর দিকে তাকিয়ে হাসছে। বেশভূষা যেন কি রকম, মনে হোল সখিনার।
মামি এলো। ঠোঁট পানের রসে রাঙানো।
কিরে পেচু, নিয়ে এসেছিস।
হাঁ। বলে ফিক করে হাসল।
সখিনা বুঝতে পেরেছে কোথায় তাকে নিয়ে আসা হয়েছে। ঘৃণায় ঐ লোকটার মুখে থুথু মারতে ইচ্ছা করল।
মামি হাত ধরে টান দিলো।
এসো এই ঘরে।
নতুন জীবন শুরু হোল সখিনার।
সখিনা হোল চম্পা।
দশটা বছর পার হয়ে গেছে চম্পার জীবন থেকে। কত লোক এলো, ভোগ করল।
মাঝে মাঝে ভাবে, মা কি বেচে আছে। ফিরে যাওয়ার পথ নাই। তরী ডুবে গেছে।
ফিরে এল বাস্তবে। কাঞ্চনের দিকে তাকাল। হাতটা ধরে নিয়ে এলো ঘরের বাইরে। ডাক দিলো মামিকে।
মামি বেরিয়ে আসতেই বলল, ওর টাকাটা ফিরিয়ে দাও।
মানে? ফিরিয়ে দাও, বললেই ফিরিয়ে দেবো। ঘাড় ঘুরিয়ে বলল মামি।
আবারও বলছি মামি, টাকাটা ফিরিয়ে দাও। ওর গলার স্বরে কি যেন ছিল। মামি আর ঘাটাল না। টাকাটা দিলো চম্পার হাতে।
কাঞ্চন মাথা নিচু করে তার ছায়াটা দেখছে। নিজের ছায়াটাকে সে চিনতে পারছে না। মনে হচ্ছে সবাই ওর দিকে তাকিয়ে আছে। ছি ছি করছে। ওর মাটির সাথে মিশে যেতে ইচ্ছে করছে।
ওর একটা হাত চম্পা ওর হাতের মধ্যে নিল। অন্য হাত দিয়ে টাকাগুলো ওর পকেটে ঢুকিয়ে দিলো।
আস্তে আস্তে দরজার কাছে নিয়ে এসে হাতটা ছেড়ে দিলো চম্পা।
কাঞ্চন মাথা নিচু করে বেরিয়ে গেল।

**লেখক : কথাসাহিত্যিক, নিউইয়র্ক।**

# মিয়ানমারে জান্তা গোষ্ঠীর বিরুদ্ধে 'সামাজিক শাস্তি'

৮ পৃষ্ঠার পর

রোহিঙ্গাদের স্বর্বস্ব কেড়ে নিয়ে দেশ থেকে বিতাড়িত করেছিল।
আরেকটি হলো- সুচির সময়ে মানুষ কিছুটা সচেতন হয়ে উঠলে শুধু চুরি করে আর মনপুত: হচ্ছিল না জান্তাদের। তাই আবারো সবকিছু নিজেদের নিয়ন্ত্রণে রেখে গিলে খাবার তাগিদে ডাকাতি প্রক্রিয়া শুরু করেছে। সামরিক কায়দায় সবকিছুকে দখল করে অধিকারহারা মানুষকে ঘরে বন্দী করে রাখা। ডিজিটাল যুগে এসেও নিজের মনমত যে কেউ অর্ডার না শুনলে গুলি করা- এই অসভ্যতা ও বর্বরতার শেষ নেই যেন।



মিয়ানমারের সাতাশ বছরের এক তরুণ সামরিক বাহিনীর নির্বাচনী পরীক্ষায় কৃতকার্য হয়ে যোগদান কারার জন্য অপেক্ষায় ছিল। তার ইচ্ছে ছিল সেনাবাহিনীর কর্মকর্তা হবে। সে আক্ষেপ করে বলেছে- এখন একাজে ঘৃণা জন্মেছে। আর সেসেনাবাহিনীতে যোগদান করবে না।
সেনাপ্রধান মিন অং হ্লেইং অভ্যুত্থান ঘটিয়ে ক্ষমতা দখল করার পর সুচির ঘনিষ্ঠ পুলিশ সদস্যরা ভারতে পালিয়ে গেছে। পালিয়েছে অনেক সরকারী কর্মকর্তারাও। তাদেরকে এসময় জোর করে দেশে ফেরত পাঠানোর চেষ্টা করা হলে আত্মহত্যা করবে বলে হুমকি দিয়ে রেখেছে তারা। হ্লেইং এখন নতুন ফন্দি এঁটে বলছেন দ্রুত নির্বাচন দিয়ে তিনি গণতন্ত্রকে সুরক্ষা করবেন। একদিকে বুলেট দিয়ে নিরীহ মানুষ হত্যাযজ্ঞ চালানো-অন্যদিকে গণতন্ত্র সুরক্ষার কথা বলার মত জান্তা ও তার পরিবারের জন্য অসহায় আন্দোলনকারীরা 'সামাজিক শাস্তির' যৌক্তিক দাবি তুলেছেন বলে মনে হয়।
এখন মিয়ানমারে থেকে যারা আন্দোলন করছেন তারাও বলছেন আত্মত্যাগ করার কথা। তারা অভিমত দিচ্ছেন- এমন কষ্টময় জীবনের কোন ভাল ভবিষৎ নেই। এ নিয়ে বেঁচে কি লাভ? এজন্য কারফিউ মানছে না তারা। এ বিপ্লবে তারা জয়ী হতে চায়। এজন্য তাঁরা অকাতরে প্রাণ বিসর্জন দিয়ে যাচ্ছেন দেশের গণতন্ত্রের জন্য, মুক্ত জীবনেরজন্য, সামগ্রিক অধিকার লাভের জন্য নিজের ও পরবর্তী প্রজন্মের মুক্ত ভবিষ্যতের কথা ভেবে। পাশাপাশি বিতাড়িত রোহিঙ্গা মুসলমানদেরকে নিজ দেশে ফেরার বিষয়টি অর্ন্তভুক্ত করে সকল রোহিঙ্গা যুবকদেরকে এই আন্দোলনে শরীক করে নেবার উদারতা দেখাতে হবে।
আন্দোলনকারীগণ ভাবছেন- একটি ব্যাপক 'সামাজিক শাস্তি' প্রক্রিয়া চালু না হলে জান্তাদের অপতৎপরতা সমূলে উৎপাটন করা সম্ভব হবে না। শুধু মিয়ানমারেই নয় বরং 'সামাজিক শাস্তি' প্রক্রিয়া চালু হবার মাধ্যমে অবৈধ সামরিক কায়দায় নিরীহ মানুষ হত্যাকারী ও তাদের দোসরদের উৎপাটিত করে বিশ্বব্যাপী নিপীড়িত জনগণের সার্বিক অধিকার ফিরে আনতে হবে তাবৎ মুক্তিকামী তরুণদেরকে।

**লেখক: রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন, সমাজকর্ম বিভাগের প্রফেসর ও সাবেক চেয়ারম্যান।**


CRIMINAL DEFENSE
AVAILABLE 24 HOURS A DAY • 7 DAYS A WEEK
ALL CRIMINAL MATTERS – STATE AND FEDERAL COURTS
ARRAIGNMENTS – TRIALS - APPEALS
• HOMICIDE • NARCOTICS • SEX OFFENSES
• WEAPONS • ROBBERY • VIOLENT CRIMES
• WHITE COLLAR CRIMES • EMBEZZLEMENT • MEDICAID FRAUD
ZAFAR A. SIDDIQI, ESQ.
ATTORNEY AT LAW
212-514-5900
11 Broadway – Suite 853, New York-10004



হোমিও ভিটামিন সেলিং সেন্টার ইনক
হোমিও চিকিৎসা

ব্যথা, চর্ম, যৌন রোগ, পাইলস, গ্যাস্টিক
ডাঃ এফ হক
DI. Hom (USA)
মহিলাদের বিভিন্ন সমস্যা, আঁচিল, টিউমার, চর্মরোগ, পুরানো ব্যাথা, জরায়ু টিউমার, প্রস্রাব সংক্রান্ত সমস্যা, মুখের দাগ, শুকনো কাশি, গ্যাস্টিক, কিডনীর পাথর, দাঁতের সমস্যা, মাসিক সমস্যা, এলার্জি, শ্বাসকষ্ট, চর্মরোগ, একজিমা, ব্রন, শারীরিক প্রতিবন্ধতা, নিদ্রাহীনতা, হাই-প্রেসার, মৃগীরোগ, হাড় বৃদ্ধি, চুলের খুশকি, যৌন সমস্যা, যৌন দূর্বলতা ও অন্যান্য জটিল রোগ।
সব ধরনের জটিল রোগ
চেম্বারের সময় সূচীঃ

| সময় সূচী | সোমবার | মঙ্গলবার | বুধবার | বৃহস্পতিবার | শুক্রবার | শনিবার | রবিবার |
|---|---|---|---|---|---|---|---|
| বিকাল ৪টা-রাত ১০টা | | ব্রুকলিন | | ব্রুকলিন | | ব্রুকলিন | |
| বিকাল ৪টা-রাত ১০টা | জাকসন হাইট্স | | জাকসন হাইট্স | | জাকসন হাইট্স | | জাকসন হাইট্স |

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন দুপুর ০২ টা থেকে ৯ টা পর্যন্ত
347-596-3111, 347-485-8020
জ্যাকসন হাইট্স: ৩৭-৫৩ ৭২ স্ট্রিট (বিটুইন ব্রডওয়ে এন্ড রোজবেল্ট), জ্যাকসন হাইট্স, নিউ ইয়র্ক ১১৩৭২
ব্রুকলিন: ৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক ১১২১৮

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# তরুণদের বিভ্রান্ত করবেন না প্লিজ

৯ পৃষ্ঠার পর

আর ইদানীং তরুণদের মিছিল দেখলে অনেকেই ভয়ে সটকে পড়ে। পাছে না কোনও বিপদে পড়ি! এই ভয়ে মিছিলের মুখোমুখি দাঁড়াতে সাহস করেন না অনেকে।

এই তো মাত্র দু'দিন আগে আমাদের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পার হলো। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানমালা চলছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাশেই সোহরাওয়ার্দী উদ্যানে শুরু হয়েছে বাংলা একাডেমি আয়োজিত একুশে বইমেলা। বইমেলায় যাবার জন্য টিএসসি এলাকা অতিক্রম করছিলাম। হঠাৎ দেখি এলাকায় মানুষের ছোটাছুটি শুরু হয়ে গেলো। ঘটনা কী? ঘটনা হলো মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন উপলক্ষে একটি ছাত্র সংগঠনের মিছিল আসছে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালনের মিছিল। হোক না কোনও ছাত্র সংগঠনের মিছিল। সাধারণ মানুষও তো ওই মিছিলে অংশ নিতে চাইবে। অংশ নেওয়ার সুযোগ না থাকলেও হাততালি দিয়ে মিছিলটিকে তো স্বাগত জানাতে চাইবে অনেকে। কিন্তু সে সুযোগ কোথায়? মিছিলের অধিকাংশ মুখে অন্যকে তুচ্ছ-তাচ্ছিল্য ভাবার ছায়া স্পষ্ট। সরে যান সরে যান... বলে কয়েকজন তরুণ পথচারীদের হুমকি দিচ্ছে। সামনে একটা রিকশাকে ধাক্কা দিয়ে উল্টে ফেলে দিলো তারা। চরম একটা ভীতিকর পরিবেশ সৃষ্টি হল। চলন্ত গাড়ির ড্রাইভার অর্থাৎ চালককে গালাগাল দিচ্ছে তরুণদেরই একজন অয় মিয়া কানে বাতাস যায় না? গাড়ি সরাও...।

ফুটপাতে দাঁড়িয়ে সবকিছুই দেখলাম। মিছিলকে ভয় পাচ্ছে কেন সাধারণ মানুষ? আবার মিছিলকারীরাই বা ভয় দেখাচ্ছে কেন? কাজটা অর্থাৎ চর্চাটা কি ঠিক হচ্ছে? একসময় সাধারণ মানুষের ভরসার জায়গা ছিল তরুণদের মিছিল। এখন কেন তারা তরুণদের মিছিল দেখে ভয় পায়?

একুশে বইমেলার কথা যখন উঠলো তখন এবারের বইমেলারই একটি ঘটনা বলি। যে ঘটনায় আমি যারপরনাই ক্ষুব্ধ,ব্যথিত এবং লজ্জিতও বটে। কোন পরিস্থিতিতে ফেব্রুয়ারির বইমেলা মার্চে অনুষ্ঠিত হচ্ছে এটা আমরা সবাই জানি। স্বীকার করতেই হবে, নানান প্রতিকূল পরিবেশ-পরিস্থিতি মোকাবিলা করে বাংলা একাডেমি কর্তৃপক্ষ এবারের বইমেলাকে অন্যবারের তুলনায় আরও সুন্দর করে সাজিয়েছে। দেখে মনে হবে ছবির মতো সাজানো সবকিছু। যেহেতু মহান স্বাধীনতার মাস পেয়েছে এবারের একুশে বইমেলা, তাই মেলা মাঠে এবার একটি নতুন আয়োজন করেছে মেলা কর্তৃপক্ষ অর্থাৎ বাংলা একাডেমি। সুদৃশ্য একটি বোর্ড স্থাপন করেছে মেলার মাঝ মাঠে। বোর্ডের মাথায় লেখা রয়েছে 'হে স্বাধীনতা' লিখুন আপনার কথা। অর্থাৎ প্রিয় স্বাধীনতা সম্পর্কে কার কী ভাবনা এটা দেখার জন্যই বাংলা একাডেমি বোর্ডটি স্থাপন করেছে। খুশি মনে বোর্ডটির সামনে দাঁড়ালাম। অসংখ্য মন্তব্য লেখা হয়েছে বোর্ডটিতে। মন্তব্যগুলো পড়তে গিয়ে হোঁচট খেলাম। স্বাধীনতার বোর্ডে এসব কি লিখেছে তরুণেরা? ভুল দেখছি না তো? না, ভুল দেখছি না। লজ্জায় মাথা তুলে তাকাতে পারছি না। কয়েকজন তরুণ বোর্ডের বিভিন্ন মন্তব্য পড়ছে আর নিজেরা হাসাহাসি করছে। সাহস করে আবার বোর্ডটির দিকে তাকালাম। অশালীন, অশোভন মন্তব্যে ভরে গেছে বোর্ডটি। লিখতে বলা হয়েছে দেশের স্বাধীনতা নিয়ে। অথচ শতকরা ৯০ জনই লিখেছে তার প্রেমিকার কথা। নারীর শরীরের অশ্লীল বর্ণনাও স্থান পেয়েছে বোর্ডটিতে।

বোর্ডটির সামনে অনেকক্ষণ অপরাধীর মতো দাঁড়িয়ে থাকলাম। মনে অনেক প্রশ্ন। স্বাধীনতার বোর্ডে এই যে তরুণেরা কুরুচিপূর্ণ মন্তব্য লিখলো এজন্য দায় কার? বাবা মা? শিক্ষক-শিক্ষিকা? নাকি সমাজের? অনেকে হয়তো বলবেন, এটা আমাদের তরুণ প্রজন্মের আসল চিত্র নয়। মানলাম এটা আসল চিত্র নয়। কিন্তু আমরা বোধকরি একটা বিষয় সবাই জানি যে এক বালতি দুধকে নষ্ট করতে এক ফোঁটা তেঁতুলের টকই যথেষ্ট। তর্কের খাতিরে ধরে নিলাম একাডেমির বইমেলায় স্বাধীনতার বোর্ডে কুরুচিপূর্ণ মন্তব্য লেখা তরুণেরা দেশের সংখ্যাগরিষ্ঠ তরুণদের প্রতিনিধিত্ব করে না। কাজেই এ নিয়ে না ভাবলেও চলবে। তবু কথা থেকে যায়। তরুণ প্রজন্মের এরাও একটি অংশ। কাজেই বিষয়টিকে গুরুত্বহীন ভাবলে আমরা ভুল করবো।

গ্রামের সঙ্গেই তো আমাদের নাড়ির সম্পর্ক। খেয়াল করেছেন কি গ্রামেও তরুণদের মধ্যে একটা পরিবর্তন শুরু হয়েছে। শহরের চেয়ে গ্রামের তরুণদের মধ্যে ফেসবুকচর্চা প্রকট। রাত দিন ২৪ ঘণ্টা মোবাইল নিয়েই পড়ে থাকে অনেকে। পাশাপাশি বেড়েছে দলবাজি। রাস্তার মোড়ে মোড়ে দেখবেন জাতীয় পর্যায়ের নেতা-নেত্রীদের ছবির সঙ্গে নিজের ছবি যুক্ত করে দিয়ে ব্যানার টানার তীব্র প্রতিযোগিতা স্পষ্ট। লেখাপড়ার কোনও খোঁজ নেই। অথচ অনেকেই ছাত্র সংগঠনের নেতা! অনেকেই নির্দিষ্ট রাজনৈতিক দলের আদর্শ-উদ্দেশ্য সম্পর্কে তেমন কিছুই জানে না। শুধু জানে নেতার জন্য মিছিল করতে হবে। মিছিলে লোক আনতে হবে। মিছিল করতে করতেই একদিন বড় নেতা হতে হবে... তরুণদের অনেকের মধ্যেই এই প্রতিযোগিতা স্পষ্ট।

ধর্মভিত্তিক অনেক রাজনৈতিক দলের সভা-সমাবেশ ও মিছিলে তরুণদেরই সামনের কাতারে রাখা হয়। চট্টগ্রামের হাটহাজারী ও ব্রাহ্মণবাড়িয়ার সহিংস ঘটনায় অসংখ্য তরুণকে দেখলাম জ্বালাও, পোড়াওর মতো নারকীয় ধ্বংসযজ্ঞ চালাচ্ছে। ওরা কি সবাই জানে কেন তারা এসব করছে? এতে দেশের কতটুকু লাভ হবে? দেশের লাভ না হোক, নিজেদেরই বা কতটুকু লাভ হবে? জানে কী ওরা?

আমরা কথায় কথায় বলি শিশুরাই জাতির ভবিষ্যৎ। অথচ দেশের বিভিন্ন অঞ্চলে ক্ষতিকর কিশোর গ্যাং গড়ে উঠেছে। রাজনৈতিক ছত্রছায়ায় কিশোর গ্যাং প্রতিপক্ষকে খুন করতেও দ্বিধা করছে না। প্রায় সব রাজনৈতিক দলের মিছিল মিটিংয়ে শিশু-কিশোরদের অংশগ্রহণ নিশ্চিত করা হয় টাকার বিনিময়ে। ফলে নেতানেত্রীর মনোযোগ আকর্ষণের জন্য অনেক কিশোর ভয়ানক সন্ত্রাসী হিসেবে আবির্ভূত হচ্ছে। এ তো এক ভয়ংকর খেলা?

দেশের জন্য ক্ষতিকর এই প্রবণতায় শেষ কোথায়? কার কাছে জবাব খুঁজবো? জাগো বাহে কোনঠে সবায়!

**লেখক: কথাসাহিত্যিক, নাট্যকার, ঢাকা।**

# আটকেপড়া পাকিস্তানি, আটকেপড়া ভারতীয়!

৭ পৃষ্ঠার পর

ভাঙতেই ভারত বাংলাদেশকে সহায়তা করেছে। যে কারণেই করুক, ভারতের সহায়তা ছাড়া আমরা নয় মাসে বিজয় অর্জন করতে পারতাম না, এটা সত্যি। তবে এটাও ঠিক, একাত্তরের সেই বন্ধু ভারতকে আমরা সব সময় পাশে পাইনি। ভারত বাংলাদেশের বৃহত্তম প্রতিবেশী। মিয়ানমারের অল্প একটি সীমান্ত বাদ দিলে স্থলপথে বাংলাদেশ আসলে ভারতবেষ্টিত। বন্ধু বদলানো যায়, কিন্তু প্রতিবেশী বদলানো যায় না। তাই বাংলাদেশ-ভারতের মধ্যে একটা বন্ধুত্ব ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক দুই দেশের স্বার্থেই দরকার। সমস্যাটা হলো ভারতের অনেকে এখনও মনে করে, তারা পাকিস্তানের কাছ থেকে বাংলাদেশের স্বাধীনতা এনে দিয়েছে। তাই বাংলাদেশকে চিরদিন তাদের কাছে নতজানু হয়ে থাকতে হবে। তাদের কেউ কেউ সব সময় বাংলাদেশের ওপর দাদাগিরি ফলাতে চান। তারা ভুলে যান বা ইচ্ছা করে বাংলাদেশকে হেয় করেন। ব্যক্তিপর্যায়ে তো বটেই, কখনও কখনও রাষ্ট্রীয় পর্যায়েও এই প্রবণতা দেখা যায়। একটা বিষয় স্পষ্ট করা প্রয়োজন, বাংলাদেশ একটি স্বাধীন-সার্বভৌম রাষ্ট্র। আমরা সবার সঙ্গে বন্ধুত্ব চাই, বিশেষ করে নিকট প্রতিবেশী ভারতের সঙ্গে। কিন্তু বন্ধুত্বটা হতে হবে পারস্পরিক স্বার্থ, মর্যাদা ও সম্মানের ভিত্তিতে। অনেকে ভাবেন, বাংলাদেশ-ভারতের সম্পর্কে বুঝি বাংলাদেশের স্বার্থই বেশি।

বৃহৎ প্রতিবেশীর সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে বাংলাদেশের স্বার্থ হয়তো বেশি, তবে ভারতের স্বার্থও কম নয়। বিশেষ করে কানেক্টিভিটির মাধ্যমে ভারত নানান সুবিধা পেয়েছে। বাংলাদেশের সঙ্গে সম্পর্ক ভালো বলেইওসেভেন সিস্টার্স নামে পরিচিত সাত রাজ্যে উন্নয়নের ছোঁয়া লেগেছে। পাকিস্তান এবং চীনের সঙ্গে সীমান্ত নিয়ে ভারতকে সারাক্ষণই টেনশনে থাকতে হয়। কিন্তু বাংলাদেশ সীমান্ত নিয়ে তারা নিশ্চিন্তে থাকতে পারে। কিন্তু এই নিশ্চিন্তের বিনিময়টা ভারত দেয় বড় নিষ্ঠুরভাবে। সীমান্তে বাংলাদেশিদের প্রাণ দিতে হয় নিয়মিতভাবে। সীমান্ত হত্যা বন্ধ নিয়ে অনেক কথা হয়েছে। সীমান্তে প্রাণঘাতী অস্ত্র ব্যবহার না করার ব্যাপারে সম্মত হলেও তা বাস্তবায়ন হয়নি। তবে শেখ হাসিনার নেতৃত্বে সীমান্ত চুক্তি, ফারাক্কা চুক্তি হয়েছে। দ্বিপাক্ষিক অনেক সমস্যা মিটেছে, সম্ভাবনার নতুন নতুন দুয়ার খুলেছে, যোগাযোগের দ্বার অবারিত হয়েছে। কিন্তু তিস্তার পানি পায়নি বাংলাদেশ।

এটা ঠিক 'ভারত বিরোধিতা' বাংলাদেশের রাজনীতির একটা বড় ট্রাম্প কার্ড। অন্ধ ও একপেশে ভারত বিরোধিতা বাংলাদেশের প্রায় সমান বয়সী। বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বাংলাদেশ ১০ দিনের আয়োজন করেছে। সে আয়োজনে বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকার প্রধানরা অংশ নিচ্ছেন। কেউ কেউ অংশ নিচ্ছেন ভার্চুয়ালি। এরইমধ্যে মালদ্বীপ, শ্রীলঙ্কা, নেপাল, ভুটানের রাষ্ট্র ও সরকার প্রধানরা বাংলাদেশ সফর করেছেন। এ আয়োজনের শেষ দিনে অংশ নেবেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তার এই সফর নিয়ে বাংলাদেশের রাজপথ এখন উত্তাল। অনেকেই এই সুযোগে 'ভারত বিরোধিতা'র কার্ড খেলতে চাইছেন। ব্যক্তিগতভাবে আমি নরেন্দ্র মোদিকে চরম ঘৃণা করি। আমি সব সময় রাজনীতিতে ধর্ম টেনে আনার বিপক্ষে। আর মোদি ধর্মকে পুঁজি করেই ভারত জয় করেছেন। ধর্মনিরপেক্ষ ভারতকে মোদি হিন্দু রাষ্ট্র বানাতে চাইছেন। আর ভারতে ধর্মীয় উগ্রতা প্রশ্রয় পেলে বাংলাদেশেও তার প্রভাব পড়ে। মোদি আর ট্রাম্পের মতো উগ্র জাতীয়তাবাদী নেতারা বিশ্বেরই দীর্ঘমেয়াদি ক্ষতি করেছেন। আমি সব সময় চাই মোদির রাজনীতির অবসান ঘটুক, বিজেপির শাসন শেষ হোক। কিন্তু এটা মানতেই হবে, নরেন্দ্র মোদি আসছেন ভারতের প্রধানমন্ত্রী হিসেবে। একাত্তর সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতের যে ভূমিকা, তাতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর আয়োজনে ভারতের বড় অংশগ্রহণ থাকবে, এটাই প্রত্যাশিত। আমরা অকৃতজ্ঞ জাতি নই। কিন্তু বাংলাদেশের আলট্রা ডান আর আলট্রা বাম মোদির সফর ঠেকাতে রাস্তায় আন্দোলন করছে। রাষ্ট্রীয় অবস্থান বিবেচনায় মোদির সফর সাফল্য হিসেবেই বিবেচিত হবে। আবার রাজপথে যারা বিরোধিতা করছে তাদের যুক্তি আছে এবং অধিকারও আছে। কিন্তু সরকারের সহিষ্ণুতার লেভেল শূন্যে নেমে এসেছে। রাজপথ থেকে উঠে আসা দল আওয়ামী লীগ এখন রাজপথে মানুষ দেখলেই মনে হয় ভয় পায়। সাম্প্রদায়িক শক্তিই কেবল এখন নিশ্চিন্তে মাঠে নামতে পারে। আর কেউ নামলেই পুলিশ জিরো টলারেন্স পিটুনি দেয়।

শুরুতে যেমন বলেছি, বাংলাদেশে মানসিকভাবে আটকেপড়া অনেক পাকিস্তানি আছেন, তেমনই মানসিকভাবে আটকেপড়া অনেক ভারতীয়ও আছেন। সংখ্যাটা অনেক কমেছে, তবে এখনও অনেকে হৃদয়ে ভারতকে ধারণ করেন। ভারতের সবকিছুই তাদের ভালো লাগে। ভারতকে কেউ কিছু বললেই তারা লাফিয়ে ওঠেন। তারা সব সময় ভারতকে 'দাদা দাদা' বলতে মুখে ফেনা তুলে ফেলেন। এই আটকেপড়া ভারতীয়দের জন্য ভারত 'দাদাগিরি' করার সাহস পায়। স্বাধীনতার পর পর বাংলাদেশের অস্তিত্ব নিয়ে যারা সন্দিহান ছিল, ৫০ বছর পর তারা মুখ লুকাতে পারলে বাঁচে। নিন্দুকদের মুখ তো বন্ধ হয়েছেই, বরং সেই মুখেই এখন প্রশংসার ফুলঝুরি। সামর্থ্যে-সক্ষমতায় বাংলাদেশ পাকিস্তানকে ছাড়িয়েছে অনেক আগেই, কোনও কোনও সূচকে ভারতকেও টেক্কা দিচ্ছে। বাংলাদেশের অর্জন অনেক। আমরা এখন বিশ্বে মাথা উঁচু করে চলতে পারি, বুক ফুলিয়ে বলতে পারি, 'আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি...।'

প্রিয় ভাই ও বোনেরা, যারা হৃদয়ে পাকিস্তান বা ভারতকে ধারণ করে বসে আছেন, তারা হৃদয়ের দুয়ার খুলে দিন। পাকিস্তান বা ভারতের প্রতি অন্ধ আনুগত্যের ঠুলি যাদের চোখ অন্ধ করে দিয়েছে; তারা সেই ঠুলিটা ফেলে দিন। দু' চোখ ভরে দেখুন প্রিয় বাংলাদেশকে। শুধু পাকিস্তান বা ভারত নয়; বিশ্বের যেকোনও দেশের সঙ্গেই দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে আমাদের একমাত্র বিবেচনা হবে বাংলাদেশের স্বার্থ। ৫০ বছরে বাংলাদেশের অর্থনীতি এখন শক্ত ভিতের ওপর দাড়ানো। সক্ষমতায়, সামর্থ্যে, মর্যাদায় আমরা এখন আগুয়ান। বাংলাদেশ এখন উন্নয়নশীল দেশ। আমাদের সবার ভালোবাসায় উন্নয়নশীল থেকে উন্নত দেশের পথে হাঁটতে পারবে বাংলাদেশ। এই দেশকে কেউ 'দাবায়া' রাখতে পারেনি, পারবেও না।

**লেখক: হেড অব নিউজ, এটিএন নিউজ।**






# Visa Immigration Tax+1STOP Services

## বিদেশে-বসবাসকারী/বিদেশগামী প্রবাসীর প্রয়োজনীয় সবসেবা একইস্থানে

**ভিসা ইমিগ্রেশন :** সব দেশের সবধরনের ভিসা ইমিগ্রেশন নাগরিকত্ত পাসপোর্ট এক্সপেডাইট/ত্বরাপ্রাপ্তীতে ফুলপ্রসেসিং ১০০% নন-এটর্নী সার্ভিস। সবধরনের ফরম, প্রথম ফিলাপ থেকে ইন্টারভিউ ভিসা ইস্যু, সেটেল হওয়া পর্যন্ত যাবতীয় সমস্যার সঠিক সমাধান। বিশেষত: ইউএসসিআইএস (সাবেক আইএনএস) এডজাষ্টমেন্ট, ন্যাশনাল ভিসা সেন্টার (এনভিসি), ঢাকা বা অন্যান্য কন্সুলারের মাধ্যমে ফুলপ্রসেসিং ও প্রয়োজনীয় ফরম ফিলাপ কাগজপত্র সংগ্রহ/জমা ভিসা/সিটিজেন ইন্টাভিউ এডিশনাল/এডমিন-প্রসেস, বাচ্চাদের ডাইরেক্ট পাসপোট, ডিএনএ/বয়সের বোন টেস্ট,বাচ্চা একুশ হচ্ছে এমন সমস্যা, স্পন্সরের নিম্নআয়, নিউজয়েন্ট স্পন্সর, জন্মতারিখ/নামের গরমিল, ব্লুশীট, দীর্ঘদিন কন্সুলারে প্যারেড, দীর্ঘদিন খবর নাই, ফাইল কেন্সেল নোটিশ, সস্তা হাতুড়ে উকিল, নামীদামী এটর্নীর আকাশচুম্বী ফী আর ভাষা সমস্যা--সব সমস্যার সঠিক সমাধান একইস্থানে। সিটিজেন পরীক্ষার ক্লাশ-ট্রেনিং, গ্রীনকার্ড রিনিউ মেইলমিসিং, নামের গন্ডগোল, ডিভি লটারীতে বিবাহিত-অবিবাহিত-তালাক স্বামী-স্ত্রী সন্তানের নাম নাথাকা, ইউ এস ও বাংলাদেশী পাসপোর্টের জরুরী আবেদন/রিনিউ, নো-ভিসা সীল, ডুয়ালসিটিজেন, দেশের পাওয়ার অব এটর্নী, NY কন্সুলেটের সকল সমস্যা।

**বি:দ্র:** অত্র পরিষেবাদাতা ব্যক্তি একজন আইন প্র্যাকটিসের লাইসেন্স প্রাপ্ত এটর্নী নন, বা তিনি ইউ এস সিটিজেনশিপ এন্ড ইমিগ্রেশান সার্ভিসেস, দি ডিপার্টমেন্ট অব লেবার, দি ডিপার্টমেন্ট অব স্টেট বা কোনো অভিবাসন কর্তৃপক্ষের নিকট আপনার প্রতিনিধিত্ব করতে ইমিগ্রেশান আপীল বোর্ডের অনুমতিপ্রাপ্ত নন: এবং তিনি আইনের পরামর্শ দিতে বা আইনপরামর্শের ফী নিতে পারেন না। *The individual providing assistance to you is not an attorney licensed to practice law or accredited by the Board of Immigration Appeals to provide representation to you before U.S Citizenship and Immigration Services, the Department of Labor, the Department of State or any immigration authorities and may not give legal advice or accept fees for legal advice.*

**ইনকাম ট্যাক্স :** সারা বছরব্যাপী IRS ও সকল State ট্যাক্স ই-ফাইল। রিয়েল এস্টেট এজেন্ট: বাড়ী ক্রয়-বিক্রয়, লোন ক্রেডিট। কম্পুটার-লেপটপ: হাতেখড়ি, কন্সাল্টিং ক্রয়বিক্রয় ইনস্টল ভাইরাস-সমস্যা ডিএসএল ইন্টারনেট আইপি-ফোন নেটওয়ার্ক-কানেক্সান।

**অন্যান্য :** নোটারী পাত্র-পাত্রী-লিস্টিং অনুবাদ ফ্যাক্স স্ক্যানিং ইমেইল, ফটোকপি পাসপোর্ট-ইমিগ্রেশান-ফটো বায়োডাটা রিসুমে টাইপিং চাকুরী ভর্তি বিল, আইডি, এসএসএন মেডিকেইড, লাইসেন্স কোর্টপুলিশ টিকেট, ভাষা, ব্র্যান্ডনিউ/পুরাতন সকল প্রবাসীর যাবতীয় দৈনন্দিন সমস্যা সমাধান।

## *Visa Tax Travels Worldwide*

AUTHORIZED IRS e-file PROVIDER

***Md. Shah Jamal*** **Notary Public State of New York**

*রিটায়ার্ড লিগাল এডভাইজার, এআইডি, আমেরিকান দুতাবাস, বারিধারা, ঢাকা, বাংলাদেশ।*

*ভিসা ইমিগ্রেশান ও ট্যাক্সে ৩৫ বছর আন্তর্জাতিক অভিজ্ঞ **IRS** E-File প্রবাইডার রিয়েলএস্টেট এজেন্ট, নোটারী পাবলিক 87-54 168 St, Jamaica, NY 11432; সময়-সকাল ৯টা থেকে বিকাল ৯টা সোম-রবি, ছুটিরদিন, ৩৬৫ দিন হিলসাইড ও ১৬৮ স্ট্রীট কর্নার সাবওয়ে ঢুকার উপরেই দোতালায়, অফিস সিড়ি ১৬৮ স্ট্রীট সাইডে।*

Toll Free 1-800 DVLOTTERY (385-6883) Regular Tel: 1-347 – LOTTERY (568-8379)

হটলাইট :1-718-297-2792, Fax : 1(718)297-5041 ঢাকা: (02) 8900489

ইন্টারনেট ওয়েবসাইট : www.visatax1stop.com Email: info@shahjamal.com

F ট্রেনে 169 St. সাবওয়ে Exit 168 St NW এ দোতালা, নীচে 167-19 Hillside Aveবাস টার্মিনাল মসজিদ ১ ব্লক দুরে।



# Broad Link Security Carrier School

## Get Your Security Guard License From US

37-47, 73 St. Suite#3 (2nd Fl), Jackson Heights, NY 11372. (Kabab King Building)

**Tel: 718-457-5700**



- রানার ড্রাইভিং স্কুল
- আমরা সিকিউরিটি গার্ড লাইসেন্স প্রদান করি
- অটো ইন্সুরেন্স
- ইনকাম ট্যাক্স ফাইলিংসহ সমস্ত কাজ স্বল্প ব্যায়ে ও দ্রুত সমাধা করে থাকি



# IMMIGRATION & NATIONALITY LAW

## ইমিগ্রেশন অ্যাটর্নি খায়রুল বাশার



**KHAIRUL BASHAR**
Attorney & Counselor at Law
**BBA.,MBA.,LL.M.**
(Baruch College, Pace University, Touro College Jacob D. Fuchsberg Law Center, NY, USA)
**MSS.,LL.B.**
(Chittagong University, Bangladesh)

### যেসব বিষয়ে আইনি পরামর্শ ও সহায়তা করি

- ফ্যামিলি ইমিগ্রেশন পিটিশন
- সিটিজেনশিপ আবেদন
- গ্রীণকার্ড নবায়ন
- রিএন্ট্রি পারমিট
- B1 & B2 ভিসা এক্সটেনশন
- স্ট্যাটাস এডজাষ্টমেন্ট গ্রীণকার্ড
- এসাইলাম, ক্যান্সেলেশান অফ রিমুভাল (ডিপুর্টেশন)
- স্পেশাল জুভেনিল ইমিগ্রেশন স্ট্যাটাস
  মোশন টু রিওপেন, বন্ড রিভিউ মোশন
- ইমিগ্রেশন আপিল
- VAWA পিটিশন & U Visa
- EB-5 ইনভেষ্টমেন্ট গ্রীণকার্ড
- E-2 বিজনেস ওয়ার্কপারমিট
- EB-1 এক্সট্রাঅর্ডিনারি এবিলিটি গ্রীণকার্ড
  [Professor, Researcher, Scientist & Artist]
- এমপ্লয়মেন্ট গ্রীণকার্ড
  EB-3, O-1, H-1B, L1-A & B
- BUSINESS PLAN
  EB-5, E-2 & L-1 Visas

আপনার যেকোন ইমিগ্রেশন সমস্যার আইনি পরামর্শের জন্য যোগাযোগ করুন
**1 (888) 771-4529**

KHAIRUL BASHAR LAW OFFICE
ATTORNEY & COUNSELOR AT LAW

7232 Broadway, Suite 305
Jackson Heights, NY 11372
**Tel: ( 212) 464-8620**
Fax : ( 877) 922-4352, Email : khairul@basharlaw.com

**Meeting Location In Manhattan:** 40 West 45th Street, New York, NY 10036 (By Appointment Only)

Admitted in Alabama State Only; U.S. Tax Court & U. S. Court of International Trade.

Practice Limited to U.S. Immigration & Nationality Law in all Fifty States



# SHEIKH, GEROULAKIS & LADYZHENSKY, PLLC



All Type Accident Cases
Medical Multi Practices &
Legal Multi Practics

কোন এটর্নির প্রতারণ অথবা গাফিলতির কারনে কেস খারিজ বা কম ক্ষতিপূরণ পেলে আমাদের সাথে যোগাযোগ করুন

## Tel: 212-564-1619

**Manhattan Office**
225 Broadway, Suite 630
New York, NY 10007

**Brooklyn Office**
44 Church Avenue
Brooklyn, NY 11218



# Law Office of Mahfuzur Rahman



**Mahfuzur Rahman, Esq.**
এটর্নী মাহফুজুর রহমান
Attorney-At-Law (NY)
Barrister-At-Law (UK)

**Admitted in US Federal Court**
(Southern & Eastern District, Court of Appeals 2nd Circuit and Ninth Circuit.)

সহযোগিতার জন্য যোগাযোগ করুন। ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, ন্যাচারালাইজেশন এবং সিটিজেনশীপ, এসাইলাম, ডিপোর্টেশন, Cancellation of Removal, VAWA পিটিশন, লিগ্যালাইজেশন, বিজনেস ইমিগ্রেশন (H-1B, L1B, J1, EB1, EB2, EB3, EB5)

ফ্যামিলি ল' আনকনটেষ্টেড এবং কনটেষ্টেড ডিভোর্স, চাইল্ড সাপোর্ট এবং কাস্টডি, এলিমনি।

- ব্যাংক্রাপ্সী
- ল্যান্ডলর্ড ট্যানেন্ট ডিসপিউট
- রিয়েল এস্টেট ক্লোজিং
- উইল্স
- ইনকোর্পোরেশন
- ক্রেডিট কনসলিডেশন
- পার্সনাল ইঞ্জুরি (এক্সিডেন্ট, কনস্ট্রাকশন)
- মর্গেজ
- ক্রিমিন্যাল এবং সিভিল লিটিগেশন
- ট্যাক্স ম্যাটার

**Appointment : 347-856-1736**

**JACKSON HEIGHTS**
75-21 Broadway, 3rd Fl, Elmhurst, NY 11373
**Tel: 347-856-1736,** Fax: 347-436-9184
E-mail: attymahfuz@gmail.com

# পঞ্চাশ বছরের পথপরিক্রমায় বাংলাদেশ ও মুসলিম বিশ্ব

৬ পৃষ্ঠার পর

যা দেশের জন্য খুবই আশাব্যঞ্জক এবং দেশের অর্থনীতিতে ভালো একটি অবদান রাখতে পেরেছে।

সুতরাং স্বাধীনতা উত্তরকালে ওআইসির সদস্যপদ লাভ বাংলাদেশের জন্য যে ইতিবাচক প্রভাব রেখেছিল, এতে কোনো সন্দেহ নেই। বিশেষ করে জাতিসংঘের সদস্যপদ লাভের ব্যাপারে বাংলাদেশের অবস্থান দৃঢ় হলো। সাধারণ অধিবেশনে আমাদের পদমর্যাদাও বেড়ে গেল। স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসাবে আমাদের পরিচিতি বিশ্বদরবারে আরও বেশি করে প্রকাশ পেল।

০২.

বর্তমানে মুসলিম বিশ্বের অনেক দেশই একটা অস্থির সময় পার করছে। কারণ এক দেশের সঙ্গে আরেক দেশের যুদ্ধ চলছে। যেহেতু আমাদের পররাষ্ট্রনীতি সব সময়ই সংবেদনশীল, সেহেতু আমাদের কারও পক্ষে বা বিপক্ষে অবস্থান নেওয়ার মতো কোনো বিষয় নেই। কারণ 'সবার সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয়'- আমরা এ নীতিতেই চলছি। যার ফলে শত্রু-মিত্র সবার সঙ্গেই বাংলাদেশ সুসম্পর্ক বজায় রাখতে পেরেছে। আমাদের কোনো শত্রু নেই, তাই যুদ্ধের কোনো আশঙ্কাও নেই। আমাদের সঙ্গে সৌদি আরব, কাতার, ইরাক, ইরান, তুরস্ক ও সংযুক্ত আরব আমিরাতের সম্পর্ক ভালো। শুধু মুসলিম বিশ্বের দেশগুলোর সঙ্গেই নয়, বিশ্বের অন্য দেশগুলোর সঙ্গেও আমাদের সম্পর্ক ভালো।

আমরা কখনো কোনো সংঘর্ষে কারও পক্ষে বা বিপক্ষে অবস্থান নেইনি। সেদিক থেকে বলতে গেলে মুসলিম বিশ্বের সবার সঙ্গেই বড় আকারে আমাদের সম্পর্ক রয়েছে। তুরস্কের সঙ্গে সৌদি আরবের বিবাদ আছে। সৌদির সঙ্গে ইরানের বিবাদ আছে। কিন্তু আমরা ওই বিবাদের মধ্যে কখনো ঢুকিনি এবং কখনো ঢোকার চেষ্টাও করিনি। আমাদের বাংলাদেশের ব্যাপারে এ কারণে মুসলিম বিশ্বের একটা আগ্রহ আছে। কারণ তারা ভালো করেই জানে মুসলিম বিশ্বের একাধিক দেশ বাংলাদেশের সঙ্গে সব সময়ই সম্পর্ক রেখেছে এবং এর সুবিধাও মাঝে মাঝে কাজে দিয়েছে।

সত্তর অথবা নব্বইয়ের দশকে যখন রোহিঙ্গারা বাংলাদেশে এসেছিল, তখন একাধিক মুসলিম দেশ মিয়ানমারের ওপর একটা বড় আকারে চাপ প্রয়োগ করতে পেরেছিল। বিশেষ করে সৌদি আরব, এক সময় তুরস্ক। সে হিসাবে এখনো বিশেষ করে শরণার্থী রাখার বিষয়ে মুসলিম বিশ্বের একটা সহযোগিতা আছে।

মুসলিম বিশ্বের একাধিক দেশের অস্থিরতার কারণ হলো, জনগণের সঙ্গে প্রশাসনের সম্পর্কের ঘাটতি। জনগণের যে ইচ্ছা, চাহিদা বা আকাঙ্ক্ষা তার সঙ্গে রাষ্ট্রের সম্পর্ক অনেক ক্ষেত্রেই কমে গেছে। তাছাড়া এসব দেশে রাজতন্ত্রও একটা বিরাট সমস্যা হয়ে গেছে। বেশির ভাগ আরব দেশেই এ রাজতন্ত্র বিরাজমান। এ রাজতন্ত্রকামীদের একটা বড় সম্পর্ক রয়ে গেছে আমেরিকার সঙ্গে। তারা তাদের আয়ের প্রায় পুরোটাই আমেরিকার ব্যাংকে গচ্ছিত রাখে।

সৌদি আরবের কথা যদি বলি, এরা সবাই আমেরিকার ব্যাংকে টাকা রাখে। আমেরিকার ব্যাংকে যে টাকাটা রাখে তা থেকে যে ইন্টারেস্ট হয়, সেটা তারা আবার ঋত হিসাবে দেয় আরব দেশকে উন্নয়ন করার ব্যাপারে। অন্য কথায়, একই ডলার থেকে দুবার লাভ করে যাচ্ছে আমেরিকা। এই যে একটা সিস্টেম চালু হয়েছে, তাতে জনগণের খুব একটা লাভ হয়নি। বড় কিছু অবকাঠামো হয়েছে এবং কিছু লোকের হয়তো লাভও হয়েছে। কিন্তু এখন যখন তেলের দাম কমে যাচ্ছে এবং তেলের প্রয়োজনীয়তা অনেক জায়গায় কমে গেছে, তখন সেখানে নতুন করে সমস্যা তৈরি হচ্ছে।

আরেকটা বড় সমস্যা হলো প্রজাতন্ত্র ও রাজতন্ত্রের মধ্যে লড়াই। মনে রাখতে হবে, সৌদি আরব ও ইরানের মধ্যে যে লড়াই সেটা অনেকটা প্রজাতন্ত্র ও রাজতন্ত্রের লড়াই। ইরানের রাষ্ট্রপ্রধান ফতোয়া থেকে স্পষ্টতই বলে দিয়েছেন, রাজতন্ত্র ইসলামবিরোধী। ইরানের এ উক্তি সৌদি আরব মেনে নিতে পারেনি। ফলে সৌদি আরব ও ইরানের মধ্যে রাজতন্ত্র ও প্রজাতন্ত্রের একটা লড়াই আছে। রাজারা মনে করেন, তারা যদি আমেরিকার সঙ্গে না থাকেন তাহলে তাদের ক্ষমতা হয়তো টিকবে না।

ওদিকে ইরানে, বিশেষ করে ইরানের বিপ্লবের পর যেভাবে চিন্তাভাবনা তৈরি হয়েছে, সেটা অনেকটা প্রজাতন্ত্রকে সামনে রেখে। যেটাকে আমরা বলি রিপাবলিকান সিস্টেম। ওই জায়গায় বিবাদটা হওয়ার ফলে, আমি মনে করি, মুসলিম বিশ্ব একটা দুর্বল অবস্থায় আছে। এটা গোবাল ওয়ার্ল্ড যারা চালান, তাদের জন্য সুবিধা করে দিয়েছে। একটা দুর্বল শক্তিকে যে কোনোভাবে পরিচালনা করা যায়। এ ধরনের নীতি ও আদর্শিক পার্থক্যের কারণে তুরস্ক, ইরান ও সৌদি আরব একসঙ্গে কাজ করার ব্যাপারে কখনোই এগোতে পারেনি। সবাই নিজেকে প্রতিষ্ঠিত করতে চায় বড় আকারে। সেই জায়গায় একটা বড় সমস্যা তৈরি হয়ে গেছে। মধ্যপ্রাচ্যে আজ যে অবস্থা বিরাজ করছে, সেটা সেই সমস্যার কারণেই হয়েছে বলা যায়।

মধ্যপ্রাচ্যের দেশগুলোতে যতদিন এ সংস্কৃতি চলবে, ততদিন এর কোনো সমাধান হবে না। কারণ আরব দেশের রাজতন্ত্র খুবই কর্তৃত্বপরায়ণ রাজতন্ত্র।

কর্তৃত্বপরায়ণ রাজতন্ত্র যতদিন আছে, ততদিন বড় আকারে মুসলিম বিশ্বে পরিবর্তন হবে বলে আমার মনে হয় না। এ জায়গায় যখন পরিবর্তন হবে, তখন হয়তো আমরা নতুনভাবে চিন্তাভাবনা করতে পারব।

**লেখক: অধ্যাপক, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।**

# মোদির সত্যাগ্রহের দাবি এবং নেপথ্য কথা

৫ পৃষ্ঠার পর

দিকে ঠেলে দেওয়ার জন্য দৃঢ় প্রতিজ্ঞ ছিল, কারণ তা কৌশলগত দিক থেকে পাকিস্তানের পক্ষে যায়। সিআইএ ভারতে তার ক্লায়েন্টদের (যার মধ্যে মিসেস গান্ধীর মন্ত্রিসভায় অতি ক্ষুদ্র একটি অংশও অন্তর্ভুক্ত ছিল) ব্যবহার করে ভারত-ইউএসএসআর চুক্তিটি বাংলাদেশের সঙ্গে বিশ্বাসঘাতকতা এবং সোভিয়েত রাশিয়া ভারতকে বাংলাদেশকে 'স্বীকৃতি' দিতে দেবে না বলে প্রচারণা চালায়। ভারত-ইউএসএসআর চুক্তিটি ছিল 'বাংলাদেশ সৃষ্টির সঙ্গে বিশ্বাসঘাতকতা' এ প্রচারণাটি আজকের ভারতীয় জনতা পার্টির (বিজেপি) জনক ভারতীয় জনসংঘের রাজনৈতিক লাইনেও গৃহীত হয়েছিল। ২০১৯ সালে 'হিন্দু জাতীয়তাবাদ এবং শীতল যুদ্ধ' ('Hindu Nationalism and the Cold War') শিরোনামের একটি নিবন্ধে জনসংঘের কেন্দ্রীয় কমিটির দুটি ডকুমেন্টকে উদ্ধৃত করে ('Recognise Swadhin Bangladesh' (July 2, 1971) এবং 'Indo-Soviet Treaty, August 13, 1971) রাহুল সাগর এসব কথা লিখেন।

জনসংঘ, আরএসএস নেতারা, বিশেষত অটল বিহারী বাজপেয়ী যুদ্ধ শুরুর জন্য প্রকাশ্যে এবং সংসদে জোর চাপ দিচ্ছিলেন। তারা হয় জেনে বা না জানার ভান করে এটি করেন। তখন যুদ্ধ লাগলে মার্কিন যুক্তরাষ্ট্র এবং চীন সরাসরি পাকিস্তানকে সহায়তা দিতে এগিয়ে আসতো। তাই, এটা ঠিক যে ১৯৭১ সালের ১ থেকে ১১ আগস্ট দিল্লিতে জনসংঘ ভারত-ইউএসএসআর ফ্রেন্ডশিপ চুক্তির বিরুদ্ধে প্রতিবাদ করেছিল যেই চুক্তিটি ৯ আগস্ট ১৯৭১ সালে স্বাক্ষরিত হয়েছিল। প্রস্তুতির অভাব সত্ত্বেও বাংলাদেশের যুদ্ধের জন্য আন্দোলন করা এবং ইন্দো-সোভিয়েত চুক্তির বিরুদ্ধে জনমত তৈরির মূল লক্ষ্য হচ্ছে চুক্তিটি 'বাংলাদেশের সঙ্গে বিশ্বাসঘাতকতা' প্রমঠু করতে চাওয়া। টাইমস অব ইন্ডিয়া এক রিপোর্টে জানায় যে, বাজপেয়ী ১৯৭১ সালের ১২ আগস্ট দিল্লিতে এক বিশাল সমাবেশে বক্তব্য দিয়েছিলেন এবং বলেছিলেন যে, ইন্দো-সোভিয়েত চুক্তি 'বাংলাদেশের স্বীকৃতি অস্বীকার করার জন্য দিল্লি ও মস্কোর মধ্যে ষড়যন্ত্রের ইঙ্গিত দিয়েছে।'

শেখ হাসিনা সরকার ভারতের সাবেক প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীকে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অবদান রাখার পুরস্কার দিয়েছে। বাজপেয়ী অসুস্থ থাকায় ২০১৫ সালে ঢাকা সফরকালে মোদি তার পক্ষে পুরস্কারটি নিয়েছিলেন। তখনও মোদি তার বক্তব্যে বলেছিলেন যে, তিনি বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের সমর্থনে জনসংঘের সত্যাগ্রহে অংশ নিতে একদল তরুণ স্বেচ্ছাসেবীর সঙ্গে দিল্লিতে গিয়েছিলেন। বাজপেয়ীর পুরস্কারের সাইটেশনে বলা হয়েছে, 'জনসংঘ ১ আগস্ট থেকে ১১ আগস্ট সত্যাগ্রহ করেছিল এবং তাদের স্বেচ্ছাসেবীরা একাত্তরের ১২ আগস্ট ভারতীয় সংসদ ভবনের সামনে একটি বিশাল সমাবেশ করেছিলেন।' নরেন্দ্র মোদি ১৯৭৮ সালে তার এক বইতেও 'বাংলাদেশ সত্যাগ্রহে অংশগ্রহণের কারণে তিহার জেলখানার কারাবাস' করেছেন বলেছেন। ফলে সব মিলিয়ে নরেন্দ্র মোদির কারাবাস এবং সত্যাগ্রহ নিয়ে সন্দেহ করার অবকাশ নেই। জনসংঘের সেই সত্যাগ্রহ এবং জনসভার উদ্দেশ্য নিয়ে যে প্রশ্ন উঠেছে– সেটা এখনও অমীমাংসিত রয়ে গেছে। ওই বয়সে মোদির মতো তরুণের পক্ষে আন্তর্জাতিক রাজনীতির মারপ্যাঁচ বোঝারও কথা নয়, তার আবেগ কাজ করেছে মাত্র। তবে ভারতীয় ডকুমেন্ট বলছে, জনসংঘ যেমনটি চেয়েছিল, ডিসেম্বরের পরিবর্তে আগস্টের শেষ দিকে ভারত যুদ্ধে জড়িয়ে গেলে, ভারতের যুদ্ধ চালানোর দুর্বলতা ধরা পড়তো। পাকিস্তান পরাজিত হওয়ার পরিবর্তে যুদ্ধ আরও দীর্ঘায়িত হতো। সেই ক্ষেত্রে নরেন্দ্র মোদিকে এখন বাংলাদেশের স্বাধীনতার পক্ষের না বিপক্ষের লোক হিসেবে বিবেচনা করা হবে- সেটাও মুলতবি থাক।

**লেখক: সাংবাদিক ও কলামিস্ট, ঢাকা।**




# গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি এখন সময়ের দাবি

৭ পৃষ্ঠার পর

স্বাধীনতাকে কেন্দ্র করে বিদেশি পরাশক্তিদের বিভিন্ন ধরনের নোংরা রাজনীতি আমরা প্রত্যক্ষ করেছি। আমরা বেশ কয়েকটি পরাশক্তিকে দেখেছি যারা ১৯৭১-এর ২৫ মার্চ পাকিস্তানিদের দ্বারা সংঘটিত হত্যাযজ্ঞকে গণহত্যা হিসেবে স্বীকৃতি দিতে অনীহা প্রকাশ করেছে। তবে, বর্তমান সরকারের উদ্যোগের কারণে সেই সময় বাংলাদেশে গণহত্যা সংঘটিত হয়েছিল এ বিষয়টি তারা এখন স্বীকার করতে শুরু করেছে। বাংলাদেশ সরকার জাতিসংঘে ২৫ মার্চকে গণহত্যা দিবস হিসেবে স্বীকৃতি দেওয়ার একটি প্রস্তাব উপস্থাপন করেছে ২০১৯ সালে, যাতে বিশ্ব সম্প্রদায় পাকিস্তানি শাসকের অত্যাচারের কথা স্মরণ রাখে এবং তাদের প্রতি ঘৃণা প্রদর্শন করে। তবে কয়েকটি দেশের বিরোধিতার ফলে গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি এখনও অর্জিত হয়নি। অত্যন্ত পরিতাপের বিষয় হলো, গণহত্যার বিষয়ে আন্তর্জাতিক সংস্থা, ঐতিহাসিক, শিক্ষাবিদ এবং বিদেশি সাংবাদিকদের ঐক্যমত থ াকলেও আমরা এখনও মার্কিন যুক্তরাষ্ট্রকে বোঝাতে সক্ষম হয়নি। আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের প্রতি বিশ্বাস থাকতে হবে। কারণ, বাংলাদেশের বিভিন্ন অর্জন সম্পর্কে তিনি আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করতে সক্ষম হয়েছেন। যদিও গণহত্যার আনুষ্ঠানিক স্বীকৃতি এখনও আমরা অর্জন করতে পারিনি, তবে আওয়ামী লীগের যোগ্য নেতৃত্বের কারণে ইউনেস্কো একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে বিশ্বের অন্যতম প্রামঠ্যু ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দিয়েছে। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের স্বীকৃতি এই ভাষণকে দেশ এবং ভাষার সীমানার বাইরে বিখ্যাত করেছে। উপরে উল্লেখ করা হয়েছে যে আওয়ামী লীগ সরকার ২৫ মার্চের গণহত্যাকে স্বীকৃতি দেওয়ার জন্য ২০১৯ সালে জাতিসংঘে একটি প্রস্তাব উপস্থাপন করে। বিভিন্ন সময়ে সরকারের গুরুত্বপূর্ণ পদে আসীন ব্যক্তিবর্গ এই গণহত্যার সর্বজনীন স্বীকৃতি আদায়ে তাদের প্রতিশ্রুতির কথা ব্যক্ত করেছেন। এছাড়াও, গণহত্যা প্রতিরোধ সম্পর্কিত জাতিসংঘের বিশেষ কাউন্সিলর-অ্যাডামা দেইং ২০১৯ সালের ২৪ মার্চ আমাদের মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকালে, বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় পাকিস্তানের গণহত্যার বিষয়টিকে একটি উপযুক্ত ফোরামে যথাযথভাবে উত্থাপন করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। তবে বাস্তবতা হলো, কিছু মোড়লদের বিরোধিতার কারণে গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি আদায় করা সম্ভব হয়নি। অন্যান্য বিষয়ের আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ের মতো ২৫ মার্চের গণহত্যার সর্বজনীন আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ের জন্য বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়কে আরও কৌশলী হয়ে অগ্রসর হতে হবে। আমরা আন্তরিকভাবে বিশ্বাস করি যে এই স্বীকৃতি কেবল শেখ হাসিনার সরকারের অধীনেই অর্জিত হতে পারে। স্বাধীনতা যুদ্ধে অবদান এবং বিভিন্ন আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ের প্রাণান্তকর প্রচেষ্টার জন্য বাংলাদেশের জনগণ আওয়ামী লীগ সরকারের কাছে কৃতজ্ঞ থাকবে, যেমনটি তারা রয়েছে বঙ্গবন্ধুর কাছে, বাংলাদেশ নামক রাষ্ট্রের স্বাধীনতা উপহার দেওয়ার জন্য।

**লেখক: অধ্যাপক, লোকপ্রশাসন বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।**



আপনি কি বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন? বাড়ি ক্রয়-বিক্রয়ের এখনই সঠিক সময়

**ইন্টারেষ্ট রেট এখন সর্বনিম্ন এবং বাড়ির দাম সর্বোচ্চ**

# HOUSES FOR SALE IN BROOKLYN, BRONX & QUEENS

| Property | Price |
|---|---|
| **153-22, 109 RD, Jamaica**<br>2 Families 3 BR/2 Bath, 3BR/1Bath+full F. Basement+F. Bath | **Asking $950,000** |
| **59-33, 60th Ln, Maspath**<br>Two Families Colonial Architecture House | **Asking $1,148,000** |
| **115-70 155 st, Jamaica**<br>Single Family | **Asking $525,000** |
| **31 Johnson Pl, Valley Stream** | **Asking $530,000** |
| **117-03 201 Pl, Jamaica**<br>Single Family 3 BR/2.5 Bath, Full Finish Basement | **Asking $559,000** |
| **80-41 159th Street, Flushing**<br>Two Families, Deteched, 3/3, 1 Block from Parsons Blvd. | **Asking $799,000** |
| **2052 Bathgate Ave, Bronx**<br>4 Bedrooms/3Bathrooms | **Asking $569,000** |
| **1425 Beach Ave, Bronx** | **Asking $500,000** |
| **1564 White Plain Rd, Bronx**<br>Two Families, Deteched, Bricks, R-6 Zoning | **Asking $950,000** |
| **949 Green Ave, Brooklyn**<br>2 Families | **Asking $1488,000** |
| **574 Van Siclen, Brooklyn**<br>3 Families 3/3/2 BR/1 Bath, each, Full Basement Legal | **Asking $999,000** |
| **1335+1337 Park Place, Brooklyn**<br>3 Families 3/3/3 BR/1 Bath, each, Partial Finished Basement | **Asking $1898,000** |



PHANTOM REALTY

124-15 Rockaway Blvd, 2nd Fl
South Ozone Park, NY 11420

**Residential, Commercial, Investment**

**Foreclosures, Auctions, HUD**
**Bank Owned/REO Properties**

আজই কল করুন

কামরুজ্জামান বাচ্চু **347-465-3220**

List your House with me
I will Sell fast with the Highest Price



**kamruz Zaman Baccu**
(Licensed Real Estate Salesperson)
Email: kamruzbaccu1@gmail.com

**IT'S THE RIGHT TIME TO BUY HOUSE, MORTGAGE RATE IS THE LOWEST**

# Work From Anywhere in the WORLD

MUST HAVE ONE OF THE BELOW SKILLS
SEO, GRAPHICS DESIGN, WEB DESIGN,
VIDEO EDITING, BLOGGING, YOUTUBER,
E-COMMERCE



**JOIN OUR FREE ONE DAY PRESENTATION**

**Call now (929) 266-4838**

# BD Tech Solutions

BD Tech Solutions
An Ultimate IT Consulting




## Learn Software Testing (Selenium) in 3 Months & Earn 80K to 130K Salary !!!

(100% Job Placement Assistance Guaranteed)

**Features of our training courses:**

- Flexiable weekend classes (limited seats)
- Our Syllabus covers all features of "QA Testing"
- We give in depth knowledge on "Manual" & "Automation" testing
- We give free unlimited access to our classes until the student get into the job
- Resume and Interview Preparation
- Short term crash program available

**Our Specialization:**

- Selenium Automation with JAVA(TestNG/JUnit)
- QTP Automation/HP ALM
- Performance Engineering/ JMeter/Load Runner
- Anroid and IO's Automation with Appium
- BDD/Cucumber/ATDD
- Backend Testing/Manual Testing/Database Testing
- Rest and SOAP Service
- API Testing/API Automation
- HTML/XML/CSS/XPATH
- GIT/SVN/CI/CD
- Web development

**Lead Trainers:**

**Md. Nazrul Islam**
20 Years of Software Testing & Training in USA

**Prof. Zakir Hossain**
PhD,USA MBA(MIS), UK, B.Sc (Hons) in Computer Science, UK, SCM, USA
18 Years of Working & Training Experience in Software Industry in USA, UK & Asia

JIRA Se Java agile Scrum eclipse SoapUI

1216 Liberty Ave, Ozond Park NY
3728 75th Street, Jackson Heights, NY
nazrul.islam@bdtechservice.com
hossain.zakir.usa@gmail.com

917 346 8207, 917 945 3364

---

জ্যাকসন হাইট্স ও জামাইকায় নিরিবিলি পরিবেশে

# বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

# TRUE MEDICAL CARE P.C.

## Utpal Chowdhury, M.D.

BOARD CERTIFIED INTERNAL MEDICINE
*Attending Physician (Emergency)*
*NY Community Hospital, Brooklyn | Jamaica Hospital, Queens.*



আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

- ★ আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- ★ নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ★ ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

***JACKSON HEIGHTS OFFICE***
40-37, 70th Street, 1st Floor
(Corner of Broadway & 76th st.) Elmhurst, NY 11373
Tel: **718-533-0002 | 917-503-5002**
Fax : 718-533-0005 | 917-503-5004

***JAMAICA OFFICE***
167-02 Highland Ave, 1st Floor
(Corner of Highland Ave. & 167th St.) Jamaica, NY 11432
Tel: **718-297-4444 | 917-503-5006**
Fax: 718-297-4443, 917-503-5005

---

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SE CI

# সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
# SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

## সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে স্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে SE CI Sonali Exchange এর Apps টি

- ✓ যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- ✓ সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- ✓ সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- ✓ বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- ✓ যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ✓ ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়।

লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-505-8670 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন




## ক্যাচ মিসের হিড়িক

# বাংলাদেশের সিরিজ হার

আজকাল স্পোর্টস

লড়াইয়ের স্কোর গড়েও নিউজিল্যান্ডের বিপক্ষে দ্বিতীয় ম্যাচে বাজে ফিল্ডিংয়ের কারণে জিততে পারেনি বাংলাদেশ। টম ল্যাথাম সেঞ্চুরি হাঁকিয়ে ৫ উইকেটের জয়ে এক ম্যাচ হাতে রেখে সিরিজ নিজেদের করে নিয়েছেন। মঙ্গলবার টস হেরে আগে ব্যাট করে তামিম ইকবালের ১০৮ বলে ৭৮ ও মোহাম্মদ মিঠুনের ৫৭ বলে অপরাজিত ৭৩ রানে ৫০ ওভারে ৬ উইকেটে ২৭১ রান করে বাংলাদেশ। জবাব দিতে নেমে একদম হিসাব কষে ৪৮.২ ওভারে জয়ের বন্দরে যায় স্বাগতিকেরা। এদিন ৫৩ রানে তিন সাফল্যে নতুন বলের কাজটা দারুণ করেছিলেন মোস্তাফিজ ও মেহেদী। কিন্তু বল পুরোনো হতেই প্রতিরোধ গড়ে জুটি জমিয়ে ফেলেন ডেভন কনওয়ে ও টম ল্যাথাম। শতরান পেরোনো এই জুটি তামিম ইকবাল ভাঙতে পারলেও শুরু হয় ক্যাচ মিসের মহড়া। সরাসরি থ্রো'য়ে কনওয়েকে রানআউট করে অধিনায়ক তামিম ভাঙেন কিউইদের ১১৩ রানের চতুর্থ উইকেট জুটি। ৯৩ বলে ৭২ রান করেন কনওয়ে।

পরের ওভারেই তাসকিন আহমেদের বলে নতুন ব্যাটসম্যান জেমস নিশামের ক্যাচ ছাড়েন উইকেটরক্ষক মুশফিকুর রহিম। মেহেদী হাসান কট অ্যান্ড বোল্ড করার সুযোগ পেয়েছিলেন কিউই অধিনায়ককে ল্যাথামকে। পরপর দুই ওভারে দুই মিস হয় দুটি সহজ ক্যাচ।

শুরুতেই মারমুখী হয়ে ওঠা মার্টিন গাপটিলকে কাটারে ক্যাচ দিতে বাধ্য করে নিজেই তালুবন্দী করে প্রথম সাফল্য আনেন মোস্তাফিজুর রহমান।

৩ চার এক ছয়ে ২৪ বলে ২০ করে ফেরেন কিউই ওপেনার।

আরেক ওপেনার হেনরি নিকোলসকে (১৩) বোল্ড করেন মেহেদী হাসান। তরুণ অফস্পিনার চারে নামা উইল ইয়ংকেও (১) সাজঘরের পথ দেখান বোল্ড করে।

শেষ দিকে ১৬ বলে কিউইদের দরকার ছিল ৯ রান। মিচেল এবং ল্যাথাম সেটি সহজেই তুলে নেন।




# বাংলাদেশের কাছে ক্ষমা চাইলেন কিউই ম্যাচ রেফারি

আজকাল স্পোর্টস

বাংলাদেশের কাছে ক্ষমা চাইলেন ম্যাচ রেফারি সাবেক কিউই ক্রিকেটার জেফ ক্রো। নিউজিল্যান্ডের বিপক্ষে দ্বিতীয় টি-টোয়েন্টিতে ডাকওয়ার্থ লুইস পদ্ধতির ব্যবহারে জটিলতা সৃষ্টি হওয়ার ঘটনায় নিজেকে দায়ী করেছেন এই ম্যাচ রেফারি। নেপিয়ারে সিরিজের দ্বিতীয় ম্যাচে বাংলাদেশের লক্ষ্য নিয়ে বিতর্ক বাঁধে। লক্ষ্য না জেনেই ব্যাট হাতে মাঠে নামতে হয় মাহমুদউল্লাহর দলের ব্যাটসম্যানদের। সেই ম্যাচে ১৭.৫ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৭৩ রান সংগ্রহ করে নিউজিল্যান্ড। বৃষ্টির কারণে বাকি ২.১ ওভার ব্যাট করতে পারেননি স্বাগতিকরা। বৃষ্টি থামলে ১৬ ওভারে বাংলাদেশের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ১৪৮ রান। কিউই বোর্ড এনজেডসি ও বাংলাদেশ বোর্ড বিসিবি সামাজিক যোগাযোগমাধ্যমে ১৪৮ রানের লক্ষ্য ঘোষণাও করা হয়। কিন্তু বাংলাদেশ যখন ব্যাটিং শুরু করার কিছু সময় পর ম্যাচ থামিয়ে দেন রেফারি জেফ ক্রো। নতুন করে হিসাবনিকাশ করে ঘোষণা দেন, ১৪৮ নয়, ১৬ ওভারে ১৭০ রান তাড়া করতে হবে বাংলাদেশকে। ফের ব্যাটিং শুরু করে বাংলাদেশ। ১৩ ওভার পর আবার জানানো হয়, ১৭০ নয়, জিততে হলে টাইগারদের করতে হয়ে ১৭১ রান। ম্যাচ পরিচালকদের এমন খামখেয়ালিপনা স্বাভাবিকভাবে নিতে পারেননি ক্রিকেটপ্রেমী। বিষয়টি নিয়ে পরে অসন্তোষ প্রকাশ করেন টাইগারদের কোচ রাসেল ডমিঙ্গো। ওই ঘটনার পর বাংলাদেশের গণমাধ্যমকে বিসিবি পরিচালক জালাল ইউনুস বলেন, 'জেফ ক্রো পরে বারবার আমাদের সরি বলেছেন। ম্যাচের পরও ঘটনার জন্য তিনি দুঃখ প্রকাশ করেছেন। বাংলাদেশের কাছে ক্ষমাও চেয়েছেন।'




# মাশরাফির মিউজিক ভিডিও সঙ্গে বিপাশা হায়াত

আজকাল স্পোর্টস

একটি গানচিত্রে দেখা যাবে বাংলাদেশ ক্রিকেটের সেরা তারকা মাশরাফি বিন মুর্তজাকে। সঙ্গে আছেন নন্দিত অভিনেত্রী বিপাশা হায়াত। 'সব্বাই সবার মতনই' শিরোনামের এই গানটি গেয়েছেন এ আই রাজু। কথা, সুর ও সংগীত করেছেন কলকাতার রূপম ইসলাম। অটিজম বাচ্চাদের পক্ষে তৈরি সচেতনতামূলক এই প্রজেক্ট সমন্বয় করেছেন রাজু নিজেই। তিনি বলেন, 'অটিজম মানুষের কল্যাণে অধিক জনসচেতনতা তৈরির লক্ষ্যে আমি এই মিউজিক্যাল ড্রামাটি নির্মাণের সিদ্ধান্ত নিয়েছি। এতে এসডব্লিউএসি এবং বিউটিফুল মাইন্ড স্কুলের বিশেষ-চাহিদাসম্পন্ন শিক্ষার্থীরা অভিনয় করেছেন। সুর আর গানের মধ্য দিয়ে আমরা এই বার্তাটিই পৌঁছে দিতে চেয়েছি যে, যথাযথ সহযোগিতা পেলে কারও জন্যই কোনও কাজ অসাধ্য থাকে না। গানের শুরু ও শেষে দুটি বক্তব্য দিয়েছেন মাশরাফি ও বিপাশা হায়াত। ভিডিওটি পরিচালনা করেছেন কলকাতার সৌমিক রায় চৌধুরী। রাজু জানান, গত বছর করোনার আগে এর কাজ শুরু হয়েছিল। সে সময়ই কলকাতা ও ঢাকাতে এর রেকর্ডিং হয়। আর ভিডিওর শুটিং হয়েছে চলতি বছরের ফেব্রুয়ারিতে। জানা যায়, আজ ২ এপ্রিল বিশ্ব অটিজম সচেতনতা দিবসে গানের ভিডিওটি চ্যানেল আইতে দেখা যাবে।



# সানিয়া মির্জার বায়োপিক

আজকাল স্পোর্টস




বলিউডে নির্মিত হচ্ছে ভারতের টেনিস সেনসেশন সানিয়া মির্জার বায়োপিক। আর এতে সানিয়ার চরিত্রে অভিনয় করছেন বলিউড সেনসেশন তাপসী পান্নু। বলা যায় পান্নুর বৃহস্পতি এখন তুঙ্গে। একের পর এক সিনেমায় সুযোগ পাচ্ছেন তিনি। বেশ কয়েকটি ছবিতে কাজ করে ঈর্ষণীয় সাফল্য পেয়েছেন 'পিঙ্ক' অভিনেত্রী। গত দুবছর দারুণ সব গল্পের চলচ্চিত্র উপহার দিয়ে দর্শকদের হৃদয়ে ঠাঁই করে নিয়েছেন বলিউডের এ ডিভা। গল্পনির্ভর সিনেমায় অনন্য এক মাত্রা তৈরি করেছেন এই সুদর্শনী।

বলিউড ভিত্তিক প্রভাবশালী গণমাধ্যম বলিউড হাঙ্গামার খবর, তাপসী পান্নু বড় ধরনের একটি কাজের অফার পেয়েছেন। ভারতের টেনিস সেনসেশন সানিয়া মির্জার বায়োপিকে কাজের সুযোগ হয়েছে তার।

এ মুহূর্তে তার হাতে রয়েছে চারটি চলচ্চিত্র– 'দো বারা', 'রশ্মি রকেট', 'হাসিন দিলরুবা' ও একটি দক্ষিণ ভারতীয় চলচ্চিত্র। বর্তমানে তিনি ক্রিকেটার মিথিলা রাজের জীবনীভিত্তিক সিনেমা 'সাবাশ মিতু' নিয়ে ব্যস্ত। এর পরই তিনি সানিয়া মির্জার বায়োপিকের কাজ করবেন। সানিয়া মির্জার বায়োপিকের জন্য ইতোমধ্যে তাপসীকে প্রস্তাব দেওয়া হয়েছে। এটি বেশ কিছু দিন ধরে চলছে। রুনি স্ক্রুওয়ালা তার জীবনীস্বত্ব কিনেছেন। পরিণীতি চোপড়ার 'সাইনা' বায়োপিকের পর নির্মাতারা সানিয়ার বায়োপিকে তরুণ অভিনেত্রী চাইছেন। তারা চান না, পরিণীতি এটি করুন। তারা তাপসীকে সিনেমাটি সম্পর্কে জানিয়েছেন, চিত্রনাট্য পছন্দ করেছেন তিনি।



# বাংলাদেশি পুলিশ কর্মকর্তাদের স্বাধীনতা দিবস উদযাপন

৫৮ পৃষ্ঠার পর

পুলিশ এসোসিয়েশন-বাপা। গত ২৮ মার্চ রবিবার সন্ধ্যায় নিউইয়র্ক নগরীর উড হেভেনের একটি রেস্টুরেন্টে প্রায় ২০০ পুলিশ অফিসার উপস্থিতি ছিলেন। পরে সংগঠনের সাধারণ সভাও অনুষ্ঠিত হয়। বাংলাদেশের জাতীয় সংগীত দিয়ে শুরু হয় অনুষ্ঠান। কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে যাঁরা মৃত্যুবরণ করেছেন তাদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। এরপর বাপার প্রায় ২০০ সদস্য নিজেদের পরিচিতি পর্ব ও চাকরি জীবনের অভিজ্ঞতা বর্ণনা করেন।

বাপার সভাপতি ক্যাপ্টেন কারাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানটি যৌথভাবে পরিচালনা করেন বাপার সাধারণ সম্পাদক




লেফটেন্যান্ট প্রিন্স আলম ও কমিউনিটি লিয়াজো ডিটেকটিভ মাসুদ রহমান। অনুষ্ঠানে সাবেক নিউইয়র্ক পুলিশের ক্যাপ্টেন এবং ব্রুকলিন বোরো প্রেসিডেন্ট এরিক অ্যাডামস আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এরিক অ্যাডামস বলেন, এটা নিঃসন্দেহে গৌরবের একটি মুহূর্ত। তিনি চমৎকার আয়োজনে তাকে আমন্ত্রণ জানানোর জন্য ধন্যবাদ জানান।

এরিক বলেন, দিন যত যাচ্ছে বাংলাদেশি আমেরিকান পুলিশ এসোসিয়েশনের সদস্য সংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং নতুন নতুন কার্যক্রম যুক্ত হচ্ছে। অনুষ্ঠানে এরিক অ্যাডামসকে বিশেষ সম্মাননা প্রদান করা হয়।





বাপার প্রেসিডেন্ট ও ক্যাপ্টেন কারাম চৌধুরী বলেন, আমি গর্বিত বাংলাদেশে জন্মগ্রহণ করেছি। আজ যাদের আত্মত্যাগে বাংলা ভাষা পেয়েছি, স্বাধীন দেশ পেয়েছি তাদের তাজা রক্তে লেখা ইতিহাস পরবর্তী প্রজন্মের কাছে পৌঁছানো আমাদের দায়িত্ব।

বাপার সাবেক প্রেসিডেন্ট ও নিউইয়র্ক পুলিশের লেফটেন্যান্ট কমান্ডার শামসুল হক বলেন, বাংলাদেশ কিছু ভালো করলে আমরাও গর্ব করি। আজ বাংলাদেশ এগিয়ে যাচ্ছে তার প্রমাণ বিশ্বের প্রভাবশালী গণমাধ্যমের সংবাদগুলো পড়লে বোঝা যায়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাপার প্রথম ভাইস প্রেসিডেন্ট সার্জেন্ট এরশাদ সিদ্দিকী, ট্রেজারার অফিসার রাশেক মালিক, ইভেন্ট কোঅর্ডিনেটর অফিসার সরদার মামুন, মিডিয়া লিয়াজো ডিটেকটিভ জামিল সারোয়ার, কো ট্রেজারার মেহেদী মামুন, অক্সিলিয়ারি লেফটেন্যান্ট সাঈদ আলী, সার্জেন্ট (আর্মস) পুলিশ অফিসার মাহবুবুর জুয়েল, ভাইস প্রেসিডেন্ট ট্রাফিক সুপারভাইজার মহিউদ্দিন আহমেদ, সাবেক সেক্রেটারি সার্জেন্ট হুমায়ুন কবির, সাবেক বোর্ড মেম্বার সুহেল মাহাবুব, সাবেক ট্রাস্টি সায়েদ উদবা, সি ডাবলু এর চিফ ডেলিগেট মোহাম্মদ ইসলাম, ট্রাফিক সুপারভাইজার ট্রাস্টি মোহাম্মদ আলী চৌধুরী।

এছাড়াও উপস্থিত ছিলেন– সাবেক বোর্ড মেম্বার লেফটেন্যান্ট মিলাদ খান, সাবেক ট্রাফিক এজেন্ট ও বোর্ড মেম্বার আব্দুল জলিল, সাবেক বোর্ড মেম্বার ডিটেক্টিভ আহমেদ, সাবেক বোর্ড মেম্বার অফিসার শরীফ ভূঁইয়া, বাপা ট্রাস্টি লেফটেন্যান্ট নোভাইদুল নিয়ন, বাপা ট্রাস্টি ও স্টেট কারেকশন অফিসার পলাশ আহমেদ, বাপা ট্রাস্টি অফিসার মিয়া, ট্রাস্টি অফিসার সোনিয়া বড়ুয়া, বাপা ট্রাস্টি স্কুল সেফটি এজেন্ট তুগরিল, ট্রাস্টি পাপিয়া শারমিন প্রমুখ।

অনুষ্ঠানে বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও সদ্য পদোন্নতি পাওয়া নিউইয়র্ক পুলিশের লেফটেন্যান্ট কমান্ডার শামসুল হক, লেফটেন্যান্ট সাজেদুর রহমান, সার্জেন্ট রাজুব ভৌমিক, সার্জেন্ট চৌধুরী, আবু ফিরোজ ও মোহাম্মদ সামসুদ্দিনের সম্মানে কেক কাটা হয়। এছাড়া ও বাপার সাবেক প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট ও লেফটেন্যান্ট সুমন সাঈদ অবসর উপলক্ষে কেক কেটে বিদায়ী সংবর্ধনা দেওয়া হয়। এরপর মনোমুগ্ধকর সংগীত পরিবেশনার করেন শিল্পী শাহ মাহাবুব, ইফাত জাহানসহ আরো অনেকে।

অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘোষণা করেন বাপার প্রথম ভাইস প্রেসিডেন্ট সার্জেন্ট এরশাদ সিদ্দিকী।




# স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন পরিষদকে প্রক্লেমেশন প্রদান

৫৮ পৃষ্ঠার পর

স্টার্লিং-বাংলাবাজার এলাকায় বাংলাদেশ ম্যুরালের সামনে বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন অনুষ্ঠানে গেস্ট অব অনার স্টেট সিনেটর লুইস সিপুলভেদা এ প্রক্লেমেশন হস্তান্তর করেন।

যুক্তরাষ্ট্র প্রবাসী সম্মিলিত সুবর্ণ জয়ন্তী ও মুজিব শতবার্ষিকী উদযাপন পরিষদের উদ্যোগে এবং যুক্তরাষ্ট্র মুক্তিযুদ্ধের সম্মিলিত সপক্ষ শক্তি ও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও আওয়ামী পরিবারের সহযোগিতায় আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এনআরবি কমার্শিয়াল ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ইঞ্জিনিয়ার ফরাসত আলী।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরীর সভাপতিত্বে এবং হৃদয়ে বাংলাদেশ'র সাধারণ সম্পাদক পল্লব সরকারের পরিচালনায় এ আয়োজনে প্রধান বক্তা ছিলেন যুক্তরাষ্ট্র প্রবাসী সম্মিলিত সুবর্ণজয়ন্তী ও



মুজিব শতবার্ষিকী উদযাপন পরিষদের আহ্বায়ক আওয়ামী লীগ নেতা আব্দুর রহিম বাদশা। স্বাগত বক্তব্য রাখেন জন্মশতবার্ষিকী উদযাপন পরিষদের প্রধান সমন্বকারী সাইদুর রহমান লিংকন। বক্তব্য রাখেন মূলধারার রাজনীতিক আব্দুস শহীদ, নূরুল ইসলাম মিলন, সালেহ আহমেদ, সমন্বয়কারী মইজুর রহমান জুয়েল, কাজী রবি-উজ-জামান, মুক্তিযোদ্ধা এম এ নাসির, মাকসুদা আহমেদ, রুহেল চৌধুরী, সুব্রত তালুকদার, শ্যামল চন্দ প্রমুখ।

অনুষ্ঠানে সিনেটর লুইস সিপুলভেদা স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বাংলাদেশীদের শুভেচ্ছা জানান। তিনি নিউইয়র্ক স্টেট সিনেট ও এসেম্বলি হাউসে বাংলাদেশ ডে উদযাপন এবং তার বাংলাদেশ সফরের কথা উল্লেখ করে বলেন, তিনি বাংলাদেশকে নিজের দেশ মনে করেন। প্রধান অতিথি ইঞ্জিনিয়ার ফরাসত আলী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারীদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে নানা ক্ষেত্রে বাংলাদেশের সাফল্যের কথা তুলে ধরেন। প্রবাসী বাংলাদেশীদের স্ব স্ব অবস্থান থেকে দেশের উন্নয়নে আরো ভূমিকা রাখার আহ্বান জানান তিনি।

# জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন

৫৮ পৃষ্ঠার পর

কূটনীতিকের উপস্থিতিতে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে অনুষ্ঠিত হয়েছে বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উৎসব। কোভিড-১৯ জনিত কারণে ভার্চুয়ালভাবে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটির মনোমুগ্ধকর সাংস্কৃতিক পর্ব ও র‌্যাফেল ড্র গোটা আয়োজনে একটি ভিন্ন মাত্রা যোগ করে। স্বাগত ভাষণে বাঙালি জাতির মুক্তি সংগ্রামের মহানায়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জানান স্থায়ী প্রতিনিধি রাবাব ফাতিমা। তিনি বলেন, জাতির পিতার উদাত্ত আহ্বানে সাড়া দিয়ে বাঙালি জাতি মহান মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। মুক্তিযুদ্ধের ত্রিশ লাখ শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন কওে তিনি বলেন, তাঁদের সর্বোচ্চ ত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি বহু কাঙ্খিত স্বাধীনতা। ১৯৭৪ সালে জাতিসংঘ সাধারণ পরিষদে প্রদত্ত বঙ্গবন্ধুর কালজয়ী ভাষণের কথা স্মরণ করে রাষ্ট্রদূত ফাতিমা বলেন, এই ভাষণই পরবর্তীতে বাংলাদেশের পররাষ্ট্র নীতির গতিপথ নির্ধারণ করেছিল। ভাষণটিতে জাতিসংঘকে মানুষের সকল ভবিষ্যত আশা-আকাঙ্খা, নির্ভরতা ও বিশ্বাসের কেন্দ্রস্থল হিসেবে তুলে ধরা হয়েছিল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্ব, অগ্রমুখী উন্নয়ন কৌশলের কথা উল্লেখ করে রাষ্ট্রদূত ফাতিমা বলেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ যুদ্ধবিদ্ধস্ত, দারিদ্রপীড়িত একটি দেশ থেকে বিশ্বের অর্থনৈতিকভাবে উন্নত একটি দেশে উন্নীত হয়েছে। গত ফেব্রুয়ারি মাসে সিডিপি বাংলাদেশকে চূড়ান্তভাবে এলডিসি ক্যাটেগরি থেকে উত্তরণের অনুমোদন দিয়েছে। স্বাধীনতার ৫০ বছরে এই অর্জনের মাধ্যমে সমগ্র জাতির বহুদিনের কাঙ্খিত স্বপ্ন পূর্ণ হলো। প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত ধরে বাংলাদেশ রূপকল্প-২০৪১ বাস্তবায়নের মাধ্যমে একটি জ্ঞানভিত্তিক, উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত হবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি।

গত পাঁচ দশকে বাংলাদেশ যে বিস্ময়কর অগ্রগতি সাধন করেছে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেজ তা উল্লেখ করেন তার প্রদত্ত ভিডিও বার্তায়। বিশেষ করে সামাজিক উন্নয়ন, দুর্যোগ প্রস্তুতি ও মোকাবিলার ক্ষেত্রে বাংলাদেশের সাফল্যের কথা উল্লেখ করেন মহাসচিব। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে সর্বোচ্চ শান্তিরক্ষী প্রেরণকারী দেশ হিসেবে বাংলাদেশের অমূল্য অবদানের কথা তুলে ধরেন গুতেরেজ। বাস্তুচ্যুত রোহিঙ্গাদের মানবিক আশ্রয় প্রদান এবং ক্লাইমেট ভারণারেবল ফোরামের সভাপতি হিসেবে বাংলাদেশের ভূমিকার প্রশংসা করেন জাতিসংঘ মহাসচিব। তিনি বলেন, আমরা জলবায়ু সঙ্কট মোকাবিলা এবং টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে সবসময়ই বাংলাদেশের পাশে আছি।

বহুপাক্ষিকতাবাদ, আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা, শান্তির সংস্কৃতি এজেন্ডা, এবং মানবিকতার ক্ষেত্রে বাংলাদেশের অসামান্য অবদানের কথা উল্লেখ করে বক্তব্য দেন জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি ভলকান বজকির। বাস্তুচ্যুত রোহিঙ্গাদের আশ্রয় দানের জন্য তিনি বাংলাদেশের উদারতার প্রশংসা করেন। এছাড়া এসডিজি অর্জনে বাংলাদেশের সাফল্যের কথাও উল্লেখ করেন সাধারণ পরিষদ সভাপতি। এসডিজি অর্জনের ক্ষেত্রে বাংলাদেশের 'সমগ্র-সমাজ দৃষ্টিভঙ্গি' এবং 'পুনবায় আগের চেয়েও ভালো অবস্থায় ফিরে যাওয়ার' লক্ষ্য নিয়ে কোভিড-১৯ পুনরুদ্ধার কর্মসূচি বাস্তবায়নে বাংলাদেশের পদক্ষেপের প্রশংসা করেন ভলকান বজকির।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জাতিসংঘে নিযুক্ত মরক্কো, আয়ারল্যান্ড, বারবাডোস, ব্রুনেই দারুসসালাম, ওমান, সিয়েরা লিওন, জাপান, ভারত ও সৌদি আরবের স্থায়ী প্রতিনিধিবৃন্দ। বক্তব্য রাখেন জাতিসংঘের ডেপুটি সেক্রেটারি জেনারেল, ইউনিসেফের নির্বাহী পরিচালক এবং ইউএনডিপির প্রশাসক। বক্তাগণ বিগত পাঁচ দশকে বাংলাদেশের অভূতপূর্ব আর্থ-সামাজিক উন্নয়নের জন্য এর জনগণ এবং নেতৃত্বকে আন্তরিক ধন্যবাদ জানান। নারীর ক্ষমতায়ন, শান্তিরক্ষা, জলবায়ু পরিবর্তন, মানবিকতা প্রদর্শনসহ সমসাময়িক আন্তর্জাতিক ইস্যুগুলোতে বাংলাদেশের নেতৃত্ব ও অবদানের প্রশংসা করেন বক্তাগণ। এর আগে সকালে জাতিসংঘ বাংলাদেশ স্থায়ী মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে জাতীয় পতাকা উত্তোলন এবং জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে সুবর্ণ জয়ন্তী উদযাপনের আনুষ্ঠানিকতা শুরু হয়। সকালের পর্বে মহান মুক্তিযুদ্ধের শহীদদের পবিত্র আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজান করা হয়। এরপর দিবসটি উপলক্ষে প্রদত্ত রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করা হয়। এছাড়া স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে দেয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেজের ভিডিও বার্তাও পরিবেশন করা হয় সকালের পর্বে। কর্মকর্তা-কর্মচারিদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় উন্মুক্ত আলোচনা পর্ব। সকালের অনুষ্ঠানের সভাপতিত্ব করেন রাষ্ট্রদূত রাবাব ফাতিমা।

# টাইম ইনকাম ট্যাক্স সার্ভিসেস

ট্যাক্স সার্ভিসেস
নির্ভুল ট্যাক্স ফাইলিং
নূন্যতম ফি

আইআরএস অনুমোদিত
IRS e-file

**Our Services**

- Individual Tax / Business Tax
- Self-employed Tax Include Taxi Driver & Vendor
- Corporate Tax/partnership Tax
- Small Business/vendor License Application.

**Immigrations**

- Asylum/Citizenship application
- Petition for Relative/Affidavit of support
- Green Card / Work Authorization Renew
- Re-Entry Permit / travel Documents

*All Kinds of Immigration Services*

**Kaysar Rahman,** *Tax Practitioner*
37-50 74th St, 1st FL, Jackson Heights, NY 11372
Tel: 718-708-2456 Email: timetax2019@gmail.com



# YES, WE ARE GROWING. YES, WE ARE HIRING.

**Md. Suhel Rana, MBA**
**Partner**



Queens General Office
Cell: (646) 713-2656
Tel: (718) 286-1073
mrana@ft.newyorklife.com

Positions are:
1. Financial professionals
2. Financial Advisors
3. Fast Track Managers

To find out how you can bring your career to life, contact me today.

New York Life Insurance Company
95-25 Queens Blvd, 4th Floor
Rego Park, NY, 11374

NEW YORK LIFE

SMRU 1785313
EOE M/F/D/V/SO



# Mannan

**37-19 73 St. Jackson Heights**
**NY-11372**

**ফ্রেস মাংসের জন্য আমাদের কাছে আসুন।**

১০০%
হালাল উপায়ে জবাইকৃত।

**BEEF-GOAT-LAMB-SHEEP**

এর মাংসের জন্য
আপনার বিশ্বস্ত মান্নান।



# আপনি কি শারীরিক ও মানসিকভাবে কাজ করিতে অক্ষম!

তাহলে আপনিও পেতে পারেন ৫০০-২০০০ পর্যন্ত প্রতিমাসে সরকারী সাহায্য, এ ব্যাপারে **আপন ডিস্অ্যাবিলিটি ডি.বি.এ/আব্রাজো ডিস্অ্যাবিলিটি** আপনাকে সার্বিক সহায়তা প্রদান করবে।

- পরীক্ষা ছাড়াই আমেরিকান সিটিজেনশিপ (N-648 Waiver)
- সিটিজেনশিপ ফী ওয়েভার
- স্টেট ডিস্অ্যাবিলিটি (TANF)
- ফেডারেল ডিস্অ্যাবিলিটি (SSI. SSDI)
- ফুড স্ট্যাম্প, SNAP বেনিফিট / WE CARE / WIC / স্বল্প মেয়াদী ক্যাশ এসিসটেন্স
- ইমিগ্রেশন (গ্রিন কার্ড) স্বাস্থ্য পরীক্ষা

**যোগাযোগ**

**ফোনঃ 929-216-7015**

**আপন ডিস্অ্যাবিলিটি ডি.বি.এ / আব্রাজো ডিস্অ্যাবিলিটি**
১২৬৮ হোয়াইট প্লেইস রোড, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৭২

বাংলাদেশী ডাক্তার এবং আমেরিকান এটর্নীর সহায়তায় সম্পূর্ণভাবে ডিস্অ্যাবিলিটি কাগজপত্র তৈরী করা হয়।




# Digital One Travels

## ডিজিটাল ওয়ান ট্রাভেলস


২৫ বছর ধরে ডিজিটাল ওয়ান
একই ঠিকানায়
চেয়ে কমদামে এয়ার টিকিট
$ 595 ++
JFK-DHAKA-JFK
১০০% গ্যারান্টি
Please Call : 718-396-4890, 929-494-8505
২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন
72-30 Roosevelt Avenue
Jackson Heights, NY-11372
(corner of 73rd St & Roosevelt Avenue)




# স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও একজন জিয়াউর রহমান



ড. খন্দকার মারুফ হোসেন

২৬ মার্চ থেকে আমরা বছরব্যাপি বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন করছি। বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছরের শুভক্ষণে বিনম্র শ্রদ্ধার সাথে স্মরণ করছি- মহান স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তম, শহীদ বীর মুক্তিযোদ্ধা এবং নাম জানা অজানা লাখো শহীদকে। তদানীন্তন পূর্ব পাকিস্তানের বাঙালিরা আশা করেছিল ১৯৭১ সালের ৭ মার্চ আওয়ামী লীগ নেতা শেখ মুজিবুর রহমান রেসকোর্স ময়দানে তার ভাষণে স্বাধীনতার ঘোষণা দিবেন। অত্যন্ত দূঃখজনক হলেও সত্যি সেদিন তিনি তার ভাষণে স্বাধীনতা ঘোষণা করেননি। তার ভাষণে স্বায়ত্বশাসনের দাবি ও জনগণের প্রতিনিধির কাছে ক্ষমতা হস্তান্তরের কথা ছিল। অনেকে দাবি করেন, শেখ মুজিবুর রহমান ৭ মার্চই নাকি স্বাধীনতা ঘোষণা করেছেন। যদি সেদিন স্বাধীনতা ঘোষণা করেই থাকেন তবে ১৭ মার্চ থেকে ২৫ মার্চ জেনারেল ইয়াহিয়া খান ও জুলফিকার আলী ভুট্টোর সাথে আলোচনায় কিসের দর কষাকষি হয়েছিল। আমরা স্বাধীনতা দিবস হিসাবে ৭ মার্চ পালন না করে ২৬ মার্চে পালন করি কেন? বাস্তবতা হচ্ছে, তখনও আওয়ামী লীগ চাচ্ছিলো পাকিস্তানে একটি শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি এবং আওয়ামী লীগের কাছে ক্ষমতা হস্তান্তরের প্রক্রিয়া শুরু করা।

২৫ মার্চের ব্যর্থ আলোচনার পরে যখন ইয়াহিয়া খান পাকিস্তানে চলে গেলেন, তখনও অনেকে আশা করেছিল শেখ মুজিবুর রহমান স্বাধীনতা ঘোষণা করবেন। তাজউদ্দিন আহমেদ, সিরাজুল আলম খানসহ তৎকালিন অনেক নেতা-ই শেখ মুজিবুর রহমানকে স্বাধীনতা ঘোষণা করার অনুরোধ জানিয়েছিলেন। তখন চারপাশে শোনা যাচ্ছিল, পাকিস্তানি সেনাবাহিনীর অপারেশন সার্চলাইটের নামে নিরস্ত্র বাঙালির উপর হত্যাযজ্ঞের খবর। কিন্তু সেই পরিস্থিতিতেও স্বাধীনতা ঘোষণা না করে সকলকে হতাশায় রেখে শেখ মুজিবুর রহমান পাকিস্তানের সেনাবাহিনীর হাতে গ্রেফতার হন। তার এই গ্রেফতারের পরে আওয়ামী লীগ ও ছাত্র লীগের বেশিরভাগ নেতা সীমানা পাড়ি দিয়ে ভারতে পলায়ন করেন। তখন মুক্তিকামী বাঙালিদের মধ্যে চরম হতাশা সৃষ্টি হয়।

অপারেশন সার্চলাইটের পরে ২৫ মার্চ গভীর রাতে চট্টগ্রাম সেনানিবাসের অষ্টম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের তৎকালিন মেজর জিয়াউর রহমান মুক্তিকামী বাঙালি জাতির জন্য আশীর্বাদ হিসাবে আভির্ভূত হন। মেজর জিয়াউর রহমানই প্রথম ব্যক্তি যিনি পশ্চিম পাকিস্তানিদের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন। তিনি একটি ড্রামের উপর দাড়িয়ে ঘোষণা করেন,'We Revolt', আমরা পাকিস্তানি সেনাবাহিনীর বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করছি। তিনি অষ্টম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের তৎকালিন মেজর মীর শওকত আলী, ক্যাপ্টেন অলি আহমেদ, লেফটেনেন্ট শমসের মবিন চৌধুরীসহ বাঙালি সেনা অফিসার ও সৈন্যদের নিয়ে অষ্টম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের কমান্ডিং অফিসার পশ্চিম পাকিস্তানি কর্ণেল জানজুয়াকে গ্রেফতার করেন এবং নিজ হাতে তাকে পরাজিত করে বাংলাদেশে প্রথম মুক্তিযুদ্ধ শুরু করেন। মেজর জিয়াউর রহমানের নির্দেশে অস্ত্রাগার বাঙালি অফিসার ও স্যন্যদের জন্য খুলে দেয়া হয়। পরবর্তীতে মেজর জিয়াউর রহমানের নেতৃত্বে বাঙালি সেনা কর্মকর্তাগণ চট্টগ্রামের কালুরঘাট বেতার কেন্দ্র দখল করে স্বাধীনতা ঘোষণা করেন।

২৬ মার্চ কালুরঘাট বেতার কেন্দ্র দখল করে প্রথমে তিনি নিজ নামে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। তার এই ঘোষণা বেতারের মাধ্যমে সারা বাংলাদেশে ছড়িয়ে পড়ে। পরবর্তীতে রাজনৈতিক নেতৃবৃন্দের অনুরোধে তিনি শেখ মুজিবুর রহমানের পক্ষে ২৭ মার্চ আবারও স্বাধীনতা ঘোষণা করেন। ১৯৭২ সালে 'দৈনিক বাংলা' পত্রিকায় প্রকাশিত তৎকালিন কর্ণেল জিয়াউর রহমানের লেখা 'একটি জাতির জন্ম' শীর্ষক নিবন্ধে তিনি তার স্বাধীনতা ঘোষণার প্রেক্ষাপট তুলে ধরেন। ২৬ মার্চ সন্ধ্যা ৭ টা ৪৫ মিনিটে চট্টগ্রাম সমুদ্র বন্দরের ব হিংনোঙ্গরে থাকা একটি জাপানি জাহাজে মেজর জিয়ার স্বাধীনতা ঘোষণা রেকর্ড করা হয়। যা পরবর্তীতে রেডিও অস্ট্রেলিয়া কর্তৃক সংগৃহিত হয়





এবং সারা বিশ্বে তা শুনতে পায়। এছাড়া আগরতলা থেকে মনিটরকৃত এ ঘোষণা ইন্ডিয়া নিউজ এজেন্সির মাধ্যমে সারা বিশ্বে ছড়িয়ে পড়ে।

**বাংলাদেশের মহান স্বাধীনতা ঘোষণা সংক্রান্ত কিছু রেফারেন্স নিম্নে তুলে ধরা হলোঃ**

ভারতের সাবেক রাষ্ট্রপতি সঞ্জীব রেড্ডি ১৯৭৭ সালের ২৭ ডিসেম্বর রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে দিল্লিতে দেয়া এক রাষ্ট্রীয় ভোজ সভায় বলেছিলেন "Mr. President, your position is alreadz assured in the annals of the history of your country as a brave freedom fighter who was the first to declare the Independence of Bangladesh", অর্থ্যাৎ "জনাব রাষ্ট্রপতি, আপনার অবস্'ান ইতোমধ্যে দেশের ইতিহাসে বীর মুক্তিযোদ্ধা এবং বাংলাদেশের স্বাধীনতা ঘোষণাকারী হিসাবে প্রতিষ্ঠিত হয়েছেন"। যুক্তরাজ্য থেকে প্রকাশিত ২৯ মার্চ ১৯৭১ তারিখের দি গার্ডিয়ান পত্রিকায় "Curfew eased by army in East Pakistan" শীর্ষক নিবন্ধনে বলা হয় "The Indian news agency reported that "Free Bangla Radio" has claimed that a provisional Bangla Desh Government had been set up by Major Jia Khan, commander of the "army". He had appealed for diplomatic and for recognition and material aid." অর্থ্যাৎ "ভারতীয় বার্তা সংস্'া জানিয়েছে যে "স্বাধীন বাংলা বেতার" দাবি করেছে সেনাবাহিনীর কমান্ডার মেজর জিয়া খান একটি অস্থায়ী বাংলাদেশ সরকার প্রতিষ্ঠা করেছেন। তিনি কূটনৈতিক স্বীকৃতি এবং সার্বিক সহায়তার জন্য আবেদন করেছেন।" এখানে মেজর জিয়াউর রহমানকে 'মেজর জিয়া খান' হিসাবে সম্বোধন করা হয়েছে।

মেজর জেনারেল (অব.) কে এম শফিউল্লাহ বীরউত্তম তার "Bangladesh at War" শীর্ষক বইয়ের ৪৪-৪৫ পৃষ্ঠায় লিখেছেন "মেজর জিয়া ২৫ মার্চ রাত্রিতে পাকিস্তান সামরিক বাহিনীর বিরুদ্ধে সদলবলে বিদ্রোহ ঘোষণা করেন। পরে ২৬ মার্চ তিনি স্বাধীনতা ঘোষণা দিয়ে পাকিস্তান সামরিক বাহিনীর মোকাবেলার জন্য সবাইকে আহ্বান জানান"।

মেজর (অব.) রফিকুল ইসলাম বীরউত্তম তার 'একাত্তরের মুক্তিযুদ্ধ' শীর্ষক বইয়ের ৭৯ ও ৮০ পৃষ্ঠায় লিখেছেন, "এভাবে সন্ধ্যা ঘনিয়ে এল। সাড়ে সাত/আটটা বাজে। এমন সময় ইথারে ভেসে এলো মেজর জিয়ার জলদ গম্ভীর কণ্ঠ। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে মেজর জিয়া বাংলাদেশের স্বাধীনতার কথা বলছেন"। তাজউদ্দিন আহমেদের রাজনৈতিক সচিব হোসেন তরফদার তার 'মূলধারা ৭১' শীর্ষক বইয়ের ৫ পৃষ্ঠায় লিখেছেন "২৭ শে মার্চ সন্ধ্যায় ৮-ইবির বিদ্রোহী নেতা মেজর জিয়াউর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। মেজর জিয়া তার প্রথম বেতার বক্তৃতায় নিজেকে 'রাষ্ট্রপ্রধান' হিসাবে ঘোষণা করলেও পরদিন স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দের পরামর্শক্রমে তিনি শেখ মুজিবের নির্দেশে মুক্তিযুদ্ধে অবতীর্ণ হওয়ার কথা প্রকাশ করেন"।

কলম্বিয়া ইউনির্ভাসিটি নিউজ লেটারে প্রকাশিত ভারতের তৎকালিন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী নিউইয়র্কের কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশ্যে ১৯৭১ সালের ৬ নভেম্বর প্রদত্ত বক্তব্যের একাংশে বলেছিলেন "The cry of Independence arose after Sheikh Mujib was arrested and not before. He himself, so far as I know, has not asked for Independence even now" অর্থ্যাৎ "শেখ মুজিবকে গ্রেফতার করার পরই স্বাধীনতার দামামা শুরু হয়েছিল, তার আগে নয়। তিনি নিজেও, যতদূর আমি জানি, এখনও স্বাধীনতার দাবি করেন নি"।

ড. ওয়াজেদ মিয়া ২০০২ সালের ১৩ মার্চ তারিখে 'দি নিউ নেশন' পত্রিকায় প্রদত্ত সাক্ষাৎকারে বলেছিলেন "Bangabondhu neither declared independence or handed over any written document to anybodz" অর্থ্যাৎ "বঙ্গবন্ধু স্বাধীনতা ঘোষণাও করেননি বা কারও হাতে কোনও লিখিত দলিল হস্তান্তর করেন নি।"

বঙ্গবীর কাদের সিদ্দিকী বীরউত্তম তার 'স্বাধীনতা-৭১' শীর্ষক বইয়ের ৪১৮ পৃষ্ঠায়

এরপর ৩৩ পৃষ্ঠায়




# স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও একজন জিয়াউর রহমান

৩২ পৃষ্ঠার পর

লিখেছেন "তার ঘোষণার শুরুটা ছিল এই রকম 'আমি মেজর জিয়াউর রহমান বাংলাদেশের প্রেসিডেন্ট হিসাবে স্বাধীনতা ঘোষণা করছি এবং যুদ্ধে অংশগ্রহণের আহ্বান জানাচ্ছি"। মেজর জেনারেল (অব.) সুবিদ আলী ভূইয়া ১৯৭২ সালে প্রকাশিত তার 'মুক্তিযুদ্ধের নয় মাস' শীর্ষক বইয়ের ৫৩ পৃষ্ঠায় লিখেছেন "বেতার কেন্দ্র থেকে যারা মেজর জিয়ার ভাষণ শুনেছিলেন তাদের নিশ্চয় মনে আছে, মেজর জিয়া তার প্রথম দিনের ভাষণে নিজেকে 'হেড অফ দি স্টেট' অর্থ্যাৎ রাষ্ট্রপ্রধান রূপেই ঘোষণা করেছিলেন।"



ভাষাসৈনিক অলি আহাদ তার 'জাতীয় রাজনীতি ১৯৪৭-৭৫' শীর্ষক বইয়ে লিখেছেন "রেডিও সেটে ২৭ শে মার্চ চট্টগ্রাম বেতার কেন্দ্র হইতে 'স্বাধীন বাংলা রেডিও'র ঘোষণা শুনিতে পাই। এই স্বাধীন বাংলা বেতার কেন্দ্র হইতে মেজর জিয়াউর রহমানের কণ্ঠস্বরে স্বাধীন বাংলার ডাক ধ্বনিত হইয়াছিল। এই ডাকের মধ্যে সেই দিন দিশেহারা, হতভম্ব ও মুক্তিপ্রাণ বাঙালী জনতা শুনিতে পায় এক অভয়বাণী, আত্মমর্যাদা রক্ষার সংগ্রামে ঝাপাইয়া পড়িবার আহ্বান, স্বাধীনতা ও সার্বভৌমত্বের লড়াইয়ের সংবাদ"।



ভারতের সাংবাদিক জ্যোতি সেনগুপ্ত তার 'হিস্টরি অফ ফ্রিডম মুভমেন্ট অফ বাংলাদেশ' শীর্ষক বইয়ে লিখেছেন "মেজর জিয়া ও তার বাহিনী ২৬ মার্চ ভোর রাতে বিদ্রোহ ঘোষণা করেন এবং ওইদিন সন্ধ্যায় বেতারের মাধ্যমে সর্বপ্রথম নিজের নামে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা দেন"।



বিখ্যাত লেখক ও কথা সাহিত্যিক হুমায়ুন আহমেদ তার মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস 'জোছনা ও জননীর গল্প' শীর্ষক বইয়ে লিখেছিলেন "২৭শে মার্চ শনিবার রাত আটটায় রেডিওর নব ঘুরাতে ঘুরাতে এই দেশের বেশ কিছু মানুষ অদ্ভুত একটা ঘোষণা শুনতে পায় মেজর জিয়া নামের কেউ একজন নিজেকে রাষ্ট্রপ্রধান ঘোষণা দিয়ে বলেন-'আমি বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করছি' বলে তিনি সর্বাত্মক যুদ্ধের ডাক দেন। দেশের মানুষের ভিতর দিয়ে তীব্র ভোল্টেজের বিদ্যুতের শক প্রবাহিত হয়।"

এছাড়া এয়ার ভাইস মার্শাল (অব.) একে খন্দকার বীর উত্তমসহ বিশিষ্ট ব্যক্তিদের বইয়েও পরিস্কারভাবে ফুটে উঠেছে কেবলমাত্র জিয়াউর রহমানই বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেছেন। যেখানে শেখ মুজিবুর রহমানসহ আওয়ামী লীগ নেতারা ব্যর্থ হয়েছিলেন, সেখানে মেজর জিয়াউর রহমান স্বাধীনতা ঘোষণা দিয়ে মুক্তিযুদ্ধ শুরু করেন। ১৭ এপ্রিল মুজিবনগর সরকারের শপথের সময় ২৬ মার্চ স্বাধীনতা দিবস হিসাবে ঘোষণা দিয়ে মেজর জিয়াউর রহমানকে স্বীকৃতি দান করেন।

মেজর জিয়াউর রহমান শুধু স্বাধীনতা ঘোষণা দিয়ে ক্ষান্ত হননি, তিনি সরাসরি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। মেজর জিয়াউর রহমান প্রথমে ১ নম্বর ও পরবর্তীতে ১১ নম্বর সেক্টর কমান্ডার ছিলেন। তার নামের প্রথম অক্ষর দিয়ে গঠিত 'জেড ফোর্স' এর অধিনায়ক হিসাবে মহান মুক্তিযুদ্ধে অসামান্য অবদান রাখেন। জিয়াউর রহমানের নেতৃত্বে সিলেট হানাদার মুক্ত হয়। ১৬ ডিসেম্বরে বিজয়ের পরে জিয়াউর রহমানের মহান মুক্তিযুদ্ধে বীরত্বচিত অবদানের জন্য তৎকালিন সরকার তাকে বীর উত্তম উপাধিতে ভূষিত করে। ১৯৭৫ এর পট পরিবর্তনের পর ৩ থেকে ৬ নভেম্বর পর্যন্ত কয়েকটি সামরিক অভ্যুত্থান ও পাল্টা অভ্যুত্থানের পরে ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ ক্ষমতা দখল করে সামরিক শাসন জারি করেন। তৎকালিন সেনাবাহিনীর প্রধান মেজর জেনারেল জিয়াউর রহমানকে গৃহবন্দি করা হয়। ৩ থেকে ৭ নভেম্বর দৃশ্যতো বাংলাদেশে কোনো সরকার ছিল না। বাংলাদেশের জনগণ হয়ে পড়ে দিশেহারা। ঠিক সে সময়ে সিপাহী-জনতা বিপ্লব ঘটিয়ে মেজর জেনারেল জিয়াউর রহমানকে বন্দিদশা থেকে মুক্ত করে রাষ্ট্র ক্ষমতায় অধিষ্ঠিত করে। জিয়াউর রহমান বাংলাদেশে সামরিক আইন জারি বা ক্ষমতা দখল করেন নি। ১৯৭৮ সালে সরাসরি নির্বাচনের মাধ্যমে জিয়াউর রহমানই বাংলাদেশের প্রথম নির্বাচিত রাষ্ট্রপতি। তিনি রাষ্ট্র ক্ষমতায় এসে ৭২-৭৫ এর দুঃশাসনের কালিমা থেকে দেশকে উত্তরণ করেন। আওয়ামী লীগ সরকার ১৯৭৫ সালের ২৫ জানুয়ারী লাখো শহীদের রক্তে কেনা মহান স্বাধীনতার প্রধান চেতনা গণতন্ত্রকে গলা টিপে হত্যা করে বাকশাল প্রতিষ্ঠার মাধ্যমে সকল রাজনৈতিক দল নিষিদ্ধ ঘোষণা করে। মাত্র চারটি পত্রিকা রেখে সকল পত্রিকা বন্ধ করে বাকস্বাধীনতা হরণ করা হয়। আওয়ামী লীগের ব্যর্থতা ও অব্যবস্থার কারণে বাংলাদেশকে তলাবিহীন ঝুড়ির অপবাদ শুনতে হয়। জোরপূর্বক বাঙালি জাতীয়তাবাদ চাপিয়ে দেয়ার ব্যর্থ চেষ্টা করা হয় ৭২-৭৫ এ। সিপাহী-জনতার বিপ্লবের মাধ্যমে ক্ষমতায় এসে রাষ্ট্রপতি জিয়াউর রহমান বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি প্রতিষ্ঠার মাধ্যমে বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তন করেন এবং আওয়ামী লীগসহ সকল রাজনৈতিক দলকে রাজনীতি করার সুযোগ করে দেন। তিনিই সংবাদপত্রের স্বাধীনতা ফিরিয়ে দেন। জিয়াউর রহমান বাঙালি জাতীয়তাবাদের পরিবর্তে সকলের কাছে গ্রহণযোগ্য বাংলাদেশী জাতীয়তাবাদ প্রতিষ্ঠা করেন। ৯০ ভাগ মুসলমানের দেশে '৭২ এর সংবিধানে 'বিসমিল্লাহির রাহমানির রাহিম' ছিল না। রাষ্ট্রপতি জিয়াউর রহমান রাষ্ট্র ক্ষমতায় এসে আমাদের সংবিধানে 'বিসমিল্লাহির রাহমানির রাহিম' সন্নিবেশিত করেন। ধর্ম নিরপেক্ষতার স্থানে মহান আল্লাহর উপর আস্থা ও বিশ্বাস এবং সকল ধর্মের সমান অধিকার প্রবর্তন করেন। তলাবিহীন ঝুড়ির অপবাদ থেকে বাংলাদেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ রাষ্ট্রে পরিণত করেন। তিনি নারী উন্নয়নের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় প্রতিষ্ঠা করেন। মুক্তিযোদ্ধা ও মহান স্বাধীনতার প্রতি শ্রদ্ধা জানিয়ে বাংলাদেশে 'স্বাধীনতা পদক' প্রবর্তন করেন। শিশুদের মেধা বিকাশের জন্য শিশু পার্ক, শিশু একাডেমি, নতুন কুড়ি প্রতিযোগিতাসহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ করেন। ১৯ দফা কর্মসূচি প্রবর্তন ও বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে স্বনির্ভর রাষ্ট্রে রূপান্তর করেন। আধুনিক বাংলাদেশের রূপকার তিনিই। ১৯৭৯ সালের জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি সংখ্যাগরিষ্ঠ আসন লাভ করে। দেশ যখন প্রেসিডেন্ট জিয়ার নেতৃত্বে উন্নতির শিখরে যাচ্ছে, ঠিক তখনি জিয়াউর রহমানকে দেশি বিদেশী চক্রান্তে শাহাদাত বরণ করতে হয়।

শহীদ জিয়াউর রহমানের সুযোগ্য উত্তরসূরি দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে শহীদ জিয়ার আদর্শ ও দর্শনকে বুকে ধারণ করে বিএনপির নেতাকর্মীবৃন্দ দলকে সুসংগঠিত করেছে। স্বৈরাচার এরশাদ বিরোধী আন্দোলনে বিএনপি সফল হয়েছে। ১৯৯১ ও ২০০১ সালে বেগম খালেদা জিয়ার নেতৃত্বে বিএনপি রাষ্ট্র ক্ষমতায় এসে দেশে ব্যাপক উন্নয়ন সাধিত করেছে। সময়ের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে শহীদ জিয়ার গড়া দল বিএনপি। যতবার অবাধ, সুষ্ঠুও নিরপেক্ষ নির্বাচন হয়েছে, ততবারই বিএনপি জনগণের ভোটে রাষ্ট্র ক্ষমতায় এসেছে। কিন্তু দেশি বিদেশী চক্রান্তে এক এগারোর সৃষ্টি হয়, যেখানে বেগম খালেদা জিয়া, তারেক রহমানসহ বিএনপির সিনিয়র নেতৃবৃন্দ মিথ্যা মামলায় গ্রেফতার হয়ে কারাবরণ করেন। ২০০৮, ২০১৪ ও ২০১৮ সালের ষড়যন্ত্রের নির্বাচনের মাধ্যমে শহীদ জিয়ার আদর্শে গড়া বিএনপিকে ক্ষমতার বাইরে রাখা হয়েছে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর এই বছরে মুক্তিযুদ্ধের মূল আকাঙ্খা গণতন্ত্র বাংলাদেশে সম্পূর্ণ অনুপস্থিত। সর্বশেষ ২০১৮ সালের নির্বাচনে ৩০ তারিখের নির্বাচন ২৯ তারিখ রাতে ভোটডাকাতির মাধ্যমে আওয়ামী লীগ গণতন্ত্রকে পূনরায় হত্যা করেছে। দেশ আজ স্বৈরাচারী, ফ্যাসিস্ট ও নব্য বাকশালিদের দখলে। আইনের শাসন, বিচার বিভাগের স্বাধীনতা ও মানবাধিকার আজ শূন্যের কোঠায়। জাতীয় থেকে স্থানীয় সরকার নির্বাচনে জনগণ তার ভোটাধিকার প্রয়োগ থেকে বঞ্চিত। দেশ আজ দুর্নীতি, দু:শাসন, অপশাসন, গুম-খুন, অপহরণ ও মাদকের অভয়ারণ্যে পরিণত হয়েছে। বর্তমান করোনাকালিন সময়ে স্বাস্থ্যখাতসহ বিভিন্ন সেক্টরে যে অরাজকতা হয়েছে তা নজিরবিহীন। বিরোধী মতের মুখ বন্ধ করতে বেগম খালেদা জিয়া, তারেক রহমান, সিনিয়র নেতৃবৃন্দসহ হাজার হাজার বিএনপির নেতাকর্মী মিথ্যা ও বানোয়াট মামলায় জর্জরিত। সরকার বেগম খালেদা জিয়াকে দু'বছর মিথ্যা মামলায় কারাগারে রেখে, এখন গৃহবন্দি করে রেখেছে। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এই সরকারের প্রতিহিংসার কারণে দেশের বাইরে অবস্থান করছে। সরকার এতটাই প্রতিহিংসাপরায়ণ হয়ে পড়েছে যে, স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের বীর উত্তম খেতাব কেড়ে নিতে চাচ্ছে। দেশে বর্তমান পরিস্থিতিতে শহীদ জিয়ার আদর্শকে বুকে ধারণ করে মুক্তিযুদ্ধের আকাঙ্খাকে বাস্তবায়নের লক্ষ্যে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। বেগম খালেদা জিয়ার পূর্ণাঙ্গ মুক্তি ও তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনার পরিস্থিতি জনগণকে সাথে নিয়ে বিএনপিকেই সৃষ্টি করতে হবে। দেশে গণতন্ত্র, আইনের শাসন ও ভোটের অধিকার ফিরিয়ে আনতে হলে বর্তমান ফ্যাসিস্ট, বাকশালি, স্বৈরাচারি ও মাফিয়া সরকারের হাত থেকে দেশকে মুক্ত করতে হবে। তবেই স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর লক্ষ্য পূরণ হবে এবং দেশ গণতন্ত্রের পথে ফিরে আসবে।

**লেখক : ড. খন্দকার মারুফ হোসেন, সদস্য, জাতীয় নির্বাহী কমিটি বিএনপি ও অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। মোবা: ০১৭৩৭২২৯৯৭৭**
**বার্তা প্রেরক: শাহ আক্তারুজ্জামান, প্রেস সচিব।**
**মোবা: ০১৮১৯২৪৫০৯৯**
**তারিখ: ২৭/০৩/২০২১ খ্রি.**

## বাংলাদেশ ব্যাংকে আবারও সাইবার হামলা

১ পৃষ্ঠার পর

এসেছে। 'হাফনাম' নামের আন্তর্জাতিক হ্যাকার গ্রুপ মাইক্রোসফট সার্ভারের মাধ্যমে এ হামলা চালিয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, এ হামলার ফলে বাংলাদেশ ব্যাংক, টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থা বিটিআরসি, স্ট্যান্ডার্ড ব্যাংকসহ অনেক প্রতিষ্ঠানের তথ্য ঝুঁকিতে পড়েছে। এ হামলায় অনেক প্রতিষ্ঠানের গোপনীয় তথ্য ঝুঁকিতে পড়েছে। হামলার বিষয়টি জানিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে দপ্তরগুলোকে চিঠি দিয়েছে কম্পিউটার কেন্দ্রিক অপরাধ তদন্ত সংস্থা বিডি সার্ট।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) পরিচালক (সিএ অপারেশন ও নিরাপত্তা) ও (ডাটা সেন্টার) তারেক এম বরকতউল্লাহ গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন।

সাইবার হামলায় হ্যাকাররা প্রতিষ্ঠানগুলির কি পরিমাণ তথ্য হাতিয়ে নিয়েছে তা অনুসন্ধান চলছে। যুক্তরাষ্ট্রসহ বেশকিছু দেশ এদের আক্রমণের ঝুঁকিতে রয়েছে। বিশ্বব্যাপী হাজারো প্রতিষ্ঠান হাফনামের হামলার শিকার হয়েছে।

## যুক্তরাষ্ট্রে আবারও করোনা সংক্রমণ বাড়ায় উৎকণ্ঠা

১ পৃষ্ঠার পর

সংক্রমিত হতে দেখা গেছে। সেন্টার ফর ডিজিজ কন্ট্রোলের (সিডিসি) তথ্য অনুযায়ী, গত সাত দিনের গড় সংক্রমণ আগের সাত দিনের চেয়ে ১০ হাজার বেশি। জানুয়ারি মাসে তৃতীয় দফা সংক্রমণ বৃদ্ধির চেয়ে এই সংখ্যা কম। কিন্তু নতুন করে সংক্রমণ বৃদ্ধি নিয়ে উৎকণ্ঠা কাজ করছে।



